


পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র



**Microfinance Program
Compliance & Risk Management
Guideline**

(কমপ্লাইয়েন্স এবং ঝুঁকি ব্যবস্থাপনা নির্দেশিকা)

প্রথম সংস্করণ- এপ্রিল ২০১৮

”ঋণ দিলে নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণ আদায় করতে বাধ্য, এবং ঋণ নিলে নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণ পরিশোধ করতে বাধ্য”

”সদস্যকে ভালভাবে জেনে, বুঝে, সঠিকভাবে মূল্যায়ন করে, যথাযথ প্রক্রিয়ায় অনুমোদন নিয়ে, এবং সকল ডকুমেন্টস্ সংরক্ষণ করে ঋণ বিতরণ করবো”

Microfinance Program Compliance & Risk Management Table of Contents

Part: A- Compliance Management.

ক্রম নং	কার্যক্রমের শিরোনাম সমূহ	পৃষ্ঠা নং	
		থেকে	পর্যন্ত
১	ভূমিকা	৫	৫
২	উদ্দেশ্য	৫	৬
৩	Compliance অনুসরণ ও প্রতিপালন করলে যা অর্জিত হবে	৬	৭
৪	কর্ম এলাকা নির্বাচন সংক্রান্ত	৭	৭
৫	সমিতি কর্তৃক পালনীয় নিয়ম-শৃঙ্খলা	৭	৮
৬	সদস্যপদ বাতিল সংক্রান্ত	৮	৯
৭	Compliance issues এর আওতায় কি করা যাবে এবং কি করা যাবে না		
৭.১	সমিতি ব্যবস্থাপনার ক্ষেত্রে	৯	১০
৭.২	সমিতির সদস্য হওয়ার ক্ষেত্রে শর্ত সমূহ	১১	১২
৭.৩	ঋণ প্রার্থীর যোগ্যতার ক্ষেত্রে শর্ত সমূহ	১২	১৫
৭.৪	ঋণীর স্বার্থ সংরক্ষণ/Clients protection এর ক্ষেত্রে	১৫	১৭
৭.৫	সমিতি কার্যক্রম ও আদায় বিবরণী ব্যবস্থাপনার ক্ষেত্রে	১৮	২০
৭.৬	দৈনিক আদায়যোগ্য ও আদায় রেজিস্টার (DCR) ব্যবস্থাপনার ক্ষেত্রে	২০	২৩
৭.৭	তারল্য (হাতে নগদ ও ব্যাংক হিসাব) ব্যবস্থাপনার ক্ষেত্রে	২৩	২৬
৭.৮	সঞ্চয় ব্যবস্থাপনার ক্ষেত্রে		
৭.৮.১	নিয়মিত সঞ্চয় (RSP-Week) সাপ্তাহিক জমার ক্ষেত্রে	২৬	২৯
৭.৮.২	নিয়মিত সঞ্চয়-(RSP-Month) মাসিক জমার ক্ষেত্রে	২৯	৩১
৭.৮.৩	স্বেচ্ছা সঞ্চয়-(VSP) জমার ক্ষেত্রে	৩১	৩২
৭.৯	স্বেচ্ছা বিনিয়োগ- (VIP) কর্মসূচীর ক্ষেত্রে	৩২	৩৫
৭.১০	সদস্য কল্যাণ তহবিল ব্যবস্থাপনা ক্ষেত্রে	৩৬	৪০
৭.১১	ঋণ কার্যক্রম ব্যবস্থাপনার ক্ষেত্রে		
৭.১১.১	সাধারণ ঋণের ক্ষেত্রে	৪০	৪১
৭.১১.২	অগ্রসর ঋণের ক্ষেত্রে	৪১	৪৩
৭.১১.৩	ঋণ অনুমোদন পরিসীমা প্রথম দফায় বিতরণের ক্ষেত্রে	৪৪	৪৪
৭.১১.৪	একাধিক দফায় সিলিং বৃদ্ধি করে অনুমোদন পরিসীমা	৪৪	৪৪
৭.১১.৫	ঋণ আদায় এর ক্ষেত্রে	৪৫	৪৫

ক্রম নং	কার্যক্রমের শিরোনাম সমূহ	পৃষ্ঠা নং	
		থেকে	পর্যন্ত
৭.১১.৬	বকেয়া ব্যবস্থাপনার ক্ষেত্রে	৪৫	৪৮
৭.১২	হিসাব ব্যবস্থাপনার ক্ষেত্রে	৪৮	৫০
৭.১৩	অফিস ব্যবস্থাপনার ক্ষেত্রে	৫০	৫১
৭.১৪	কর্মী ব্যবস্থাপনা/Staff protection এর ক্ষেত্রে	৫১	৫২
৭.১৫	সম্পদ ও দায় ব্যবস্থাপনার ক্ষেত্রে	৫২	৫৩
৭.১৬	মূলধন ব্যবস্থাপনার ক্ষেত্রে	৫৩	৫৬
৭.১৭	ব্যালেন্সিং ব্যবস্থাপনার ক্ষেত্রে	৫৬	৫৬
৭.১৮	আর্থিক অনিয়ম ব্যবস্থাপনার ক্ষেত্রে	৫৭	৫৭
৭.১৯	নিরীক্ষা ব্যবস্থাপনার ক্ষেত্রে	৫৮	৫৮
৭.২০	MRA প্রদত্ত বিধিমালার ক্ষেত্রে	৫৮	৬১
৭.২১	কর্মী ও কর্মকর্তাদের আচারণ সংক্রান্ত করণীয় ও বর্জনীয়	৬১	৬৩

Part: B-Risk Management

ক্রম নং	কার্যক্রমের শিরোনাম সমূহ	পৃষ্ঠা নং	
		থেকে	পর্যন্ত
৮	ভূমিকা	৬৪	৬৪
৯	উদ্দেশ্য	৬৪	৬৫
১০	ঝুঁকি ব্যবস্থাপনা কার্যকর করার ফলে ফলে যা অর্জিত হবে	৬৫	৬৬
১১	ঝুঁকি ব্যবস্থাপনা কি	৬৬	৬৬
১২	মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠান প্রধানত যে সমস্ত ঝুঁকির কবলে পড়ে	৬৬	৬৬
১৩	ঝুঁকি ব্যবস্থাপনার গুরুত	৬৭	৬৭
১৪	ঝুঁকি ব্যবস্থাপনাকে শক্তিশালী করার ক্ষেত্রে Top Management এর Role	৬৭	৬৭
১৫	মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানের Risk appetite	৬৭	৬৭
১৬	প্রধান ঝুঁকি কর্মকর্তার ভূমিকা	৬৭	৬৮
১৭	ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া	৬৮	৬৯
১৮	মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের Operational risk Management	৬৯	৬৯
১৯	পরিচালনাগত ঝুঁকি কমানোর ক্ষেত্রে করণীয় সমূহ	৬৯	৭০
২০	মনিটরিং এবং কন্ট্রোল পরিমাপ	৭০	৭০
২১	অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা	৭১	৭১

ক্রম নং	কার্যক্রমের শিরোনাম সমূহ	পৃষ্ঠা নং	
		থেকে	পর্যন্ত
২২	মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানের আওতায় ব্রাঞ্চ পর্যায়ে অপারেশনাল Risk সমূহ		
২২.১	ব্রাঞ্চ / সমিতির কর্ম এলাকা নির্ধারণ সংক্রান্ত ঝুঁকি	৭২	৭২
২২.২	সমিতি ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি	৭২	৭৩
২২.৩	সঞ্চয় ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি	৭৩	৭৩
২২.৪	ঋণ বিতরণ সংক্রান্ত ঝুঁকি	৭৩	৭৩
২২.৫	ঋণ আদায় সংক্রান্ত ঝুঁকি	৭৪	৭৪
২২.৬	বকেয়া ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি	৭৪	৭৫
২২.৭	তহবিল ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি	৭৫	৭৬
২২.৮	সম্পদ ও দায় ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি	৭৬	৭৬
২২.৯	কর্মী ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি	৭৬	৭৭
২২.১০	স্টাফ প্রডাক্টিভিটি সংক্রান্ত ঝুঁকি	৭৭	৭৭
২২.১১	আয়-ব্যয় এবং লাভজনকতা সংক্রান্ত ঝুঁকি	৭৭	৭৮
২২.১২	রিপোর্টিং সংক্রান্ত ঝুঁকি সমূহ	৭৮	৭৯
২২.১৩	মনিটরিং ও সুপারভিশন সংক্রান্ত ঝুঁকি	৭৯	৮০
২২.১৪	অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি	৮০	৮১
২২.১৫	মানব সম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি	৮১	৮২
২২.১৬	আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি	৮২	৮৩
২২.১৭	নিরীক্ষা কার্যক্রম সংক্রান্ত ঝুঁকি	৮৩	৮৪
২২.১৮	অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি	৮৪	৮৫
২২.১৯	পরিচালনাগত ঝুঁকি হ্রাস করার ক্ষেত্রে করণীয় সমূহ	৮৫	৯০
২৩	ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় প্রধান প্রধান মনিটরিং ইস্যু সমূহ	৯০	৯১
২৪	উপসংহার	৯১	৯১

Compliance & Risk Management

কমপ্লাইয়েন্স এবং ঝুঁকি ব্যবস্থাপনা

Part: A- Compliance Management.

১। ভূমিকা:

মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের আওতায় মূল কার্যক্রম হচ্ছে সঞ্চয় ও ঋণ কার্যক্রম। সঞ্চয় ও ঋণ কার্যক্রম একটি আর্থিক কার্যক্রম। যে কোন আর্থিক কার্যক্রমের ক্ষেত্রে ঝুঁকি বিদ্যমান থাকে। আর্থিক কার্যক্রম পরিচালনায় জন্য ব্যবস্থাপনা স্তর বিন্যাস করে ব্রাঞ্চার মাধ্যমে কার্যক্রম সমিতি ভিত্তিক পরিচালিত হয়ে আসছে। সমিতি পরিচালনায় দায়িত্বে থাকে সিএম/বিও-লোন। সিএম/বিও-লোন একদিকে যেমন স্বল্প শিক্ষিত, অন্য দিকে তাদের পর্যাপ্ত প্রশিক্ষণের অভাবে আর্থিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে যথেষ্ট দক্ষতা থাকে না। সুতরাং ঋণ কার্যক্রমের মত ঝুঁকিপূর্ণ কার্যক্রম পরিচালনায় অধিক ঝুঁকিপূর্ণ স্টাফ দ্বারা পরিচালনার জন্য সঞ্চয় ও ঋণ কার্যক্রমের নীতিমালা/নির্দেশিকা থাকা আবশ্যিক। অন্যদিকে মাইক্রোফাইন্যান্স কার্যক্রম রেগুলেট করে MRA। MRA এর প্রদত্ত বিধিমালা ২০১০ এর আলোকে কিছু আবশ্যিকীয় প্রতিপালনীয় ইস্যু রয়েছে। সার্বিক বিবেচনায় সংস্থার প্রচলিত নীতিমালা/নির্দেশিকা এবং MRA এর প্রদত্ত বিধিমালার আলোকে সঞ্চয় ও ঋণ কার্যক্রমের ঝুঁকি হ্রাস করার ক্ষেত্রে Compliance & Risk management নির্দেশিকা থাকা অতিব জরুরী। ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় মনিটরিং এবং অপারেশন ব্যবস্থাপনার আওতায় সুপারভিশন করার জন্য Compliance & Risk management প্রণয়ন করার আবশ্যিকতা অনুভূত হয়েছে। সঞ্চয় ও ঋণ কার্যক্রমের ক্ষেত্রে প্রধান প্রধান Compliance & Risk management এর আলোকে Part: A এবং Part: B দুইটি ভাগে বিভাজন করা হয়েছে। Part: A তে Compliance management এবং Part: B তে Risk management উপস্থাপন করা হয়েছে। গত জানুয়ারী ২৮-২৯ তারিখে সংস্থার অর্ধবার্ষিকী কর্মশালায় Compliance & Risk management এর উপরে Key Note Paper Presentation হয়েছে এবং গ্রুপ ওয়ার্ক এর মাধ্যমে Validate করা হয়েছে। সুতরাং Compliance & Risk management নির্দেশিকাটি সর্বসম্মতিক্রমে গৃহীত এবং বাস্তবায়ন করা আবশ্যিক হবে।

২। উদ্দেশ্য:

সঞ্চয় ও ঋণ কার্যক্রমের ক্ষেত্রে Compliance & Risk management নির্দেশিকা থাকা অতিব জরুরী। সঠিক ভাবে Compliance management থাকলে ঋণ কার্যক্রমের গুণগতমান, ঋণ কার্যক্রমের গতি প্রকৃতি, এবং যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে সঞ্চয় ও ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে কি না তা সহজে মনিটরিং করা সম্ভব হবে। কর্মী ও কর্মকর্তাদের দায়-বদ্ধতা এবং জবাবদিহিতা নিশ্চিত হবে। কার্যক্রম বাস্তবায়নে অনিয়ম হ্রাস পাবে এবং স্টাফ ঝুঁকি হ্রাস পাবে, স্টাফ প্রডাক্টিভিটি বৃদ্ধি পাবে। কর্মী ও কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির ফলে ব্যবস্থাপকীয় অনিয়ম বা দুর্বলতা হ্রাস পাবে। Compliance management এর উদ্দেশ্য সমূহ নিম্নে বর্ণিত হলো;

১. সকল স্তর থেকে সঞ্চয় ও ঋণ কার্যক্রম নিয়ম মারফিক ও নীতিমালা অনুসরণ করে পরিচালিত হচ্ছে কি না তা সহজে মনিটরিং করা যাবে। কর্মী ও কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য সুনির্দিষ্ট হবে। কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা যাবে, এবং কার্যক্রমের ফলাফল এবং গুণগত মানের ইতিবাচক পরিবর্তন হবে।
২. Compliance management এর আলোকে কোন কোন ক্ষেত্রে Non-Compliance করা হচ্ছে তা Operation division, Internal Audit division এবং মনিটরিং বিভাগ থেকে সহজে মানটরিং, নিরীক্ষা এবং সুপারভিশন করা যাবে।

৩. Compliance managementএর আলোকে Non-Compliance ইস্যু চিহ্নিত করা যাবে। Non-Compliance ইস্যুর ফলে কার্যক্রমের ক্ষেত্রে কি ধরণের ঝুঁকি সৃষ্টি হচ্ছে এবং সৃষ্ট ঝুঁকি বা সম্ভাব্য ঝুঁকির ফলে কি ধরণের ক্ষতিকর প্রভাব পড়ছে তা নিরূপন করা সহজ হবে।
৪. Compliance management থাকার ফলে Regulatory Authority, Funding agency, এবং দাতা সংস্থা সমূহের প্রদত্ত নিয়মকানুন এবং প্রতিপালনীয় বিষয় সমূহ সকল স্তর থেকে প্রতিপালন ও বাস্তবায়ন করা সহজ হবে।
৫. Compliance managementথাকার ফলে কার্যক্রমের Log frame base monitoring (Input,Process,output,objective level) এবং Result base monitoring (RBM)করা সহজ হবে।Non-Compliance ইস্যু চিহ্নিত করা সহজ হবে, এবং কর্মী ও কর্মকর্তাদের দ্বারা সৃষ্ট ঝুঁকি হ্রাস করা সহজ হবে।
৬. Compliance managementথাকার ফলে ঋণ কার্যক্রমের সাথে সরাসরি জড়িত সিএম, বিও-লোন,বিএম,এএম,জেডএম এবং প্রধান কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত উপ-ব্যবস্থাপকদের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কি করা যাবে আর কি করা যাবে না তা সহজে বোধগম্য হবে। Compliance managementএর আলোকে সহজে Non-Compliance ইস্যু চিহ্নিত করতে পারবে এবং তা সমাধানের জন্য কার্যকর ভূমিকা গ্রহণ করতে পারবে।
৭. Compliance managementথাকার ফলে কার্যক্রমের সৃষ্ট ঝুঁকির জন্য দায়ি ব্যক্তি চিহ্নিত করণ এবং তার দায় নির্ধারণ করা সহজ হবে। Compliance managementএর আলোকে সঞ্চয় ও ঋণ কার্যক্রম পরিচালিত হলে ঝুঁকি হ্রাস, কার্যক্রমের গুণগতমান বৃদ্ধি পাবে, এবং ঋণ কার্যক্রমের স্থায়ীত্বশিলা নিশ্চিত হবে।
৮. Compliance managementথাকার ফলে সমিতি গঠন, সদস্য ভর্তি, ঋণী নির্বাচন, ঋণ বিতরণ, ঋণ আদায় এবং বকেয়া ব্যবস্থাপনা সহজ হবে। কর্মী ও কর্মকর্তাদের পারফরমেন্স পরিমাপ করা সহজ হবে। সকল স্তরের কর্মী ও কর্মকর্তাদের দায়-দায়িত্ব, দায়-বদ্ধতা এবং জবাবদিহিতা নিশ্চিত হবে। দায় ব্যবস্থাপনার আলোকে দায় নির্ধারণ এবং এর দ্রুত সমাধান করা সহজ হবে।
৯. Compliance managementক্ষেত্রে যদি কোন কর্মী বা কর্মকর্তা Non-Compliance ইস্যু সৃষ্টি করে তবে,সেক্ষেত্রে প্রত্যক্ষ ও পরোক্ষ দায় নির্ধারণ করে কঠোর শাস্তির আওতায় আনা হবে।

৩। Compliance অনুসরণ ও প্রতিপালন করলে যা অর্জিত হবে:

১. Compliance managementঅনুসরণ ও প্রতিপালন করার ফলে সঞ্চয় ও ঋণ কার্যক্রমের ঝুঁকি হ্রাস পাবে। কার্যক্রমের গুণগত মান বৃদ্ধি পাবে। কর্মী ও কর্মকর্তাদের ক্ষেত্রে অনিয়ম করার সুযোগ হ্রাস পাবে। সংস্থার আর্থিক ও সামাজিক ঝুঁকি হ্রাস পাবে।
২. Compliance managementঅনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করার ফলে Input, Process, output, objective level এবং কার্যক্রমের impact মনিটরিং সহজে করা যাবে। কালেকশন শীট বেইজ মনিটরিং সঠিক ভাবে করা সম্ভব হবে। মনিটরিং প্রতিবেদনের আলোকে Non-Compliance ইস্যুর উপর ভিত্তি করে সৃষ্ট ঝুঁকির বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।
৩. Compliance managementযথযথ ভাবে অনুসরণ ও প্রতিপালন করার ফলে কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে সমস্যা দ্রুত চিহ্নিত করা যাবে। চিহ্নিত সমস্যার আলোকে দায়ি ব্যক্তি এবং তার দায় নির্ধারণ করা সহজ হবে। সংস্থার আর্থিক ক্ষতি হ্রাস করা যাবে।
৪. Compliance managementযথযথ ভাবে অনুসরণ ও প্রতিপালন করার ফলে সদস্য ভর্তি, ঋণী নির্বাচন, ঋণ বিতরণ, ঋণ আদায় সংক্রান্ত অনিয়ম জনিত ঝুঁকি হ্রাস পাবে। ঋণ অনাদায়ী এর হার হ্রাস পাবে। প্রক্রিয়াগত অনিয়মের কারণে সৃষ্ট বকেয়া হ্রাস পাবে। সর্বোপরি সঞ্চয় ও ঋণ কার্যক্রমের আর্থিক অনিয়ম এবং ঝুঁকি হ্রাস পাবে।

৫. Compliance management যথযথ ভাবে অনুসরণ ও প্রতিপালন করার ফলে কার্যক্রম বাস্তবায়নে স্বচ্ছতা, জবাবদিহিতা, এবং দায়-বদ্ধতা নিশ্চিত হবে। কর্মী ও কর্মকর্তাদের কার্যক্রম সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি পাবে, এবং ব্যবস্থাপকীয় অনিয়ম হ্রাস পাবে। এর ফলে কার্যক্রমের স্টাফ রিস্ক, প্রোগ্রাম রিস্ক হ্রাস পেয়ে কার্যক্রমের গুণগত মান বৃদ্ধি পাবে।
৬. সঞ্চয় ও ঋণ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কি করা যাবে আর কি করা যাবে না তার বিষয়ে সকল স্তরের কর্মী ও কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি পাবে। কর্মী ও কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির ফলে ঋণ কার্যক্রমের বাজার বিশ্লেষণ, ঋণীদের চাহিদা নিরূপন, চাহিদা অনুযায়ী প্রডাক্ট সন্নিবেশ, সঠিক ঋণী নির্বাচন, প্রস্তাবিত ঋণের প্রকল্প মূল্যায়ন করে নিশ্চিত ব্যক্তিকে ঋণ প্রদান করতে পারবে। ফলাফল হিসাবে ঋণ সময়মত আদায় নিশ্চিত হবে, অনাদায়ী ঋণের হার হ্রাস পাবে, এবং অনাদায়ী ঋণ কুঋণে পরিণত হওয়ার ঝুঁকি হ্রাস পাবে।

৪। কর্ম এলাকা নির্বাচন সংক্রান্ত:

কোন ব্রাঞ্চ বা কর্ম এলাকার নতুন ভাবে সম্প্রসারণ করার জন্য প্রথমে এরিয়া/জোনাল ম্যানেজারের সমন্বয়ে একটি টিম গঠন করতে হবে। টিমের সকল সদস্য যে এলাকায় কার্যক্রম সম্প্রসারিত হবে সেই এলাকায় সার্বিক জরিপ করে নিম্নের তথ্য উল্লেখ পূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রধান কার্যালয় থেকে একটি টিমের মাধ্যমে উক্ত এলাকায় গিয়ে কার্যক্রমের সম্প্রসারণের সম্ভাব্যতা যাচাই করে চূড়ান্ত প্রতিবেদন নির্বাহী পরিচালক এর নিকট দাখিল করবেন।

১. জনগোষ্ঠীর সংখ্যা / ঘনত্ব।
২. উক্ত এলাকায় পরিবারের সংখ্যা।
৩. উক্ত এলাকায় কর্মরত এন.জি.ও.; তাদের নাম ও সংখ্যা এবং কার্যাবলী।
৪. এন.জি.ও. গুলোর কার্যাবলীর আওতায় ইতোমধ্যে থাকা পরিবারের সংখ্যা এবং অবশিষ্ট পরিবারের সংখ্যা।
৫. পদক্ষেপ এর নিকটবর্তী ব্রাঞ্চ অফিস থেকে দূরত্ব।
৬. ব্যাংকিং সেবা আছে কিনা, থাকলে ব্যাংক সমূহের নাম।
৭. এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং জনগণের চারিত্রিক ও পেশাগত বৈশিষ্ট্য।
৮. এলাকার পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা।
৯. হাট-বাজারের অবস্থান, পণ্য সামগ্রীর মার্কেটিং এর সুবিধা।
১০. এলাকার শিক্ষার অবস্থা এবং স্কুল, কলেজ ও মাদ্রাসা ইত্যাদি সংক্রান্ত তথ্য।
১১. এলাকার রাজনৈতিক অবস্থা এবং ধর্মীয় অবস্থা।
১২. এলাকার ঋতু বৈচিত্র সংক্রান্ত।

৫। সমিতি কর্তৃক পালনীয় নিয়ম-শৃঙ্খলা:

১. সমিতির মিটিং এর স্থান সদস্যগণ তাদের পছন্দমত জায়গায় নির্বাচন করবে। এই স্থান কোন সদস্যের বাড়িতে হবে। প্রত্যেক সদস্যের কাছে মিটিং এর স্থান গ্রহণযোগ্য হতে হবে। সব সদস্যের বাসস্থানের মাঝামাঝি কোন জায়গায় মিটিং এর স্থান হবে। মিটিং এর স্থানটি পরিষ্কার-পরিচ্ছন্ন, বামেলানুক্ত স্থানে হতে হবে। যোগাযোগ ব্যবস্থা ভালো থাকতে হবে।
২. প্রত্যেক সদস্য অবশ্যই সমিতির মিটিংএ অংশগ্রহণ করবে। উপস্থিত সদস্যগণ মিটিংএ উপস্থিতির প্রমাণ স্বরূপ রেজুলেশন বইয়ে স্বাক্ষর করবে। আয়োজক সদস্য তার বাড়ি ব্যবহার করার জন্য কোন ধরনের অর্থ ভাড়া হিসেবে দাবী করতে পারবে না।
৩. প্রত্যেক সপ্তাহের একই দিনে, একই স্থানে, একই সময়ে সমিতি মিটিং অনুষ্ঠিত হবে।
৪. ক্ষুদ্রদলের নেতাগণ তার দলের সদস্যদের নিয়ে ইউ আকৃতিতে বসবে এবং দলীয়ভাবে সঞ্চয় এবং ঋণের টাকা সিএম/বিও-লোন এর নিকট জমা প্রদান করবে।
৫. সমিতির যে কোন সমস্যা সাংগঠনিকভাবে সমিতির সদস্যরা সমাধান করবে।

৬. পদক্ষেপের মূল্যবোধের পরিপন্থী কোন কাজে অংশগ্রহণ করা যাবে না। কোন সদস্য সমাজ বহির্ভূত কোন কাজ করবে না।
৭. যদি সমিতির মধ্যে কোন বিশৃঙ্খলা ঘটে তবে অন্য সব সদস্যরা একত্রে তা সংশোধনের চেষ্টা করবে।
৮. ঋণ আদায় ও পরিশোধ, সঞ্চয় বৃদ্ধি ইত্যাদি ক্ষেত্রে সমিতি কার্যাবলীর উন্নয়ন ঘটাতে সার্বক্ষণিক চেষ্টা চালাতে হবে।
৯. পদক্ষেপের নিয়ম-কানুন সর্বদা মেনে চলতে হবে। যদি এক্ষেত্রে কোন সমস্যা দেখা দেয় তবে অবশ্যই সিএম/বিও-লোনকে অবহিত করতে হবে।
১০. খেলাপী ঋণ আদায়ে সভাপতি, সম্পাদক, ক্যাশিয়ার এবং ক্ষুদ্রদের নেতাগণ একত্রে দলীয় ব্যবস্থা নেবে।
১১. সমিতিতে মিটিং এর দিনে সকল ধরনের আদায়কৃত অর্থ খাত ওয়ারী উল্লেখ্যপূর্বক রেজুলেশন বুক লিপিবদ্ধ করে সকল সদস্যদের স্বাক্ষর নিতে হবে।
১২. নগদ অর্থ সম্পর্কিত যেকোন ধরনের সমস্যার জন্য সভাপতি, সম্পাদক এবং ক্যাশিয়ার সম্মিলিতভাবে দায়ী থাকবে।
১৩. প্রত্যেক সদস্য নতুন আই.জি.এ. বের করার জন্য চেষ্টা করবে এবং নিজেদের মধ্যে আলোচনা করবে।
১৪. একটি মিটিং এর সর্বোচ্চ মেয়াদ হবে (১ঘন্টা ৩০ মিঃ) এক ঘন্টা ত্রিশ মিনিট।

৬। সদস্যপদ বাতিল সংক্রান্ত:

১. সদস্য নিজে থেকেই সদস্যপদ বাতিল করতে পারবে। এ অবস্থায় তাকে থাকার জন্য প্ররোচিত না করা, কারণ এটি অন্য সদস্যদের উপর খারাপ প্রভাব ফেলতে পারে তবে ভালো সদস্য হলে সিএম/বিও-লোন তাকে সমিতিতে থাকার জন্য উৎসাহিত করতে হবে।
২. যে সমস্ত সদস্য মিটিং এ নিয়মিতভাবে উপস্থিত হয় না এবং ক্রমাগত ২৪ সপ্তাহের বেশী সময় ধরে সঞ্চয় জমা প্রদান করছে না ঐ সকল সদস্যকে প্রথমে নোটিশ দিতে হবে। যদি এই অবস্থা চলতে থাকে তবে তার সদস্যপদ অন্তত তিনটি নোটিশ প্রদানের পর বাতিল করতে হবে। যে সদস্য অন্য সদস্যকে গ্রুপ শৃঙ্খলা বিরুদ্ধ কার্যকলাপে প্ররোচিত করে তাকে কৌশলে সমিতি থেকে বাদ দিতে হবে।
৩. যে সমস্ত সদস্য অন্য সদস্যকে অন্য প্রতিষ্ঠানে যাবার জন্য প্ররোচিত করে তাকে কৌশলে সমিতি থেকে বাদ দিতে হবে।
৪. যে সমস্ত সদস্য তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে এবং নিয়ম শৃঙ্খলা বহির্ভূত কাজ করে তাকে সমিতি থেকে বাদ দিতে হবে।
৫. যদি কোন সদস্য অন্য কোন নামে পদক্ষেপের কাছ থেকে ঋণ নেয় যেখানে সে পদক্ষেপের ঋণ গ্রহীতা নয়, তার সদস্য পদ বাতিল করতে হবে।
৬. যদি কোন সদস্য ঋণ নিয়ে অন্য কাউকে দিয়ে দেয় তবে তাকে সতর্ক করে দিতে হবে। যদি এ প্রক্রিয়া চলতে থাকে তাকে বাতিল করতে হবে।
৭. যদি কোন সদস্য পলাতক থাকে এবং প্রতিষ্ঠানের সাথে কোন যোগাযোগ রক্ষা না করে তবে তার ঋণ ইতিমধ্যে পরিশোধিত অথবা জমাকৃত সঞ্চয় দ্বারা পরিশোধযোগ্য। যেক্ষেত্রে কোন ভাবেই তাকে খুঁজে পাওয়া না যায় সেক্ষেত্রে তার সদস্য পদ বাতিল করতে হবে।
৮. যখন কোন সদস্য মৃত্যুবরণ করে এবং তার কোন নমিনী না থাকে। যদি কোন সদস্য পদক্ষেপকে না জানিয়ে তার এলাকা পরিবর্তন করে এবং তাকে শনাক্ত করা না যায়। কোন ঋণ যদি বকেয়া থাকে তবে তার নাম কমপক্ষে ১ বছর খেলাপী ঋণের তালিকায় রাখতে হবে।
৯. যদি কোন সদস্য তার বকেয়া ঋণের কমপক্ষে ৫০% নিয়মিত সময়ের মধ্যে পরিশোধ না করে। সদস্যপদ বাতিলের ক্ষেত্রে সমিতিতে রেজুলেশনের মাধ্যমে অর্থাৎ সদস্যদের সম্মতিক্রমে বাতিল করতে হবে।

১০. সাধারণত ১০ সদস্যের কম নিয়ে সমিতি পরিচালনা করা যাবে না। যদি সদস্য সংখ্যা ১০ এর নিচে নেমে আসে তবে পদক্ষেপ তাদেরকে নিকটবর্তী সমিতিতে স্থানান্তর করবে অথবা নিকটবর্তী সমিতির পকেট সমিতি হিসেবে গন্য করতে হবে।
১১. যদি কোন সমিতি সদস্য আর পদক্ষেপ এর সাথে থাকতে আগ্রহী না থাকে তবে প্রথমে ব্রাঞ্চ ম্যানেজার তার কারণ উদঘাটনের চেষ্টা করবে এবং তাকে থাকার জন্য উৎসাহিত করবে। এরপরও যদি সে/তারা চলে যেতে চায় তবে পদক্ষেপ তাকে/তাদেরকে থাকার জন্য প্ররোচিত করবে না। সেক্ষেত্রে ছেড়ে যেতে ইচ্ছুক সদস্য/সদস্যদের সদস্যপদ বাতিল করতে হবে।
১২. যদি কোন সমিতির সদস্য প্রতিষ্ঠানের জন্য ক্ষতিকারক কোন কর্মকাণ্ডে লিপ্ত হয় তবে তার দেনা পাওনা নিষ্পত্তির মাধ্যমে তার সদস্য পদ বাতিল করতে হবে।
১৩. যদি কোন সমিতি সদস্য ২৪ সপ্তাহের বেশী সময় যাবৎ অকার্যকর থাকে এবং খেলাপী ঋণ আর আদায় করা না যায় তবে উক্ত সমিতি অবস্থা অনুযায়ী তাকে বাতিল করার ব্যাপারে সিদ্ধান্ত নেবে।

৭। Compliance management এর আওতায় কি করা যাবে এবং কি করা যাবে না:

Compliance management যাবে:	এর আওতায় যা করা যাবে না:	Non-Compliance ইস্যু বা করা যাবে না:
<p>৭.১। সমিতি ব্যবস্থাপনার ক্ষেত্রে:</p> <ol style="list-style-type: none"> ১. ব্রাঞ্চ প্রত্যেকটি সমিতির আলাদা আলাদা ডাটা বেইজ করে সংরক্ষণ করতে হবে। ২. প্রত্যেকটি সমিতির সদস্য ভিত্তিক KYC ফরম যথাযথ ভাবে পূরণ করে সমিতি ভিত্তিক সংরক্ষণ করতে হবে। ৩. প্রতিটি সমিতিতে ৩০± ৫ সক্রিয় সদস্য সংখ্যা থাকবে। ৪. সমিতির সভার স্থানের চারিদিকে ১/২(আধা কিলোমিটার) কি: মি: ব্যাসার্ধের একটি কর্ম এলাকা নির্দিষ্ট করা থাকবে। ৫. প্রতিটি সমিতির কর্ম এলাকাকে A, B, C, & D চারটি ব্লকে বিভক্ত করা থাকবে, এবং প্রতিটি ব্লকের চৌহদ্দী নির্দিষ্ট করা থাকবে। ৬. সমিতির কর্ম এলাকার জরিপকৃত তথ্য কালেকশন শীটের নির্দিষ্ট স্থানে লিপিবদ্ধ করা থাকবে। ৭. সমিতিতে সদস্য ভর্তির ক্ষেত্রে সমিতির কর্ম এলাকার মধ্য থেকে জরিপকৃত তালিকা থেকে সদস্য ভর্তি করতে হবে। সমিতির কর্ম এলাকার বাহির থেকে কোন সদস্য ভর্তি না করা। ৮. সমিতির সভার নির্দিষ্ট দিন ও সময় এবং সভার স্থান নির্দিষ্ট করা থাকবে। সমিতির সভার স্থানে সাইনবোর্ড ঝুলানো থাকবে। সমিতিতে 	<p>৭.১। সমিতি ব্যবস্থাপনার ক্ষেত্রে:</p> <ol style="list-style-type: none"> ১. ব্রাঞ্চের কর্ম এলাকার বাহিরে কোন সমিতি করা যাবে না। ব্রাঞ্চের কর্ম এলাকার মধ্যে Cluster Concept অনুসরণ না করে নতুন সমিতি গঠন করা যাবে না। ২. নতুন সমিতি করার ক্ষেত্রে সমিতির কর্ম এলাকা নির্ধারণ না করে সমিতি গঠন করা যাবে না। ৩. পুরাতন বা বর্তমান সমিতির সদস্য সংখ্যা আদর্শমানে উন্নিত না করা পর্যন্ত নতুন সমিতি গঠন করা যাবে না। ৪. সমিতির কর্ম এলাকার বাহির থেকে কোন সদস্য ভর্তি, এবং সদস্য ভিত্তিক KYC ফরম যথাযথ ভাবে পূরণ না করে সদস্য ভর্তি করা যাবে না। ৫. সমিতির সভার স্থানের 	

<p>সদস্যদের বসার জন্য চট/পাটি, প্রয়োজনে ব্যেঞ্চ/চেয়ার থাকবে।</p> <p>৯. সমিতির সভার রেজুলেশন রেজিষ্টার থাকবে। রেজিষ্টারে সদস্য হাজিরা, সভার আলোচ্য বিষয় এবং গৃহিত সিদ্ধান্ত রেজিষ্টারে তারিখ ভিত্তিক লিপিবদ্ধ থাকবে।</p> <p>১০. সমিতির কর্ম এলাকার মধ্যে সংগঠিত সকল উন্নয়ন কর্মকাণ্ডের তথ্য সমিতির রেজুলেশন রেজিষ্টারে লিপিবদ্ধ থাকবে।</p> <p>১১. সমিতির সকল কর্মকাণ্ড যেমন; সদস্য ভর্তি, ঋণ প্রস্তাব, সঞ্চয় উত্তোলন, সদস্য কল্যাণ তহবিলের সুবিধা প্রদান, সভায় আদায়কৃত সঞ্চয় ও ঋণের কিস্তির টাকা রেজুলেশন বুক লিপিবদ্ধ থাকবে।</p> <p>১২. সকল সদস্য সভার স্থানে উপস্থিত হয়ে সঞ্চয় ও ঋণের কিস্তি জমা প্রদান করবেন। নিয়মিত ভাবে সমিতির সদস্য ভিত্তিক পাশ বই ও কালেকশন শীট ব্যালেন্সিং করতে হবে।</p> <p>১৩. প্রতিটি সমিতিতে ১১ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটি থাকবে। সমিতির কার্যকরী কমিটির সদস্যদের সমিতি ব্যবস্থাপনার দায়-দায়িত্ব সম্বলিত সমিতি ব্যবস্থাপনা নীতিমালা থাকবে।</p> <p>১৪. প্রতিটি সমিতির বাৎসরিক কর্ম পরিকল্পনা থাকবে। প্রতিটি সমিতির জন্য নির্দিষ্ট দায়িত্বপ্রাপ্ত সিএম/বিও-লোন থাকবে।</p>	<p>চারিদিকে ১/২(আধা কিলোমিটার) কি: মি: এর বাহির থেকে কোন সদস্য ভর্তি করা যাবে না।</p> <p>৬. সমিতির সভার নির্দিষ্ট দিন ও সময়, সভার নির্দিষ্ট স্থান নির্ধারণ, সমিতির সভার স্থানে সাইনবোর্ড ঝুলানো, এবং সমিতিতে সদস্যদের বসার জন্য চট/পাটি, প্রয়োজনে ব্যেঞ্চ/চেয়ার না দিয়ে সমিতির কার্যক্রম পরিচালনা করা যাবে না।</p> <p>৭. সমিতির সভার রেজুলেশন রেজিষ্টারে সদস্যর হাজিরা, সভার আলোচ্য বিষয় এবং গৃহিত সিদ্ধান্ত তারিখ ভিত্তিক লিপিবদ্ধ না করে সমিতির সভা শেষ করা যাবে না।</p> <p>৮. সমিতির কর্ম এলাকার মধ্যে সংগঠিত সকল উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার পূর্বেই সমিতির মিটিং করে বাস্তবায়ন কৌশল নির্ধারণ করে রেজুলেশন রেজিষ্টারে লিপিবদ্ধ না করে উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনা করা যাবে না।</p> <p>৯. সমিতির সকল কর্মকাণ্ড যেমন; সদস্য ভর্তি, ঋণ প্রস্তাব, সঞ্চয় উত্তোলন, সদস্য কল্যাণ তহবিলের সুবিধা প্রদান, সভায় আদায়কৃত সঞ্চয় ও ঋণের কিস্তির টাকা রেজুলেশন বুক লিপিবদ্ধ না করে সমিতি থেকে আসা যাবে না।</p>
---	---

১০. সকল সদস্য সভার স্থানে উপস্থিত হয়ে সঞ্চয় ও ঋণের কিস্তি বাধ্যতামূলক ভাবে জমা প্রদান নিশ্চিত করাতে হবে। সদস্যস্বয়ং বাড়ি বাড়ি গিয়ে কালেকশন করা যাবে না।
১১. নিয়মিত সমিতির সদস্য ভিত্তিক পাশ বই ও কালেকশন শীট ব্যালেন্সিং না করে সমিতি ইন্সপেকশন শেষ করা যাবে না।
১২. প্রতিটি সমিতিতে ১১ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটি, এবং কার্যকরী কমিটির সদস্যদের সমিতি ব্যবস্থাপনার দায়-দায়িত্ব নির্ধারণ করে সমিতির রেজুলেশন রেজিস্টারে লিপিবদ্ধ না করে কমিটির সদস্যদের দায়িত্ব দেয়া যাবে না।
১৩. প্রতিটি সমিতির বাৎসরিক কর্ম পরিকল্পনাসমিতির মিটিং এ আলোচনা করে মিটিং সিদ্ধান্ত রেজুলেশন বুক লিপিবদ্ধ না করে পরিকল্পনা বাস্তবায়নের জন্য কার্যকরী কমিটিকে দায়িত্ব দেয়া যাবে না।
১৪. প্রতিটি সমিতির জন্য নির্দিষ্ট দায়িত্বপ্রাপ্ত সিএম/বিও-লোননা দিয়ে, ভিন্ন ভিন্ন সিএম/বিও-লোন দ্বারা নিয়মিত সমিতি পরিচালনা করা যাবে না। একই সমিতির কালেকশন ভিন্ন ভিন্ন স্থানে করা যাবে না। বিশেষ প্রয়োজন ছাড়া

	<p>নির্ধারিত মিটিং স্থানের বাহিরে বসে কোন কালেকশন করা যাবে না।</p>
<p>৭.২। সমিতির সদস্য হওয়ার ক্ষেত্রে শর্ত সমূহ:</p> <ol style="list-style-type: none"> ১. সমিতির কর্ম এলাকার বসবাসরত স্থায়ী বাসিন্দা, যাদের বয়স ১৮ বছর থেকে ৬৫ বছরের মধ্যে হতে হবে। জাতীয় পরিচয়পত্র এবং মোবাইল নম্বর অবশ্যই থাকতে হবে, এবং স্বাক্ষর জ্ঞান সম্পন্ন হতে হবে। ২. সামাজিক ভাবে গ্রহণযোগ্য ব্যক্তি, যারা মানসিক এবং শারীরিকভাবে সম্পূর্ণ সুস্থ, এবং কোন প্রকার অসাজিক কার্যকলাপে জড়িত নহে। ৩. দরিদ্র জনগোষ্ঠী যারা কায়িক শ্রমের মাধ্যমে জীবিকা নির্বাহ করে। যাদের বৎসরের ৬ মাস কাজ থাকে আর বাকি ৬ মাস কাজের কোন নিশ্চয়তা থাকে না। বিভিন্ন শ্রেণীর পেশাজীবী যেমন কৃষি শ্রমিক, রিক্সা চালক, জেলে, নাপিত, কুমার, কামার, সজি ও ফল বিক্রেতা, ব্যবসায়ী ব্যক্তিকে সদস্য করা যাবে। ৪. অপেক্ষাকৃত স্বচ্ছল পরিবারভুক্ত যাদের ব্যবসায়ে নিজস্ব মূলধনের পর্যাপ্ত ব্যবস্থা নেই এবং যাদেরকে ব্যবসার পুঁজির জন্য বছরের কোন না কোন সময় মহাজনের দ্বারস্থ হতে হয়। যাদের বাজার বা গ্রামে নিজস্ব ছোট দোকান ঘর কিংবা কোন ফার্ম অথবা ক্ষুদ্র প্রতিষ্ঠান রয়েছে, এরকম ব্যক্তি বা পরিবার হতে হবে। ৫. যে কোন সদস্য যারা তাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন করতে চায়। পদক্ষেপ ঋণ কার্যক্রমের আওতায় অনেক পুরাতন সদস্য আছে যারা দারিদ্র সীমা অতিক্রম করে প্রকল্প বাস্তবায়নে দক্ষতা অর্জনের মাধ্যমে উন্নতি করেছে এমন গ্র্যাজুয়েটেড ঋণী সদস্য। ৬. এছাড়াও যাদের ব্যতিক্রমধর্মী সৃজনশীলতা ও দক্ষতা আছে কিন্তু মূলধনের জন্য তা কাজে লাগাতে পারছে না অথচ জাতীয় উৎপাদনে অবদান রাখার মতো সক্ষমতা আছে এমন উদ্যোগী ব্যক্তি। ৭. সঞ্চয়ে আগ্রহী হতে হবে, সঠিকভাবে ঋণ গ্রহণ ও পরিশোধের প্রবণতা থাকতে হবে। আয় উপার্জনকারী কর্মকান্ড পরিচালনায় সমর্থ আছে কিন্তু মূলধনের অভাব রয়েছে এমন ব্যক্তি। ৮. সঠিকভাবে ঋণ গ্রহণ ও পরিশোধের প্রবণতা, দলগতভাবে কাজ করতে আগ্রহী, পদক্ষেপ প্রদত্ত সমিতির নিয়ম-কানুন মেনে চলতে আগ্রহী এবং পদক্ষেপ এর অন্যান্য কার্যক্রমের প্রতি শ্রদ্ধাশীল ব্যক্তি হতে হবে। ৯. অন্য কোন সমিতি বা এন.জি.ও. এর সদস্য হিসাবে আছে এরকম 	<p>৭.২। সমিতির সদস্য হওয়ার ক্ষেত্রে শর্ত সমূহ:</p> <ol style="list-style-type: none"> ১. সমিতির কর্ম এলাকার বাহিরে বসবাসরত স্থায়ী/অস্থায়ী বাসিন্দা কে সদস্য করা যাবে না। যাদের বয়স ১৮ বছর এর কম এবং ৬৫ বছরের বেশী তাদেরকে সদস্য করা যাবে না। যাদের জাতীয় পরিচয়পত্র এবং মোবাইল নম্বর নেই তাদেরকে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না। ২. সামাজিক ভাবে অগ্রহণযোগ্য ব্যক্তি, যারা মানসিক এবং শারীরিকভাবে সম্পূর্ণ সুস্থ নয়, এবং অসাজিক কার্যকলাপে জড়িত তাদেরকে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না। ৩. হতদরিদ্র জনগোষ্ঠী যারা বছরের সব সময়ে মানুষের বাড়ীতে কাজ করে এবং নিজের বসত বাড়ী নেই তাদেরকে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না। ৪. অপেক্ষাকৃত অতিস্বচ্ছল পরিবারভুক্ত যাদের ব্যবসায়ে নিজস্ব মূলধনের পর্যাপ্ত আছে এবং ব্যাংক বা বিভিন্ন এনজিও থেকে ঋণ নিয়েছেন, তাদেরকে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না।

ব্যক্তিকে সদস্য করা যাবে না। একটি পরিবার হতে একজন মাত্র সদস্য হতে পারবেন।

১০. অন্যের উপর নির্ভরশীল অথবা নির্ভরশীল নয় এমন নারী অথবা পুরুষ, যারা কোন প্রকার অসামাজিক কার্যকলাপে লিপ্ত নয় তাদেরকে সদস্য করা যাবে।
১১. পাগল, মাদকাসক্ত, কোন আদালত দ্বারা সাজাপ্রাপ্ত নয়। অন্য এন.জি.ও./আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠান কর্তৃক খেলাপী ঘোষিত নয়, এবরকম ব্যক্তি সদস্য হতে পারবেন।

৫. ইতোমধ্যে পদক্ষেপ এর সমিতি থেকে বরখাস্ত বা চলে গেছে,বিভিন্ন এনজিও থেকে ঋণ নিয়ে খেলাপী হয়েছে, তাদেরকে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না।

৬. যাদের সৃজনশীলতা ও দক্ষতা নেই,পরিশ্রমী নয়,আচার আচারগে উগ্র তাদেরকে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না।

৭. যারা সঞ্চয়ে আগ্রহী নয়,সঠিকভাবে ঋণ গ্রহণ ও পরিশোধের প্রবণতা কম, এবং আয় উপার্জনকারী কর্মকান্ড পরিচালনায় সমর্থ নেই তাদেরকে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না।

৮. যারা ঋণ নিয়ে নিজে ব্যবহার না করে অন্যকে প্রদান করবে,সমিতির মিটিং এ উপস্থিত হবে না, দলগতভাবে কাজ করতে আগ্রহী না, পদক্ষেপ প্রদত্ত সমিতির নিয়ম-কানুন মেনে চলতে আগ্রহী না এবং পদক্ষেপ এর অন্যান্য কার্যক্রমের প্রতি শ্রদ্ধাশীল নয় তাদেরকে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না।

৯. অন্য কোন সমিতি বা এন.জি.ও. এর সদস্য হিসাবে আছে, এবং সমার্থের তুলনায় অতিরিক্ত

	<p>ঋণ ব্যবহার করছে, তাদেরকে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না।</p> <p>১০. যারা সরাসরি অন্যের উপর নির্ভরশীল, এবং নিজে কাজ করতে সক্ষম নয়, তাদেরকে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না।</p> <p>১১. পাগল, মাদকাসক্ত, কোন আদালত দ্বারা সাজাপ্রাপ্ত ব্যক্তিকে, এবং এন.জি.ও./আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠান কর্তৃক খেলাপী ঘোষিত হয়েছে, এবরকম ব্যক্তিকে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না।</p>
<p>৭.৩। ঋণ প্রার্থীর যোগ্যতার ক্ষেত্রে শর্ত সমূহ:</p> <ol style="list-style-type: none"> ১. সদস্য হিসেবে সমিতিতে অন্তর্ভুক্তির বয়স কমপক্ষে ২ সপ্তাহ হতে হবে। ২. সমিতির মিটিংএ নিয়মিত উপস্থিত হয়ে সাপ্তাহিক সঞ্চয় নিয়মিত জমা করতে হবে। যদি ২ সপ্তাহ নিয়মিত সঞ্চয় জমা করে তবে ২ সপ্তাহের মধ্যেই প্রথম ঋণ পাওয়ার যোগ্য হবেন। ৩. সদস্যের বাড়ী অবশ্যই সমিতির কর্ম এলাকার মধ্যে হতে হবে, এবং স্থায়ী বাসিন্দা অথবা দীর্ঘ দিন ধরে বসবাস করছে এরকম হতে হবে। তাকে শারিরিক এবং মানসিক ভাবে সম্পূর্ণ সুস্থ হতে হবে। কোন না কোন বৈধ্য কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত থাকতে হবে। ৪. প্রথম দফা ঋণ পাবার ক্ষেত্রে প্রস্তাবিত ঋণের ২.৫০% নিয়মিত সঞ্চয় জমা থাকতে হবে, এবং নিয়মিত সকল প্রকার সঞ্চয় জমা করতে হবে। একটি সমিতিতে এক সাথে সকল সদস্যকে ঋণ দেয়া যাবে না। ৫. যদি কোন বাতিলকৃত সদস্য ঋণ নিতে চায় তবে তাকে ভর্তি ফি প্রদান পূর্বক পুনরায় ভর্তি হতে হবে। ভর্তির ২ সপ্তাহ পর ঋণের আবেদন করতে হবে এবং পরিসিমা অনুযায়ী সঞ্চয় জমা প্রদান করতে হবে। বকেয়া ঋণ (যদি থাকে) পরিশোধ করে দিতে হবে। ৬. কোন বিশৃঙ্খল সদস্য বা উগ্র আচারন, এবং সমাজ বিরোধী 	<p>৭.৩। ঋণ প্রার্থীর যোগ্যতার ক্ষেত্রে শর্ত সমূহ:</p> <ol style="list-style-type: none"> ১. সদস্য হিসেবে সমিতিতে অন্তর্ভুক্তির বয়স কমপক্ষে ২ সপ্তাহ হলে ঋণ দেয়া যাবে না। ২. সমিতির মিটিংএ নিয়মিত উপস্থিত হয়ে সাপ্তাহিক সঞ্চয় নিয়মিত জমা না করলে তাকে ঋণ প্রদান করা যাবে না। ৩. সদস্যের বাড়ী সমিতির কর্ম এলাকার বাহিরে, অস্থায়ী বাসিন্দা, এবং শারিরিক ও মানসিক ভাবে সম্পূর্ণ সুস্থ না হলে ঋণ প্রদান করা যাবে না।

কার্যকলাপে জড়িত থাকলে ঋণ পাওয়ার যোগ্য হবেন না।

৭. অন্য কোন প্রতিষ্ঠানের সদস্য হয়ে ঋণ নিয়ে সময়মত পরিশোধ না করে খেলাপী করেছেন, এরকম সদস্য ঋণ পাওয়ার যোগ্য হবেন না।
৮. যদি কোন বাতিল সদস্য পুনরায় সমিতিতে ভর্তি হয়ে ঋণ নিতে চায় তবে তাকে পুনরায় ভর্তি ফি এবং অন্যান্য সকল প্রকার পাওনা পরিশোধ করতে হবে। তাকে যুক্তিসঙ্গত ব্যাখ্যা দিতে হবে কেন সে সমিতি থেকে চলে গিয়েছিল, এবং যে পরিমাণ ঋণের জন্য আবেদন করেছে তার কমপক্ষে ১০% সঞ্চয় নিশ্চিত করতে হবে।
৯. পদক্ষেপের কোন সমিতির পলাতক সদস্য হয় তবে তাকে সমস্ত পাওনা পরিশোধ করতে হবে। পাওনা পরিশোধের পর সমিতিতে নিয়মিত উপস্থিত হয়ে পরপর ৪ সপ্তাহ সঞ্চয় জমা দিতে হবে এবং উপরে বর্ণিত অন্যান্য শর্তাবলীপালন করে ঋণের আবেদন করতে হবে।
১০. বাতিল বা স্থান্তরিত সদস্যকে পুনরায় ভর্তি করে ঋণ প্রদানের ক্ষেত্রে, প্রথমে পূর্বের সকল পাওনাদী পরিশোধ করতে হবে। সদস্য ভর্তি ফি জমা করে নতুন সদস্য হতে হবে। সে ইতোপূর্বে যে পরিমাণ ঋণ নিয়ে থাকুক না কেন, তাকে ১ম ধাপের ঋণ সিলিং হিসেবে ঋণ প্রদান করতে হবে।
১১. যে সকল সদস্য ইতোমধ্যে একটি ছোট দোকান/ফার্ম অথবা অন্য কোন ধরনের ছোট ব্যবসা এর মালিক তারা এমই/অগ্রসর ঋণ পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সে ১,০০,০০০/- টাকার বেশী পরিমাণ ঋণ নিতে চায় তবে তাকে কোন দোকান বা স্থানে কমপক্ষে ১ বছর সময়ের জন্য স্থায়ীভাবে ব্যবসা করতে হবে। দোকানের মালিক নিজে অথবা ভাড়া দোকান হলে কম পক্ষে ৫ বছরের ভাড়াচুক্তি বলবদ থাকতে হবে।
১২. কোন ভাড়াটিয়া ক্ষুদ্র ব্যবসায় ঋণ গ্রহীতার ক্ষেত্রে দোকানে বিদ্যমান পন্যের মূল্য আবেদনকৃত ঋণের মূল্য থেকে বেশী হতে হবে।
১৩. এমই/অগ্রসর ঋণের জন্য একটি পরিবার হতে একজন সদস্যের বেশী নেয়া যাবে না। তবে যদি একই পরিবারের ২জন সদস্য নিজ নিজ ব্যবসা প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করে, সেক্ষেত্রে একই পরিবারের ২জনকে ঋণ দেয়া যাবে।
১৪. ঋণ প্রদানের ক্ষেত্রে সমিতির সভাপতি/সম্পাদকসহ গ্রামের

৪. প্রথম দফা ঋণ পাবার ক্ষেত্রে প্রস্তাবিত ঋণের ২.৫০% নিয়মিত সঞ্চয় জমা না থাকলে, এবং নিয়মিত সকল প্রকার সঞ্চয় জমা না করলে তাকে ঋণ প্রদান করা যাবে না। কোন অবস্থায় একটি সমিতিতে এক সাথে সকল সদস্যকে ঋণ প্রদান করা যাবে না।
৫. যদি কোন বাতিলকৃত সদস্য ঋণ নিতে চায় তবে তাকে ভর্তি ফি প্রদান পূর্বক পুনরায় ভর্তি হতে হবে। ভর্তির ২ সপ্তাহ পর ঋণের আবেদন করতে হবে এবং পরিসিমা অনুযায়ী সঞ্চয় জমা প্রদান করতে হবে। বকেয়া ঋণ (যদি থাকে) পরিশোধ করে দিতে হবে। কোন অবস্থায় নতুন ভর্তি না করে পূর্বের সিলিং অনুযায়ী ঋণ বিতরণ করা যাবে না।
৬. কোন বিশৃঙ্খল সদস্য বা উগ্র আচারন, এবং সমাজ বিরোধী কার্যকলাপে জড়িত থাকলে তাকে ঋণ প্রদান করা যাবে না।
৭. অন্য কোন প্রতিষ্ঠানের সদস্য হয়ে ঋণ নিয়ে সময়মত পরিশোধ না করে খেলাপী করেছেন,

যেকোন ২ জন সুপরিচিত স্বচ্ছল ব্যক্তি তার জামিনদার হতে হবে, এবং তার পক্ষে আবেদন ফরমে অঙ্গীকার প্রদান করবে। ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্টাম্প এ জামিনদার হিাবে অঙ্গীকার করে স্বাক্ষর দিতে হবে।

১৫. ঋণ পাওয়ার ক্ষেত্রে নারী ও পুরুষ উভয়েই যোগ্য হিসাবে বিবিচিত হবেন। সদস্যর সাথে ঋণ চুক্তিপত্র সম্পন্ন না করে কোন প্রকার ঋণ দেয়া যাবে না।

১৬. কোন সদস্য যার উদ্যোক্তা হবার যোগ্যতা রয়েছে কিন্তু মূলধনের অভাবে ব্যবসা শুরু করতে পারছে না এ রকম সদস্য ঋণ পাওয়ার যোগ্য হবেন।

১৭. জাগরণ বা ক্ষুদ্র ঋণ শ্রেণীর একজন সদস্য তার সদস্যপদ অগ্রসর/এমই শ্রেণীতে স্থানান্তর করতে পারবে যদি সে অন্তত দুটি ঋণ নিয়মিতভাবে গ্রহণ ও পরিশোধ করেছেন, এবং সদস্য হিসেবে তার বয়স ২ বছরের কম হবে না। সকল প্রকার ঋণ প্রস্তাব করার ক্ষেত্রে সমিতিতে রেজুলেশনভুক্ত করে উপস্থিত সকল সদস্যও স্বাক্ষর নিতে হবে।

এরকম সদস্যকে ঋণ প্রদান কার যাবে না।

৮. যদি কোন বাতিল সদস্য পুনরায় সমিতিতে ভর্তি হয়ে ঋণ নিতে চায় তবে তাকে পুনরায় ভর্তি ফি এবং অন্যান্য সকল প্রকার পাওনা পরিশোধ করতে হবে। তাকে যুক্তিসঙ্গত ব্যাখ্যা দিতে হবে কেন সে সমিতি থেকে চলে গিয়েছিল, এবং যে পরিমাণ ঋণের জন্য আবেদন করেছে তার কমপক্ষে ১০% সঞ্চয় নিশ্চিত না করে ঋণ প্রদান করা যাবে না।

৯. পদক্ষেপের কোন সমিতির পলাতক সদস্য হয় তবে তাকে সমস্ত পাওনা পরিশোধ করতে হবে। পাওনা পরিশোধের পর সমিতিতে নিয়মিত উপস্থিত হয়ে পরপর ৪ সপ্তাহ সঞ্চয় জমা দিতে হবে এবং উপরে বর্ণিত অন্যান্য শর্তাবলীপূরণ না করে ঋণ প্রদান করা যাবে না।

১০. বাতিল বা স্থান্তরিত সদস্যকে পুনরায় ভর্তি করে ঋণ প্রদানের ক্ষেত্রে, প্রথমে পূর্বের সকল পাওনাদী পরিশোধ করতে হবে। সদস্য ভর্তি ফি জমা করে নতুন সদস্য হতে হবে। সে ইতোপূর্বে যে

পরিমাণ ঋণ নিয়ে থাকুক না কেন, তাকে ১ম ধাপের ঋণ সিলিং হিসেবে ঋণ প্রদান করতে হবে। কোন ক্রমে পূর্বের সিলিং অনুসরণ করে ঋণ বিতরণ করা যাবে না।

১১. যে সকল সদস্য ইতোমধ্যে একটি ছোট দোকান/ফার্ম অথবা অন্য কোন ধরনের ছোট ব্যবসা এর মালিক তারা এমই/অগ্রসর ঋণ পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সে ১,০০,০০০/- টাকার বেশী পরিমাণ ঋণ নিতে চায় তবে তাকে কোন দোকান বা স্থানে কমপক্ষে ১ বছর সময়ের জন্য স্থায়ীভাবে ব্যবসা করতে হবে। দোকানের মালিক নিজে অথবা ভাড়া দোকান হলে কম পক্ষে ৫ বছরের ভাড়াচুক্তি বলবদ না থাকলে তাকে ঋণ প্রদান করা যাবে না।

১২. কোন ভাড়াটিয়া ক্ষুদ্র ব্যবসায় ঋণ গ্রহীতার ক্ষেত্রে দোকানে বিদ্যমান পন্যের মূল্য আবেদনকৃত ঋণের মূল্য থেকে বেশী হতে হবে। সদস্যের আয় ব্যয় বিশ্লেষণ করে যদি প্রস্তাবিত ঋণের মাসিক কিস্তির পরিমাণ এর চেয়ে মাসিক নেট আয় কম হয় তবে তাকে ঋণ

	<p>প্রদান করা যাবে না।</p> <p>১৩. একই/অগ্রসর ঋণের জন্য একটি পরিবার হতে একজন সদস্যের বেশী নেয়া যাবে না। তবে যদি একই পরিবারের ২জন সদস্য নিজ নিজ ব্যবসা প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা পরিচালনা করে সেক্ষেত্রে একই পরিবারের ২জনকে ঋণ দেয়া যাবে। কোন অবস্থায় একই ব্যবসা প্রতিষ্ঠানের উপর একই পরিবারের ২ জনকে ঋণ প্রদান করা যাবে না।</p> <p>১৪. ঋণ প্রদানের ক্ষেত্রে সমিতির সভাপতি/সম্পাদকসহ গ্রামের যেকোন ২ জন সুপরিচিত স্বচ্ছল ব্যক্তি তার জামিনদার, এবং ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্টাম্প এ জামিনদার হিাবে অঙ্গিকার না নিয়ে ঋণ প্রদান করা যাবে না।</p> <p>১৫. ঋণ পাওয়ার ক্ষেত্রে নারী ও পুরুষ উভয়েই যোগ্য হিসাবে বিবিচিত হবেন। সদস্যর সাথে ঋণ চুক্তিপত্র সম্পন্ন না করে কোন প্রকার ঋণ দেয়া যাবে না।</p> <p>১৬. কোন সদস্য যার উদ্যোক্তা হবার যোগ্যতা রয়েছে কিন্তু মূলধনের অভাবে ব্যবসা শুরু করতে</p>
--	--

	<p>পারছে না এ রকম সদস্য ঋণ পাওয়ার যোগ্য হবেন।</p> <p>১৭. জাগরণ বা ক্ষুদ্র ঋণ শ্রেণীর একজন সদস্য তার সদস্যপদ অগ্রসর/এমই শ্রেণীতে স্থানান্তর করতে পারবে যদি সে অন্তত দুটি ঋণ নিয়মিতভাবে গ্রহণ ও পরিশোধ করেছেন, এবং সদস্য হিসেবে তার বয়স ২ বছরের কম হবে না। তবে কোন অবস্থায় জাগরণ ঋণীকে ২ দফা ঋণ না নিলে অগ্রসর ঋণ বিতরণ করা যাবে না। সমিতিতে রেজুলেশন ছাড়া কোন ঋণ প্রস্তাব করা যাবে না।</p>
<p>৭.৪। ঋণীর স্বার্থ সংরক্ষণ/Clients protection এর ক্ষেত্রে :</p> <ol style="list-style-type: none"> ১. ঋণীর স্বার্থ সংরক্ষণ এর ক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ঋণী নির্বাচন, ঋণের সিলিং নির্ধারণ করে চাহিদা মাফিক সময়ে ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে। ২. ঋণীর গৃহিত প্রকল্প ভালোভাবে যাচাই বাছাই করে দেখতে হবে প্রকল্পটির উৎপাদিত পন্যসামগ্রী বাজারে চাহিদা আছে কি না, প্রকল্পটি লাভজনক ভাবে পরিচালিত হবে কি না, প্রকল্পটির আয় ব্যয় বিশ্লেষণ করে দেখতে হবে, প্রকল্প থেকে নিট আয় দ্বারা গৃহিত ঋণের কিস্তি পরিশোধ করতে পারবে কি না। ৩. সংস্থার কর্মী/কর্মকর্তা কর্তৃক ঋণীকে সার্বিক ভাবে সহযোগীতা করতে হবে, যাতে করে গৃহিত ঋণ অনুমোদিত প্রকল্পে বিনিয়োগ নিশ্চিত হয়। দায়িত্ব প্রাপ্ত সিএম/বিও-লোন নিয়মিত ভাবে প্রকল্প ফলোআপ করতে হবে এবং প্রকল্পের জন্য টেকনিক্যাল সাপোর্ট নিশ্চিত করতে সরকারী সেবা প্রদান বিভাগ সমূহের সাথে ঋণীকে পরিচয় করিয়ে দিতে হবে। 	<p>৭.৪। ঋণীর স্বার্থ সংরক্ষণ/Clients protection এর ক্ষেত্রে:</p> <ol style="list-style-type: none"> ১. ঋণীর স্বার্থ সংরক্ষণ এর ক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ঋণী নির্বাচন, ঋণের সিলিং নির্ধারণ করে চাহিদা মাফিক সময়ে ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে। ঋণীর চাহিদার কম বা বেশি এবং চাহিদাকৃত সময়ের আগে বা পরে ঋণ বিতরণ করা যাবে না। ২. ঋণীর গৃহিত প্রকল্প ভালোভাবে যাচাই বাছাই করে দেখতে হবে প্রকল্পটির উৎপাদিত পন্যসামগ্রী বাজারে চাহিদা আছে কি না, প্রকল্পটি লাভজনক ভাবে

৪. ঋণীকে কর্মী/কর্মকর্তা কর্তৃক উৎসাহিত করতে হবে, যাতে গৃহিত ঋণ নিজে ব্যবহার করে। কোন অবস্থায় যাতে ঋণ নিয়ে অন্য কাউকে প্রদান না করে।
৫. সমিতির সাপ্তাহিক মিটিংএ নিয়মিত ভাবে সঞ্চয় ও ঋণ বিষয়ক আলোচনা করতে হবে, যাতে করে ঋণী ঋণ ব্যবহার জনিত বিষয়ে জ্ঞান অর্জন করতে পারে।
৬. ঋণীর স্বার্থ সংরক্ষণের ক্ষেত্রে গৃহিত ঋণের প্রকল্প নিয়মিত ফলোআপ করতে হবে। প্রকল্পের আয় ব্যয় হিসাব রাখার জন্য টালি খাত ব্যবহার করাতে হবে। দায়িত্ব প্রাপ্ত কর্মী প্রকল্প ভিজিট এর সময়ে টালি খাতা থেকে মাসিক আয় ব্যয় হিসাব করে দেখবে, প্রকল্পটি লাভ জনক ভাবে পরিচালিত হচ্ছে কি না।
৭. ঋণীর স্বার্থ সংরক্ষণের ক্ষেত্রে তার জমাকৃত সঞ্চয় এবং কিস্তির হিসাব পাশ বইতে লিখতে হবে এবং মাসিক ব্যালেন্স কালেকশন শীটের সাথে মিল করে সংশ্লিষ্ট ঋণীকে জানাতে হবে।
৮. ঋণী যাতে নিয়মিত কিস্তি পরিশোধ করে, তার জন্য ঋণীর সাথে ব্যক্তিগত যোগাযোগ রাখতে হবে। তার পারিবারিক খোজ খবর নিতে হবে। কিস্তি খেলাপীর কুফল সম্পর্কে তাকে জানাতে হবে। নিয়মিত সঞ্চয় ও কিস্তি যাতে পরিশোধ করেন তার বিষয়ে তাকে উদ্বুদ্ধ করতে হবে।
৯. ঋণীর প্রকল্প নির্বাচন করার ক্ষেত্রে দায়িত্ব প্রাপ্ত কর্মী প্রকল্প মূল্যায়ন করে সম্ভাব্যতা এবং লাভজনকতার বিষয়ে ঋণীর সাথে আলোচনা করে প্রকল্প নির্বাচনে সহযোগীতা করতে হবে। ঋণীর অভিজ্ঞতার আলোকে প্রকল্প নির্বাচন করে সঠিক পরিমাণ ঋণ চাহিদা নিরূপন করতে হবে। প্রকল্পের ধরণ অনুযায়ী ঋণীর সাথে আলোচনা করে কিস্তির ধরণ সাপ্তাহিক অথবা মাসিক ভিত্তিতে হবে কি না তা চূড়ান্ত করতে হবে।
১০. ঋণীর অভিজ্ঞতা এবং সক্ষমতার আলোকে প্রকল্প নির্বাচন করে ঋণের সিলিং নির্ধারণ করতে হবে। ঋণীর চাহিদা মাফিক এবং সময়মত ঋণ প্রদান করতে হবে যাতে করে তার চলতি মূলধনের ঘাটতি না পড়ে।
১১. ঋণী যাতে অন্য কোন প্রতিষ্ঠান থেকে ঋণ না নেয় তার জন্য নিয়মিত ঋণীর সাথে যোগাযোগ করতে হবে এবং প্রকল্প নিয়মিত পরিদর্শন করতে হবে।
১২. ঋণীর গৃহিত প্রকল্পে ঋণ বিতরণের পূর্বে ভালো করে যাচাই বাছাই

- পরিচালিত হবে কি না, প্রকল্পটির আয় ব্যয় বিশ্লেষণ করে দেখতে হবে, প্রকল্প থেকে নিট আয় দ্বারা গৃহিত ঋণের কিস্তি পরিশোধ করতে পারবে কি না। যদি প্রকল্পের নিট আয় থেকে কিস্তি প্রদান করতে না পারে তবে ঐ প্রকল্পে ঋণ বিতরণ করা যাবে না।
৩. সংস্থার কর্মী/কর্মকর্তা কর্তৃক ঋণীকে সার্বিক ভাবে সহযোগীতা করতে হবে, যাতে করে গৃহিত ঋণ অনুমোদিত প্রকল্পে বিনিয়োগ নিশ্চিত হয়। দায়িত্ব প্রাপ্ত সিএম/বিও-লোন নিয়মিত ভাবে প্রকল্প ফলোআপ করতে হবে এবং প্রকল্পের জন্য টেকনিক্যাল সাপোর্ট নিশ্চিত করতে সরকারী সেবা প্রদান বিভাগ সমূহের সাথে ঋণীকে পরিচয় করিয়ে দিতে হবে। যে প্রকল্পের উপর ঋণীর অভিজ্ঞতা নেই সেই প্রকল্পের উপর ঋণ বিতরণ করা যাবে না।
 ৪. ঋণীকে কর্মী/কর্মকর্তা কর্তৃক উৎসাহিত করতে হবে, যাতে গৃহিত ঋণ নিজে ব্যবহার করে। কোন অবস্থায় যাতে ঋণ নিয়ে অন্য কাউকে প্রদান না করে। ঋণী নিজে ঋণ ব্যবহার না করলে তাকে ঋণ বিতরণ করা যাবে না।
 ৫. সমিতির সাপ্তাহিক মিটিংএ নিয়মিত ভাবে সঞ্চয় ও ঋণ বিষয়ক আলোচনা করতে হবে, যাতে করে ঋণী ঋণ ব্যবহার জনিত বিষয়ে জ্ঞান

করতে হবে। পনের বাজার বিশ্লেষণ করতে হবে। গৃহিত প্রকল্পে বিনিয়োগ করে যাতে ঋণীর লোকশান বা প্রকল্পে উৎপাদিত পন্য বাজারে চাহিদা না থাকে, সে রকম প্রকল্প নির্বাচন না করার জন্য ঋণীকে পরামর্শ দিতে হবে।

১৩. সমিতিতে নিয়মিত উপস্থিত হওয়া, সাপ্তাহিক সঞ্চয় ও কিস্তি নিয়মিত প্রদান করা, প্রদানকৃত সঞ্চয় ও কিস্তির টাকা পাশ বইতে লেখা হয়েছে কি না, পাশ বই এর ব্যালেন্স কালেকশন শীটের ব্যালেন্স এর সাথে চেক করা, সঠিক প্রকল্প নির্বাচন করা, সক্ষমতা অনুযায়ী ঋণ গ্রহণ, গৃহিত ঋণ নিজে ব্যবহার করা, এক জনের ঋণ অন্য জন না নেয়া, এক হাতে একাধিক ঋণ না নেয়া, ঋণের কিস্তি খেলাপী না করা, অনুমোদিত প্রকল্পে ঋণ বিনিয়োগ নিশ্চিত করা। এ সকল বিষয় নিয়ে সমিতির মিটিংএ নিয়মিত আলোচনা করাএবং সদস্যদের নিয়ে ত্রৈমাসিক ওয়ার্কশপ করা।

১৪. ঋণী যাতে ঋণ নিয়ে কোন অবস্থায় ক্ষতিগ্রস্ত না হয়, সে বিষয়ে সার্বিক মনিটরিং ও সুপারভিশন করতে হবে।

১৫. কোন সদস্য এর সাথে অসৌজন্যমূলক আচারণ করা যাবে না। সদস্যদের সাথে ভালো ব্যবহার করতে হবে। সদস্যের সমস্যার কথা শুনতে হবে। সমস্যা থাকলে তা অগ্রাধিকার দিয়ে শুনতে হবে, এবং সদস্যের সাথে সম্ভাব্য সমাধান নিয়ে আলোচনা করে সমাধান করতে হবে। সদস্যদের সাথে সুসম্পর্ক বজায় রেখে মোটিভিশন এর মাধ্যমে সঞ্চয় এবং কিস্তি নিয়মিত আদায়ের ব্যবস্থা করতে হবে। কোন অবস্থায় সদস্যদের গালিগালাস বা রাগান্বিত ভাবে কথা বলা যাবে না।

অর্জন করতে পারে। সঞ্চয় ও ঋণ সংক্রান্ত বিষয়ে সমিতির মিটিংএ আলোচনা না করে ঋণ বিতরণ করা যাবে না।

৬. ঋণীর স্বার্থ সংরক্ষণের ক্ষেত্রে গৃহিত ঋণের প্রকল্প নিয়মিত ফলোআপ করতে হবে। প্রকল্পের আয় ব্যয় হিসাব রাখার জন্য টালি খাত ব্যবহার করতে হবে। দায়িত্ব প্রাপ্ত কর্মী প্রকল্প ভিজিট এর সময়ে টালি খাতা থেকে মাসিক আয় ব্যয় হিসাব করে দেখবে, প্রকল্পটি লাভ জনক ভাবে পরিচালিত হচ্ছে কি না। প্রকল্পটি লাভজনক ভাবে পরিচালিত না হলে পুনরায় ঐ প্রকল্পে ঋণ বিতরণ করা যাবে না।

৭. ঋণীর স্বার্থ সংরক্ষণের ক্ষেত্রে তার জমাকৃত সঞ্চয় এবং কিস্তির হিসাব পাশ বইতে লিখতে হবে এবং মাসিক ব্যালেন্স কালেকশন শীটের সাথে মিল করে সংশ্লিষ্ট ঋণীকে জানাতে হবে। ঋণী কর্তৃক জমাকৃত সঞ্চয় ও কিস্তির টাকা পাশ বইতে না লিখে গ্রহণ করা যাবে না।

৮. ঋণী যাতে নিয়মিত কিস্তি পরিশোধ করে, তার জন্য ঋণীর সাথে ব্যক্তিগত যোগাযোগ রাখতে হবে। তার পারিবারিক খোজ খবর নিতে হবে। কিস্তি খেলাপীর কুফল সম্পর্কে তাকে জানাতে হবে। কিস্তি খেলাপীকে পুনরায় ঋণ বিতরণ না করা।

৯. ঋণীর প্রকল্প নির্বাচন করার ক্ষেত্রে দায়িত্ব প্রাপ্ত কর্মী প্রকল্প মূল্যায়ন করে সম্ভবত্যা এবং লাভজনকতার বিষয়ে ঋণীর সাথে আলোচনা করে প্রকল্প নির্বাচনে সহযোগীতা করতে হবে। ঋণীর অভিজ্ঞতার আলোকে প্রকল্প নির্বাচন করে সঠিক পরিমাণ ঋণ চাহিদা নিরূপন করতে হবে। প্রকল্পের ধরণ অনুযায়ী ঋণীর সাথে আলোচনা করে কিস্তির ধরণ সাপ্তাহিক অথবা মাসিক ভিত্তিতে হবে কি না তা চূড়ান্ত করতে হবে। প্রকল্প লাভজনক না হলে ঐ প্রকল্পে ঋণ বিতরণ করা যাবে না।
১০. ঋণীর অভিজ্ঞতা এবং সক্ষমতার আলোকে প্রকল্প নির্বাচন করে ঋণের সিলিং নির্ধারণ করতে হবে। ঋণীর চাহিদা মাফিক এবং সময়মত ঋণ প্রদান করতে হবে যাতে করে তার চলতি মূলধনের ঘাটতি না পড়ে। ঋণীর সক্ষমতার অতিরিক্ত ঋণ বিতরণ না করা।
১১. ঋণী যাতে অন্য কোন প্রতিষ্ঠান থেকে ঋণ না নেয় তার জন্য নিয়মিত ঋণীর সাথে যোগাযোগ করতে হবে এবং প্রকল্প নিয়মিত পরিদর্শন করতে হবে। অন্য কোন প্রতিষ্ঠানের খেলাপী সদস্যকে ভর্তি করে ঋণ বিতরণ করা যাবে না।
১২. ঋণীর গৃহিত প্রকল্পে ঋণ বিতরণের পূর্বে ভালো করে যাচাই বাছাই করতে হবে।

পনের বাজার বিশ্লেষণ করতে হবে। গৃহিত প্রকল্পে বিনিয়োগ করে যাতে ঋণীর লোকশান বা প্রকল্পে উৎপাদিত পণ্য বাজারে চাহিদা না থাকে, সে রকম প্রকল্পে ঋণ বিতরণ করা যাবে না।

১৩. সমিতিতে নিয়মিত উপস্থিত হওয়া, সাপ্তাহিক সঞ্চয় ও কিস্তি নিয়মিত প্রদান করা, প্রদানকৃত সঞ্চয় ও কিস্তির টাকা পাশ বইতে লেখা হয়েছে কি না, পাশ বই এর ব্যালেন্স কালেকশন শীটের ব্যালেন্স এর সাথে চেক করা, সঠিক প্রকল্প নির্বাচন করা, সক্ষমতা অনুযায়ী ঋণ গ্রহণ, গৃহিত ঋণ নিজে ব্যবহার করা, এক জনের ঋণ অন্য জন না নেয়া, এক হাতে একাধিক ঋণ না নেয়া, ঋণের কিস্তি খেলাপী না করা, অনুমোদিত প্রকল্পে ঋণ বিনিয়োগ নিশ্চিত করা। এ সকল বিষয় নিয়ে সমিতির মিটিংএ নিয়মিত আলোচনা করা এবং সদস্যদের এ ধরনের কার্যকলায় থেকে বিরত রাখার ব্যবস্থা নিতে হবে।

১৪. ঋণী যাতে ঋণ নিয়ে কোন অবস্থায় ক্ষতিগ্রস্ত না হয়, সে বিষয়ে সার্বিক মনিটরিং ও সুপারভিশন করতে হবে। প্রকল্প মূল্যায়ন করে ঝুঁকি মুক্ত বা কম ঝুঁকি পূর্ণ প্রকল্পে ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে।

১৫. কোন সদস্য এর সাথে অসৌজন্যমূলক আচারণ

	<p>করা যাবে না। সদস্যদের সাথে ভালো ব্যবহার করতে হবে। সদস্যর সমস্যার কথা শুনতে হবে। সমস্যা থাকলে তা অগ্রাধিকার দিয়ে শুনতে হবে, এবং সদস্যর সাথে সম্ভাব্য সমাধান নিয়ে আলোচনা করে সমাধান করতে হবে। সদস্যদের সাথে সুসম্পর্ক বজায় রেখে মোটিভিশন এর মাধ্যমে সঞ্চয় এবং কিস্তি নিয়মিত আদায়ের ব্যবস্থা করতে হবে। কোন অবস্থায় সদস্যদের গালিগালাস বা রাগান্বিত ভাবে কথা বলা যাবে না।</p>
<p>৭.৫। সমিতি কার্যক্রম ও আদায় বিবরণী (কালেকশন শীট) ব্যবস্থাপনার ক্ষেত্রে:</p> <ol style="list-style-type: none"> ১. সদস্য জরিপ KYC ফরম এর তথ্যের আলোকে কালেকশন শীটে সকল সদস্যর মৌলিক তথ্য লিপিবদ্ধ করে রাখতে হবে। প্রত্যেকটি সদস্যর জাতীয় পরিচয়পত্র নম্বর এবং মোবাইল নম্বর বাধ্যতামূলক ভাবে মৌলিক তথ্যে লিখিত থাকতে হবে। ২. প্রত্যেক সদস্যর ঋণ বিতরণ তারিখ, পরিমাণ, প্রথম কিস্তি আদায়যোগ্যের তারিখ, একক কিস্তির পরিমাণ, ঋণ আদায়ের শেষ মেয়াদ এবং নিয়মিত সঞ্চয়-মাসিক জমার শুরু তারিখ এবং পরিমাণ অবশ্যই লিখিত থাকতে হবে। ৩. সমিতি ভিত্তিক কালেকশন শীট এ প্রতিটি সমিতির কর্ম এলাকার মানচিত্র, কর্ম এলাকার সার্বিক জরিপকৃত তথ্য সঠিক এবং নির্ভুল ভাবে লিখিত থাকতে হবে। ৪. কালেকশন শীটের প্রতিটি কলাম যথাযথ ভাবে পূরণ করা থাকতে হবে। কালেকশন শীটের কোন কলাম খালি বা অসম্পূর্ণ রাখা যাবে না। ৫. প্রতিটি সমিতির কালেকশন শীটে বাৎসরিক বিজনেস প্লান মাস ভিত্তিক লিখিত থাকবে, এবং এর আলোকে অর্জন চিত্র কালেকশন শীটের নির্ধারিত স্থানে নিয়মিত মাসিক ভিত্তিতে লিখতে হবে। ৬. সমিতি inspection বা পরিদর্শন করে প্রাপ্ত দুর্বলতা কালেকশন শীটের নির্ধারিত স্থানে লিখিত থাকতে হবে। 	<p>৭.৫। সমিতি কার্যক্রম ও আদায় বিবরণী (কালেকশন শীট) ব্যবস্থাপনার ক্ষেত্রে:</p> <ol style="list-style-type: none"> ১. সদস্য জরিপ KYC ফরম এর তথ্যের আলোকে কালেকশন শীটে সকল সদস্যর মৌলিক তথ্য লিপিবদ্ধ না করে অসম্পূর্ণ রাখা যাবে না। প্রত্যেকটি সদস্যর জাতীয় পরিচয়পত্র নম্বর এবং সঠিক মোবাইল নম্বর না থাকলে সমিতিতে সদস্য হিসাবে ভর্তি করা যাবে না। ২. প্রত্যেক সদস্যর ঋণ বিতরণ তারিখ, পরিমাণ, প্রথম কিস্তি আদায়যোগ্যের তারিখ, একক কিস্তির পরিমাণ, ঋণ আদায়ের শেষ মেয়াদ এবং নিয়মিত সঞ্চয়-মাসিক জমার শুরু তারিখ এবং পরিমাণ কলাম সমূহ পূরণ না করে সদস্য ভিত্তিক

৭. কালেকশন শীটে আদায়কৃত সঞ্চয় এবং ঋণের কিস্তি যথাযথ ভাবে সদস্য ভিত্তিক সারি এবং কলামে স্পষ্ট করে লিখতে হবে। প্রতিদিনের কালেকশন শীটের আদায়কৃত অর্থ বিও-হিসাব কর্তৃক আড়া-আড়ি এবং লম্বা-লম্বি যোগ করে আদায়কৃত অর্থের পরিমাণ নিশ্চিত হয়ে DCR এ পোষ্টিং দিতে হবে, এবং DCR এ সংশ্লিষ্ট সিএম/বিও-লোন এর অর্থ জমা দেয়ার সময় লিখে স্বাক্ষর নিতে হবে।
৮. কালেকশন শীটে প্রতিদিনের আদায় কৃত সঞ্চয় ও ঋণের কিস্তি পোষ্টিং নিশ্চিত হয়ে ব্যালেন্সিং করে সিএম/বিও-লোন, বিও-হিসাব, এবং বিএম নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন।
৯. প্রতিটি কালেকশন শীট নির্ভুল ভাবে মাসিক ভিত্তিতে opening এবং closing করতে হবে। বিএম কর্তৃক কালেকশন শীটের opening এবং closing পৃষ্ঠাতে প্রত্যয়ন পূর্বক স্বাক্ষর করতে হবে।
১০. সদস্যকে সঞ্চয় ফেরত, সঞ্চয় ঋণের সাথে সমন্বয়, সুদ প্রদান করার ক্ষেত্রে কালেকশন শীটে নির্ভুল ভাবে পোষ্টিং দিয়ে ব্যালেন্সিং করতে হবে। কালেকশন শীটের ব্যালেন্স এবং সদস্যর পাশ বই এর ব্যালেন্স মিল করে, কালেকশন শীটে পোষ্টিং দিয়ে তার পর সঞ্চয় ফেরত, ঋণের সাথে সমন্বয় করতে হবে।
১১. কালেকশন শীটের সঞ্চয়, ঋণ স্থিতি, এবং বকেয়ার স্থিতি নিয়মিত ভাবে সদস্যর পাশ বই এর সাথে ব্যালেন্সিং করে দায়িত্ব প্রাপ্ত সিএম/বিও-লোন, বিও-হিসাব, এবং বিএম স্বাক্ষর করতে হবে। বছর শেষে কালেকশন শীটের সঞ্চয়, ঋণ স্থিতি, এবং বকেয়ার স্থিতি সদস্যর পাশ বই এর সাথে ব্যালেন্সিং করে নিশ্চিত হয়ে নতুন বছরের কালেকশন শীটে স্থানান্তর করতে হবে।
১২. কালেকশন শীট বেইজ মনিটরিং করার ক্ষেত্রে যে সকল সদস্য কালেকশন বারে সঞ্চয় এবং ঋণের কিস্তি প্রদান করেননি, তাদের সাথে আদায়কৃত অর্থ জমা নেয়ার পূর্বেই বিও-হিসাব মোবাইল ফোনে আলাপ করে নিশ্চিত হতে হবে যে উক্ত সদস্য আসলেই কিস্তি প্রদান করেননি। কিস্তি খেলাপী নিশ্চিত না হয়ে আদায়যোগ্যের তুলনায় নিয়মিত আদায় কম বা আংশিক জমা না নেয়া।
১৩. কালেকশন শীট বেইজ ধরে বিএম প্রতিদিন কিস্তি খেলাপী সদস্যর সাথে স্বশরীরে অথবা মোবাইলে ফোনের মাধ্যমে ক্রস চেক করে নিশ্চিত হতে হবে খেলাপী কিস্তির ব্যবপারে। খেলাপী কিস্তি নিশ্চিত না হয়ে দিন শেষে কালেকশন শীট closing না করা।
১৪. প্রতিটি কালেকশন শীটে সিএম/বিও-লোন এর সমিতির দায়িত্ব গ্রহণ এবং হস্তান্তর এর তারিখ লিখিত থাকতে হবে। দায়িত্ব গ্রহণকারী এবং দায়িত্ব হস্তান্তরকারী সিএম/বিও-লোন এর স্বাক্ষর অবশ্যই থাকতে হবে। সমিতির দায়িত্ব গ্রহণকারী সিএম/বিও-লোনকে সমিতির দায়িত্ব গ্রহণের ২(দুই) সপ্তাহের মধ্যে কালেকশন শীট অনুযায়ী সকল সদস্যর সঞ্চয় এবং ঋণের ব্যালেন্স সদস্য ভিত্তিক পাশ বই এর সাথে

কার্যক্রম পরিচালনা করা যাবে না।

৩. সমিতি ভিত্তিক কালেকশন শীট এ প্রতিটি সমিতির কর্ম এলাকার মানচিত্র, কর্ম এলাকার সার্বিক জরিপকৃত তথ্য সঠিক এবং নির্ভুল ভাবে লিপিবদ্ধ না করে সমিতির কালেকশন শীট হিসাবে ব্যবহার করা যাবে না।
৪. কালেকশন শীটের প্রতিটি কলাম যথাযথ ভাবে পূরণ না করে ফাকা বা অসম্পূর্ণ রাখা যাবে না।
৫. প্রতিটি সমিতির কালেকশন শীটে বাৎসরিক বিজনেস প্লান এবং এর আলোকে অর্জন চিত্র কালেকশন শীটের নির্ধারিত স্থানে মাস ভিত্তিক না লিখে কালেকশন শীট closing করা যাবে না।
৬. সমিতি inspection বা পরিদর্শন করে প্রাপ্ত দুর্বলতা কালেকশন শীটের নির্ধারিত স্থানে লিখিত না থাকলে inspection বা পরিদর্শন করা হয়েছে হিসাবে গন্য হবে না।
অন্যভাবে ঝুঁকি শ্রেণীকরণ হিসাবে Traditional Financial risks যেমন ক্রেডিট, বৈদেশিক বিনিময়, তারল্য ইত্যাদি এবং Higher Level বা বৃহদ আঙ্গিকে ঝুঁকি যেমন Reputational, Political এবং regulatory risk. এছাড়াও নতুন ঝুঁকি হিসাবে Technology ব্যবহার জনিত ঝুঁকি সৃষ্টি হচ্ছে। Traditional Financial risks শক্তিশালী কর্মী ব্যবস্থাপনার আওতায় দক্ষ কর্মী, শক্তিশালী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, পলিসি/গাইড লাইন, এবং মনিটরিং ও সুপারভিশনের মাধ্যমে নিয়ন্ত্রণ করা সম্ভব। Emerging technological risks সমূহ Proper IT ব্যবস্থাপনার মাধ্যমে নিয়ন্ত্রণ করা সম্ভব।

১৩। ঝুঁকি ব্যবস্থাপনার গুরুত্ব:

মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠান সমূহের কার্যক্রমের দ্রুত প্রবৃদ্ধির ফলে পর্যাপ্ত জ্ঞান এবং ঝুঁকি বিশ্লেষণ না করে যত্রতত্র ঋণ কার্যক্রম পরিচালনা করছে প্রতিযোগিতা মূলক পরিবেশে ফলে মাইক্রোফাইন্যান্স সেक्टरে বিদ্যমান ঝুঁকি আরো বর্ধিত কলেবরে বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশের প্রেক্ষাপটে অধিকাংশ NGO মাইক্রোফাইন্যান্স কার্যক্রম পরিচালনা করছে এবং নতুন নতুন এলাকায় কার্যক্রম দ্রুত সম্প্রসারণ করছে। অধিকাংশ প্রতিষ্ঠান ব্যাংকিং আদলে ঋণ কার্যক্রম করছে। মাইক্রোফাইন্যান্স কার্যক্রম সর্বদা একটি ঝুঁকিপূর্ণ ব্যবসা যেখানে Market fluctuations, political uncertainties, regulatory changes এবং Frequently disaster সংগঠিত হচ্ছে। কিছু কিছু এলাকাতে Client over-indebtedness এর ফলে প্রতিষ্ঠান সমূহ ঝুঁকির মধ্যে পড়ছে। সুতরাং সংস্থার Financial Stability এবং Client Well-being সংরক্ষিত করার জন্য শক্তিশালী ঝুঁকি ব্যবস্থাপনার গুরুত্ব অপরিসীম। ঝুঁকি ব্যবস্থাপনা কোন বিচ্ছিন্ন বিষয় নয়, এটা একটি Integral part of the MFI's activities. ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় কোন ব্যবসার সুযোগ নেয়া যাবে, কোন ধরনের Client বা সদস্য ভর্তি করা হবে, কোন ধরনের Product

promote করা হবে, কোন ধরনের Funding agency থেকে Fund procure করা হবে। ঋণ বিতরণ এবং আদায় প্রক্রিয়া কি হবে এ সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

১৪। ঝুঁকি ব্যবস্থাপনাকে শক্তিশালী করার ক্ষেত্রে Top Management এর Role:

Top Management এক্ষেত্রে Proactive role নিতে হবে এবং সকল ধরনের Institutional and external risks কে consider করে সঠিক নেতৃত্ব এবং স্বচ্ছ ধারণা দিতে হবে Operation বাস্তবায়নে কর্মরত স্টাফদের। প্রথমে ঝুঁকি ব্যবস্থাপনা এবং এর প্রয়োজনীয়তা সম্পর্কে সমক্ষ ধারণা নিয়ে প্রতিষ্ঠানের Risk appetite চিহ্নিত করে কৌশল পত্র, বাৎসরিক পরিকল্পনা এবং বাজেট প্রণয়ন করে বোর্ড থেকে অনুমোদন নিতে হবে। ঝুঁকি ব্যবস্থাপনাকে শক্তিশালী করার জন্য Monitoring the risk in line with mission and risk culture এর সাথে সমন্বয় করতে হবে। কোন অবস্থায় clients ক্ষেত্রে negatively impacting করা যাবে না। ঝুঁকি ব্যবস্থাপনা শক্তিশালী করার ক্ষেত্রে কার্যকরী Monitoring ব্যবস্থা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, জবাবদিহীতা, দায়বদ্ধতা এবং Strong MIS ব্যবস্থা তৈরী করতে হবে।

১৫। মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানের Risk appetite :

প্রত্যেক প্রতিষ্ঠানের কৌশলগত ঝুঁকি থাকে তাদের Business objectives and social mission বাস্তবায়নের ক্ষেত্রে। Social mission এবং Business objectives বাস্তবায়নের ক্ষেত্রে যে strategic risks থাকে তাকে Risk appetite বলে। Risk appetite এর ক্ষেত্রে সকল ধরনের ঝুঁকি যেমন, strategic risk, operational, financial, non-financial, compliance and reputational risks address করা হয়ে থাকে। MFI's এর ক্ষেত্রে risk appetite অত্যন্ত গুরুত্বপূর্ণ, যেখানে পর্যাপ্ত ভাবে সকল ঝুঁকি চিহ্নিত করে Manage করা হয়ে থাকে।

১৬। প্রধান ঝুঁকি কর্মকর্তার ভূমিকা :

প্রধান ঝুঁকি কর্মকর্তার তিনটি প্রধান কার্যক্রম সম্পাদন করতে হয়ে থাকে যেমন: ঝুঁকি সংক্রান্ত প্রতিবেদন, ঝুঁকি মনিটরিং ও বিশ্লেষণ, এবং Top Management এর নিকট প্রতিবেদন উপস্থাপন করা। ঝুঁকি প্রতিবেদনের ক্ষেত্রে সকল প্রতিবেদন যাহা উপস্থাপন করা হয়েছে তাহা সঠিক প্রত্যয়ন করা। রিপোর্টিং প্রক্রিয়া বছর ভিত্তিক reviewed করা এবং প্রয়োজনীয় সংশোধনীর ব্যবস্থা নেয়া। প্রধান ঝুঁকি কর্মকর্তা কার্যক্রমের সকল ঝুঁকি মনিটরিং এবং বিশ্লেষণ করবেন, বিশেষ করে Credit risk, market risk, operational risk, social performance, solvency, reputational risk. এ সকল ঝুঁকির উপর অগ্রাধিকার ভিত্তিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে প্রতিবেদন আকারে সুপারিশসহকারে অবগত করবেন।

১৭। ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া :

ঝুঁকি ব্যবস্থাপনা সংস্থার একটি চলমান প্রক্রিয়া যেখানে নিয়মতান্ত্রিকভাবে ঝুঁকি চিহ্নিত করা, ঝুঁকি পরিমাপ করা, ঝুঁকি মনিটরিং করা এবং ঝুঁকি Manage করা হয়ে থাকে। ঝুঁকি ব্যবস্থাপনা সংস্থার কোর ব্যবস্থাপনার আওতায় সকল কার্যক্রম মনিটরিং এবং বিশ্লেষণ করে থাকে এবং যাহা সংস্থার Risk profile হিসাবে থাকে। ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষেত্রে মনে করার কারণ নেই যে এর ফলে সকল ঝুঁকি হ্রাস পেয়ে যাবে। ঝুঁকি ব্যবস্থাপনার মূখ্য উদ্দেশ্য হচ্ছে to optimize risk –reward trade off করা। ঝুঁকি ব্যবস্থাপনা প্রধানত ৪টি প্রক্রিয়ায় সম্পাদন করা হয়ে থাকে।

১. ঝুঁকি চিহ্নিত করণ:

ঝুঁকি ব্যবস্থাপনার প্রথম স্টেপ হচ্ছে ঝুঁকি চিহ্নিত করা। মাইক্রোফাইন্যান্স কার্যক্রম যে সমস্ত product এবং সেবা দিয়ে থাকে প্রত্যেকটির ক্ষেত্রে বহুবিধ ঝুঁকি বিদ্যমান থাকে। প্রতিটি লেভিৎ কার্যক্রমের ক্ষেত্রে সর্বনিম্ন ৪টি ঝুঁকির সম্মুখীন হতে হয়, যেমন; ঋণ ঝুঁকি, সুদের হার জনিত ঝুঁকি, তারল্য ঝুঁকি এবং পরিচালনাগত ঝুঁকি।

ঝুঁকি চিহ্নিত করা মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানের একটি চলমান প্রক্রিয়া। প্রতিটি লেন-দেন এবং পোর্টফলিও লেভেলের ঝুঁকি বুঝতে হবে এবং চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

২. ঝুঁকি পরিমাপ করা:

যখন কোন নির্দিষ্ট কার্যক্রমের ক্ষেত্রে ঝুঁকি চিহ্নিত হয়ে যায় তখন প্রতিটি ঝুঁকির ক্ষেত্রে ফলাফলের উপর ভিত্তি করে সংস্থার লাভজনকতা এবং মূলধনের ক্ষতির পরিমাণ পরিমাপ করতে হবে। প্রতিটি ঝুঁকি পুন-মূল্যায়ন করতে হবে ঝুঁকির সাইজ, সময়কাল, সম্ভবতা এবং বিপরীত প্রভাব এর উপর ভিত্তি করে। সঠিকভাবে সময়মত প্রত্যেকটি ঝুঁকি পরিমাপ করা এবং ঝুঁকি মোকাবেলার প্রস্তুতি নেয়াই হচ্ছে কার্যকরী ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি।

৩. ঝুঁকি নিয়ন্ত্রণ:

ঝুঁকি চিহ্নিত করা এবং এর ফলাফল পরিমাপ করার মাধ্যমে প্রতিটি মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানের ঝুঁকি নিয়ন্ত্রণ বা ঝুঁকি হ্রাস করার পরিকল্পনা করতে হয়। সাধারণত ৩টি প্রক্রিয়ায় ঝুঁকি নিয়ন্ত্রণ বা ঝুঁকি হ্রাস করতে হয়। যেমন: নির্দিষ্ট কার্যক্রম যেখানে ঝুঁকির প্রবনতা বেশি সে সকল কার্যক্রম পরিহার বা নির্দিষ্ট সীমা নির্ধারণ করা। নিয়মিত মনিটরিং এর মাধ্যমে ঝুঁকি মিটিগেটিং করা এবং প্রয়োজনে ঝুঁকি অপসেটিং করা। প্রতিটি মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানের ঝুঁকি নিয়ন্ত্রণ বা ঝুঁকি হ্রাস করার ক্ষেত্রে পলিসি, ঝুঁকির আদর্শমান এবং নির্দেশিকা প্রণয়ন করা, যার মধ্যে দায়-দায়িত্ব এবং অর্পিত ক্ষমতা নির্দিষ্ট করা থাকবে ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষেত্রে করণীয় হিসাবে।

৪. ঝুঁকি মনিটরিং:

প্রতিটি মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানের একটি দক্ষ এম.আই.এস ব্যবস্থাপনা থাকবে। যেখানে প্রতিটি লেন-দেন এবং কার্যক্রমের ক্ষেত্রে সঠিকভাবে ঝুঁকি চিহ্নিত এবং ঝুঁকির পরিমাণ পরিমাপ করতে পারবে। ঝুঁকি মনিটরিং করার ক্ষেত্রে এম.আই.এস একই রকম গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করবে। ঝুঁকি মনিটরিং এর আওতায় সংস্থার রিপোর্টিং পদ্ধতি তৈরী করবে, যার মাধ্যমে সম্ভাব্য ঝুঁকির পরিবর্তন এবং ঝুঁকি প্রোফাইল থাকবে, ঋণ প্রডাক্ট, সার্ভিস এবং কার্যক্রমের ক্ষেত্রে। ঝুঁকি ব্যবস্থাপনায় মনিটরিং এর মাধ্যমে সম্ভাব্য ঝুঁকি সমূহ চিহ্নিত করে এর প্রভাব এবং ক্ষতিকর ফলাফল কমানোর ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখতে পারবে।

১৮। মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের Operational risk Management:

পরিচালনাগত ঝুঁকি প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে লোকসান সৃষ্টি করে অপরিষ্কার অথবা অভ্যন্তরীণ দুর্বল নিয়ন্ত্রণ প্রক্রিয়া এবং পদ্ধতির কারণে। এখানে নীতিমালা/নির্দেশিকা প্রতিপালন না করা এবং অটোমেটেড সিস্টেম, প্রক্রিয়া, প্রসিডিউর সঠিকভাবে, সঠিক নিয়মে এবং সময়মত পালন না করার ফলে প্রতিটি লেন-দেন এবং কার্যক্রমের ঝুঁকির ফলে সংস্থার মূলধন লোকসানের সম্ভাবনা দেখা দেয়। প্রতিটি মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানের পরিচালনাগত ঝুঁকি ব্যবস্থাপনা প্রতিপালন করছে কি না তা দেখার জন্য ঝুঁকি ও মনিটরিং বিভাগ থাকে। সাধারণত প্রতিটি মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানে কিছু common পরিচালনাগত ঝুঁকি বিদ্যমান থাকে। যেমন;

১. এম.আই.এস পদ্ধতি সঠিকভাবে কাজ না করলে, লোন ট্র্যাকিং করার ক্ষেত্রে দুর্বলতার ফলে ঋণ বিতরণ, ঋণ আদায়, ঋণ স্থিতির চলতি অবস্থা, ঋণ স্থিতির শ্রেণীকরণ করার ক্ষেত্রে ঝুঁকি সৃষ্টি করে।
২. কার্যকরী এম.আই.এস পদ্ধতির দুর্বলতার ফলে পোর্টফলিও ম্যানেজমেন্ট এর নিরাপত্তা নিশ্চিত করতে পারে না।
৩. লোন পোর্টফলিও ডাটা এবং হিসাব ব্যবস্থাপনার ডাটার মধ্যে গড়মিলের ফলে ঝুঁকি সৃষ্টি হয়ে থাকে।

৪. লোন রি-সিডিউল এর রেকর্ড সঠিকভাবে না রাখার ফলে ঋণ সময়মত আদায় না হওয়ার অনিশ্চয়তা দেখা দেয়।
৫. শক্তিশালী এম.আই.এস না থাকার ফলে লোন পোর্টফলিও সংক্রান্ত অনিয়ম বা Fraud নিয়ন্ত্রণ করা যায় না। অপরিষ্কার লোন ট্র্যাকিং করার ফলে পোর্টফলিও aging এবং লোনের History পাওয়া যায় না।
৬. পরিচালনাগত ঝুঁকি সৃষ্টির জন্য বিশেষ করে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং Corporate governance এর দুর্বলতা বেশি অংশে দায়ী। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং সুশাসন এর দুর্বলতার কারণে ভুল, অনিয়ম, দুর্নীতি, আত্মসাৎ এবং অদক্ষতার সৃষ্টি হয়। যার ফলে সংস্থার আর্থিক লোকসান বহন করতে হয়। অন্যদিকে তথ্য প্রযুক্তি পদ্ধতির দুর্বলতার জন্য বড় ধরনের পরিচালনাগত ঝুঁকি সৃষ্টি হয়।

১৯। পরিচালনাগত ঝুঁকি কমানোর ক্ষেত্রে করণীয় সমূহ :

১. অনুমোদিত Business plan বা ব্যবসায়িক পরিকল্পনা এবং পলিসি থাকতে হবে। এতে করে ব্যবস্থাপনার দায়বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং পরিচালনাগত ঝুঁকি হ্রাস পাবে।
২. অনুমোদিত ঝুঁকি ব্যবস্থাপনা পলিসি থাকবে যার আলোকে ঝুঁকি ব্যবস্থাপনা করতে হবে।
৩. দায়বদ্ধতা ও অর্পিত ক্ষমতার আলোকে ব্যবস্থাপনার বিকেন্দ্রীকরণ পলিসি থাকবে। যার মাধ্যমে সঠিকভাবে দায়বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং পরিচালনাগত ঝুঁকি অনেকাংশে হ্রাস পাবে।
৪. পরিচালনাগত ঝুঁকির বিষয় সিনিয়র ম্যানেজমেন্ট এর পূর্ণ বোঝাপড়া থাকতে হবে এবং যথাযথ সমন্বয়পযোগী পলিসি তৈরী পূর্বক বাস্তবায়ন করার জন্য অপারেটিং স্টাফদের নির্দেশনা দিতে হবে এবং মনিটরিং নিশ্চিত করতে হবে।
৫. দৈনিক/ সাপ্তাহিক পারফরমেন্স যথাযথভাবে পর্যালোচনা কওে দুর্বলতা সমূহ চিহ্নিত করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬. Periodically ঝুঁকি ব্যবস্থাপনা রিভিউ করতে হবে এবং সকল বিজনেস কৌশলপত্র, পলিসি, নির্দেশিকার সংশোধন আনতে হবে।
৭. সিনিয়র ম্যানেজমেন্ট সংস্থার ডে টু ডে ম্যানেজমেন্ট এর জন্য দায়বদ্ধ থাকেন। সুতরাং ঝুঁকি ব্যবস্থাপনায় তাদের অগ্রণী ভূমিকা পালন সহ দায়িত্ব ও অর্পিত ক্ষমতা বন্টন করতে হবে।
৮. অনুমোদিত ঝুঁকি ব্যবস্থাপনা কৌশল বাস্তবায়ন করার জন্য সিনিয়র ম্যানেজমেন্ট থেকে পলিসি, নির্দেশিকা এবং পালনীয় বিষয় নির্ধারণ করতে হবে।
৯. শক্তিশালী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা তৈরী করতে হবে। যার মাধ্যমে ঝুঁকি চিহ্নিত, পরিমাপ, ঝুঁকি মনিটরিং ও ঝুঁকি নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে।
১০. অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ থেকে পরিচালনাগত ঝুঁকি ব্যবস্থাপনার রিভিউ করবেন এবং সিনিয়র ম্যানেজমেন্ট এর নিকট সুপারিশ আকারে প্রদান করবেন।
১১. সকল কার্যক্রমের ক্ষেত্রে কমপ্লাইয়েন্স ইস্যু চিহ্নিত করে তালিকা করা এবং এর থেকে নন-কমপ্লাইয়েন্স ইস্যু চিহ্নিত করা এবং দায় দায়িত্ব নির্ধারণ করে ব্যবস্থা নেয়া।
১২. চেইন অব কমান্ড লাইন তৈরী করা এবং সময়মত সকল কর্মী/কর্মকর্তাদের পরিচালনাগত ঝুঁকি ব্যবস্থাপনার পলিসি অবগত করা এবং প্রতিপালন করার জন্য নির্দেশনা দেয়া।
১৩. সকল মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানে পলিসি, প্রসেস, নির্দেশিকা থাকবে পরিচালনাগত ঝুঁকি মিটিগেট করার জন্য। প্রতিষ্ঠান ঝুঁকির ক্ষেত্রে Cost & Benefit পর্যালোচনা করে ঝুঁকি নিয়ন্ত্রণ কৌশলপত্র তৈরী করবেন, যাহা পরিচালনাগত ঝুঁকি হ্রাসের জন্য ব্যবহার করবেন।

২০। মনিটরিং এবং কন্ট্রোল পরিমাপঃ

১. ঝুঁকি চিহ্নিত করণ একটি ট্রিকিক্যাল বিষয় যাহা অপারেশনাল ঝুঁকি পরিমাপ, মনিটরিং এবং নিয়ন্ত্রণকে প্রভাবিত করে থাকে। কার্যকরী ঝুঁকি চিহ্নিত করণ অভ্যন্তরীণ এবং বহিঃফ্যাক্টরের উপর নির্ভর করে। অভ্যন্তরীণ ফ্যাক্টর

যেমন; প্রতিষ্ঠানের স্ট্রাকচার/স্তর বিন্যাস, মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের প্রকৃতি, কর্মী/কর্মকর্তাদের কোয়ালিটি, সংস্থার পরিবর্তন এবং কর্মী/কর্মকর্তাদের টার্নওভার। বহিঃফ্যাক্টর যেমন; দেশের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন, প্রযুক্তির পরিবর্তনশীলতা, রাজনৈতিক স্থিতিশীলতার ঘাটতি। এ সকল কারণে সঠিকভাবে ঝুঁকি পরিমাপ করা যায় না।

২. পরিচালনাগত ঝুঁকির ক্ষেত্রে সম্ভাব্য কি কি খাতে লোকসান হবে এবং লোকসানের সাইজ কি হতে পারে তা পরিমাপ করতে হবে। মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানকে অপারেশনাল রিস্ক ডাটা ট্র্যাকিং করতে হবে এবং মৌলিক তথ্যের উপর পরিমাপ, মনিটরিং এবং নিয়ন্ত্রণের মাধ্যমে অপারেশনাল রিস্ক হ্রাসের বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে।
৩. অপারেশনাল রিস্ক পরিমাপ করার ক্ষেত্রে কি কি ফ্যাক্টর এ ঝুঁকি বিদ্যমান তা চিহ্নিত করতে হবে। অপারেশনাল রিস্ক চিহ্নিত করার ক্ষেত্রে যে সমস্ত রিস্ক অভ্যন্তরীণ প্রসেস, মানব সম্পদ ব্যবস্থাপনা এবং অপারেশনাল পদ্ধতির সাথে সম্পৃক্ত সে সকল বিষয়ে ডকুমেন্টস সংগ্রহ করা এবং রেশনাল বিশ্লেষণ করে পরোক্ষ ঝুঁকি চিহ্নিত করে ঝুঁকি ব্যবস্থাপনা পলিসিতে অন্তর্ভুক্ত করতে হবে।
৪. প্রত্যেক মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানের ঝুঁকি ব্যবস্থাপনা ও মনিটরিং করার জন্য মনিটরিং বিভাগ থাকা আবশ্যিক। মনিটরিং এর ক্ষেত্রে পদ্ধতিগত মনিটরিং ব্যবস্থা থাকবে এবং একটি চলমান প্রক্রিয়া হিসাবে প্রধান বিজনেস লাইন এর ক্ষেত্রে পরিচালনাগত ঝুঁকি মনিটরিং করবেন। মনিটরিং এর মাধ্যমে পরিচালনাগত ঝুঁকির কারণে সরাসরি লোকসান চিহ্নিত এবং প্রত্যেকটি খাতের অনিয়ম বিশ্লেষণ করে অনিয়মের ধরণ, কারণ বর্ণনাসহকারে প্রতিবেদন টপ-ম্যানেজমেন্টকে প্রদান করবেন।
৫. মনিটরিং করার ক্ষেত্রে off site এবং on site মনিটরিং এর মাধ্যমে কার্যক্রমের চলমান ঝুঁকি চিহ্নিত করতে হবে। off site মনিটরিং এর মাধ্যমে কোথায় কোথায় ঝুঁকি সৃষ্টি হচ্ছে তার তালিকা তৈরী করে on site মনিটরিং করতে হবে। on site মনিটরিং এর মাধ্যমে ঝুঁকির কারণ, কার দ্বারা ঝুঁকি সৃষ্টি হয়েছে, ঝুঁকির ভয়াবহতা কি ধরণের, এর ফলে সংস্থা কি ধরণের ক্ষতির সন্মুখীন হবে তা পরিমাপ করা এবং দায়ি ব্যক্তি চিহ্নিত করে দায় নির্ধারণ করে ব্যবস্থা নিতে হবে।
৬. নিয়মিত বিরতিতে মনিটরিং করার ফলে পরিচালনাগত ঝুঁকির ধরণ, কারণ এবং পরিচালনাগত পরিবেশের দুর্বল দিক চিহ্নিত হয়। মনিটরিং তখন কার্যকর হয় যখন অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ব্যবস্থা অপারেশনের সাথে সমন্বিত থাকে এবং নিয়মিত রিপোর্টিং ব্যবস্থা বিদ্যমান থাকে। মনিটরিং কার্যক্রমের ফলাফল এবং কমপ্লাইয়েন্স অভ্যন্তরীণ এবং বহিঃ নিরীক্ষক দ্বারা রিভিউ করা হয়ে থাকে। একটি শক্তিশালী এম.আই.এস ব্যবস্থাপনা অপারেশনাল রিস্ক চিহ্নিত এবং রিপোর্ট করতে সক্ষম হয়।

২১। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা :

১. অপারেশনাল রিস্ক মিটিগেটিং এবং হ্রাস করার ক্ষেত্রে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রধান টুলস হিসাবে কাজ করে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় দায়িত্ব ও কর্তব্য পৃথকীকরণ, ক্রিয়ার ম্যানেজমেন্ট রিপোর্টিং লাইন, পর্যাপ্ত অপারেশনাল প্রসিডিউর থাকে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতার কারণে অপারেশনাল রিস্ক সৃষ্টি হয় যার ফলে সংস্থার বড় ধরণের মূলধন নষ্ট হতে পারে।
২. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা বাস্তবায়ন করার ক্ষেত্রে ঝুঁকি সমূহকে অন্তর্ভুক্ত করে ডিজাইন করতে হয়। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় পলিসি, নির্দেশিকার আলোকে সেট-অপ কমপ্লাইয়েন্স ইস্যুর তালিকা করা এবং ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় মনিটরিং এর মাধ্যমে নন-কমপ্লাইয়েন্স ইস্যু চিহ্নিত করে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করা। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রধান প্রধান উপাদান সমূহ;
 - ক. টপ লেভেল থেকে সংস্থার উদ্দেশ্যের আলোকে কার্যক্রম সমূহের অগ্রগতি রিভিউ করা।

- খ. ব্যবস্থাপনা নিয়ন্ত্রণের আওতায় নিয়মিত কমপ্লাইয়েন্স ইস্যুর আলোকে নন-কমপ্লাইয়েন্স ইস্যু সমূহ চেক করা এবং ব্যবস্থা নেয়া।
- গ. পলিসি, প্রসেস এবং নির্দেশিকা রিভিউ করা এবং সংশোধনের উদ্যোগ নেয়া এবং নন-কমপ্লাইয়েন্স ইস্যু সমূহ রেজুলেশনভুক্ত করা।
- ঘ. টেবিল অফ অথরিটি পদ্ধতির অনুমোদন দেয়া এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক দায়বদ্ধতা ও জবাবদিহীতা নিশ্চিত করা।
৩. কার্যকরী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা একটি সমন্বিত ব্যবস্থা, যাহা নিয়মিত মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের আওতাভুক্ত কর্মী/কর্মকর্তাদের কাজের জবাবদিহীতা এবং দায়বদ্ধতা নিয়ন্ত্রণ করে থাকে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের পরিবর্তন সমূহ দ্রুত আমলে নিয়ে অপ্রয়োজনীয় খরচ সমূহ পরিহার করে।
৪. কার্যকরী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার আওতায় মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের কর্মী/কর্মকর্তাদের দায়িত্ব পৃথকীকরণ করা থাকে, কিন্তু মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানে কর্মরত অন্যান্য যাদের দায়িত্ব পৃথকীকরণ থাকে না তাদের সাথে Conflict of interest তৈরী হয়। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পোটেনশিয়াল Conflict of interest সমূহ চিহ্নিত করে মিনিমাইজড করে এবং সর্তকর্তার সাথে নিরপেক্ষভাবে মনিটরিং এর মাধ্যমে রিভিউ করে থাকে।
৫. অভ্যন্তরীণ নিরীক্ষা ব্যবস্থা অপারেশনাল রিস্ক ম্যানেজমেন্ট এর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে থাকেন। শক্তিশালী অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা বাস্তবায়ন হচ্ছে কি না সেটা দেখা অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের অন্যতম কাজ। অপারেশনাল দুর্বলতা চিহ্নিত করা, সম্ভাব্য সমস্যা চিহ্নিত করা, বাস্তবায়িত কার্যক্রমের যৌক্তিকতা ও কার্যকারিতা ভ্যালিডেট করা এবং চিহ্নিত সমস্যা সমূহ সমাধান হয়েছে কি না তা রিভিউ করা এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করা প্রধান কাজ।
৬. বহিঃনিরীক্ষা পদ্ধতির মাধ্যমে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, অপারেটিং প্রোসিডিউর এবং পদ্ধতি, এম.আই.এস রিভিউ করা এবং দুর্বল দিক সমূহ চিহ্নিত করে ম্যানেজমেন্ট রিপোর্ট করা। সংস্থার অপারেশনাল রিস্ক চিহ্নিত করা এবং ব্যবস্থাপনাকে রিস্ক মিটিগেশন এর জন্য করণীয় সুপারিশ আকারে প্রদান করা।

২২। মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানের আওতায় ব্রাঞ্চ পর্যায়ে অপারেশনাল Risk সমূহঃ

মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের আওতায় ব্রাঞ্চ হচ্ছে কার্যক্রমের কেন্দ্রবিন্দু। মাইক্রোফাইন্যান্স কার্যক্রমকে Industrial Concept হিসাবে প্রতিটি ব্রাঞ্চ হচ্ছে প্রডাকশন সেন্টার, যেখানে ঋণ কার্যক্রমে মার্কেটিং হিসাবে সকল product and services produce হয় এবং client এর কাছে Sell করা হয়। অন্যদিকে মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের আওতায় Financial product produce and Sell হয়ে থাকে ব্রাঞ্চ এর মধ্যেই তার কর্ম এলাকার মার্কেটে, যেখানে ক্রেতা বা কনজুমার থাকে সমিতির আওতাভুক্ত সদস্যগণ। ব্রাঞ্চ তার কর্ম এলাকার মধ্যে সমিতি তৈরী করে। প্রতিটি সমিতি হচ্ছে ঋণ ও সঞ্চয় কার্যক্রমের মার্কেট, যেখানে ঋণ পন্য কেনা-বেচা হয়। ঋণ পন্য বিক্রয়ের সাথে জড়িত থাকে ব্রাঞ্চের আওতাভুক্ত কর্মী/কর্মকর্তাগণ। সুতরাং কর্মী/কর্মকর্তাদের পর্যাপ্ত জ্ঞান, product and services produce, ডেলিভারী এবং বিক্রিত পণ্যের মূল্য আদায় করা, কাদের কাছে আর্থিক পণ্য বিক্রয় করা হচ্ছে তাদের সম্পর্কে পূর্ণাঙ্গ জ্ঞান, আর্থিক পণ্যের বাজার ব্যবস্থাপনা এবং বাজার বা মার্কেট এলাকার সম্পর্কে পূর্ণ জ্ঞান থাকা আবশ্যিক। আর্থিক পণ্যের বাজার, ক্রেতা এবং বাজার বা মার্কেট এর বৈচিত্রতা সম্পর্কে প্রডাকশন সেন্টার বা ব্রাঞ্চের পূর্ণ ধারণা না থাকলে ঝুঁকি সৃষ্টি হয়। সুতরাং ঋণ কার্যক্রম বা আর্থিক কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে ব্রাঞ্চ পর্যায়ে এবং মার্কেট বা সমিতি পর্যায়ে ঝুঁকি চিহ্নিত করা, ঝুঁকির কারণ নির্ণয় এবং ঝুঁকি ব্যবস্থাপনা একটি চলমান প্রক্রিয়া হিসাবে বিদ্যমান থাকতে হবে। ব্রাঞ্চ পর্যায়ে সঞ্চয় ও ঋণ কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে যে সমস্ত ঝুঁকি সমূহ পরিলক্ষিত হয় তাহা নিম্নে ধারাবাহিক ভাবে তুলে ধরা হলো;

২২.১। ব্রাঞ্চেজ কর্ম এলাকা নির্ধারণ সংক্রান্ত ঝুঁকি:

প্রতিটি ব্রাঞ্চেজের একটি নির্দিষ্ট কর্ম এলাকা থাকা এবং উক্ত কর্মএলাকার একটি ম্যাপ করা আবশ্যিক হবে। কর্মএলাকার নির্দিষ্টকরণ করা না থাকলে কর্মএলাকার সম্পর্কে সঠিক ধারণা পাওয়া যাবে না। কর্মএলাকার সকল জনসংখ্যার তথ্য, জীবন যাত্রার মান, কর্ম এলাকার আয়-রোজগার এর ব্যবস্থা বা ধরণ, কর্মএলাকার আয়-ব্যয়ের উৎস, কর্ম এলাকার ঝুঁকি, সুযোগ, সম্ভাবনা, কর্ম এলাকার ধনী-দরিদ্র ব্যবধান সম্পর্কে সমক্ষ ধারণা না থাকলে আর্থিক কার্যক্রমের প্রডাক্ট কম্বিনেশন, ডেলিভারী ম্যাকানিজম এবং কমপিটিটর বিশ্লেষণ করা জটিল হবে। ব্রাঞ্চেজের কর্মএলাকা নির্দিষ্টকরণ করা না থাকলে মার্কেট বিশ্লেষণ, প্রডাক্ট ডিজাইন, ডেলিভারী, ক্রেতার চাহিদা নিরূপন, আর্থিক পণ্য ক্রয়-বিক্রয়, পণ্যের মূল্য আদায় এবং অনাদায়ী ব্যবস্থাপনা জটিল হয়ে পড়ে। কর্মএলাকা নির্দিষ্ট না থাকলে যে কোন স্থান থেকে সদস্য ভর্তি হতে পারে এবং স্থানান্তর বা পলাতক হওয়ার সম্ভাবনা বেড়ে যায়। সুতরাং ঋণ কার্যক্রম পরিচালনা করার জন্য প্রতিটি ব্রাঞ্চেজের কর্মএলাকা নির্দিষ্ট করা এবং কর্ম এলাকার ম্যাপিং করা আবশ্যিক হবে।

২২.২। সমিতি ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি:

প্রতিটি সমিতি ব্রাঞ্চেজের কর্মএলাকার মধ্যে হতে হবে। ব্রাঞ্চেজের সঞ্চয় ও ঋণ কার্যক্রমসহ যে কোন উন্নয়ন মূলক কার্যক্রম সমিতির মাধ্যমে হয়ে থাকে। প্রতিটি সমিতি হচ্ছে ঋণ কার্যক্রমের মার্কেট। সুতরাং প্রতিটি সমিতির কর্মএলাকা নির্দিষ্ট করা থাকতে হবে। সমিতির কর্মএলাকা যদি নির্দিষ্ট করা না থাকে তবে সমিতি ব্যবস্থাপনার ক্ষেত্রে বড় ধরণের ঝুঁকি তৈরী হবে। সমিতির কর্মএলাকা নির্দিষ্ট করা না থাকলে যে সকল ঝুঁকি তৈরী হবে;

১. সমিতির কর্ম এলাকার বাহিরের সদস্য সমিতিতে অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ থাকবে। এর ফলে সিএম/বিও-লোন এবং সমিতির সদস্যগণ দূরবর্তী সদস্যকে সঠিকভাবে চিনবে জানবে না। সুতরাং ঋণ প্রদান ও আদায়ে অনিশ্চয়তা তৈরী হতে পারে।
২. সমিতির কর্ম এলাকা নির্দিষ্ট না থাকলে সদস্য ভর্তির ক্ষেত্রে ঝুঁকি তৈরী হবে।
৩. সমিতির কর্ম এলাকা নির্দিষ্ট না থাকলে সমিতি পরিচালনাকারী কর্মী সকল সদস্যকে চিনবে না এবং তাদের সম্পর্কে সঠিক তথ্য জানবেন না। ফলে সমিতির সদস্য সংখ্যা আদর্শমান করা সম্ভব হবে না।
৪. সমিতির কর্ম এলাকা নির্দিষ্ট করা না থাকলে কর্ম এলাকার সার্বিক জরিপ এবং ম্যাপিং করা সম্ভব হবে না। কর্ম এলাকার কমপিটিটর বিশ্লেষণ করা সম্ভব হবে না। ফলে সমিতি ব্যবস্থাপনা জটিল হবে এবং সমিতির Productivity অর্জনে ব্যাহত হবে।
৫. সমিতি হচ্ছে ঋণ কার্যক্রমের মার্কেট। সুতরাং মার্কেট নির্দিষ্ট করা না থাকলে মার্কেট বিশ্লেষণ, ক্রেতা-বিক্রেতার চাহিদা বিশ্লেষণ, মার্কেটে প্রচলিত পণ্যের বিশ্লেষণ করা সম্ভব হবে না। যার ফলে ঋণ কার্যক্রমের প্রবৃদ্ধি বা প্রসার করার ক্ষেত্রে জটিলতা দেখা দিবে।
৬. সমিতির কর্ম এলাকা নির্দিষ্ট করা না থাকলে সমিতি ব্যবস্থাপনা দুর্বল হবে। সমিতি ব্যবস্থাপনা দুর্বল হলে ঋণ কার্যক্রমের ক্ষেত্রে সময়মত এবং নিয়মিত ঋণ আদায়ের ক্ষেত্রে অনিশ্চয়তা দেখা দিবে।
৭. যেহেতু সমিতি হচ্ছে ঋণ কার্যক্রম পরিচালনার মূল কেন্দ্রবিন্দু। সুতরাং সমিতির কর্ম এলাকার সকল সদস্যকে সমিতি পরিচালনাকারীকে চিনতে হবে, জানতে হবে। তাদের চাহিদা অনুযায়ী ঋণ প্রদান এবং আদায় পদ্ধতি নির্ধারণ করতে হবে। তা হলে ঋণ আদায় সহজ হবে এবং অনাদায়ী হওয়ার সম্ভাবনা কম থাকবে।
৮. সমিতির কর্ম এলাকা নির্দিষ্ট করা, ম্যাপিং করা, কর্ম এলাকার জরিপ সম্পন্ন করা এবং উক্ত জরিপকৃত পরিবার থেকে সদস্য ভর্তি করা। সমিতির কর্ম এলাকা নির্দিষ্ট করা না থাকলে সমিতি ব্যবস্থাপনা দুর্বল হবে এবং সমিতির ঋণ কার্যক্রম ঝুঁকির মধ্যে পড়বে।

২২.৩। সঞ্চয় ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি:

সঞ্চয় ও ঋণ কার্যক্রম অঙ্গাঙ্গিভাবে জড়িত। সঞ্চয় কার্যক্রম একদিকে ঋণ কার্যক্রমের তহবিল হিসাবে জোগান দেয়। অন্যদিকে সঞ্চয় ঋণের সিকিউরিটি হিসাবে ব্যবহার হয়ে থাকে। সঞ্চয় মানুষকে নিরাপদ করে করার বিপদ আপদ বা ডিজাস্টার মোকাবেলায় সঞ্চয় একটি বড় শক্তি। কাজেই সঞ্চয় করার জন্য সকলকে মোটিভেট করতে হবে। সুতরাং সঞ্চয় ব্যবস্থাপনা সঠিকভাবে না করলে যে সমস্ত ঝুঁকি হবে;

১. সঞ্চয় তহবিল গঠন ব্যহত হবে এবং ঋণ কার্যক্রমের কম সুদের তহবিল সৃষ্টিতে বিঘ্ন ঘটবে।
২. সঞ্চয় ব্যবস্থাপনায় সদস্যগণ অভিন্ন হারে সঞ্চয় জমা করার ব্যবস্থা না থাকলে সঞ্চয় আদায়ে অনিয়ম এবং আত্মসাৎ করার প্রবণতা বৃদ্ধি পাবে।
৩. সঞ্চয় ব্যবস্থাপনার দুর্বলতার জন্য ঋণের সিকিউরিটি দুর্বল হবে এবং সদস্যদের সম্পদ সৃষ্টিতে সহায়ক হবে না।
৪. সঞ্চয় ব্যবস্থাপনার ক্ষেত্রে সুদের হার নির্দিষ্ট করা না থাকলে অতিরিক্ত সুদ প্রদান বা কম সুদ প্রদান করার সুযোগ সৃষ্টি হবে, ফলে সংস্থার আর্থিক ক্ষতি হবে এবং কম সুদ প্রদান করলে সংস্থার সুনাম নষ্ট হবে এবং সদস্য ড্রপ আউট বেশি হবে ফলে ঋণ বিতরণ করার জন্য যথেষ্ট সংখ্যক সদস্য পাওয়া যাবে না।
৫. মেয়াদী সঞ্চয় এর ক্ষেত্রে আর্থিক অনিয়ম করার সুযোগ সৃষ্টি হবে এবং সংস্থা আর্থিক ক্ষতির সম্মুখীন হবে।
৬. সঞ্চয় ফেরত দিয়ে সদস্যকে প্রদান না করে আত্মসাৎ করার মাধ্যমে আর্থিক ঝুঁকি সৃষ্টি করা।

২২.৪। ঋণ বিতরণ সংক্রান্ত ঝুঁকি:

ব্রাঞ্চ পর্যায়ে ঋণ কার্যক্রম পরিচালনায় যে সমস্ত ঝুঁকি সৃষ্টি হয়;

১. সমিতির কর্ম এলাকার বাহিরের সদস্য ভর্তি করে ঋণ বিতরণ করা।
২. সমিতিতে ঋণ প্রস্তাবনা না করে ঋণ বিতরণ করা।
৩. অনুমোদনের পূর্বে ঋণ বিতরণ এবং ক্ষমতা বর্হি:ভূত ভাবে অনুমোদন করে ঋণ বিতরণ করা।
৪. সদস্যদের চাহিদা মাফিক ঋণ প্রদান না করে কোন কোন ক্ষেত্রে সদস্যর সক্ষমতার অতিরিক্ত ঋণ প্রদান করা।
৫. সদস্যর নির্দিষ্ট প্রকল্পে ঋণ বিতরণ না করা এবং অনুমোদিত প্রকল্পে ঋণ বিনিয়োগ নিশ্চিত না করা।
৬. ভূয়া সদস্য ভর্তি দেখিয়ে ঋণ বিতরণ করে আত্মসাৎ করা।
৭. একই সদস্যকে একাধিক সমিতিতে ভর্তি করে ঋণ বিতরণ করার মাধ্যমে আর্থিক অনিয়ম করা।
৮. ঋণ দিয়ে ঋণ আদায় করা, এবং ঋণ রিসিডিউল করে ঋণ বিতরণ দেখিয়ে অনিয়ম করা।
৯. যথাযথ জামিনদার না নিয়ে ঋণ বিতরণ করে ঋণ অনাদায়ী করার সুযোগ সৃষ্টি করে সংস্থার আর্থিক ক্ষতি করা। সহায়ক জামানত হিসাবে সংস্থার অনুকূলে চেক না নিয়ে ঋণ বিতরণ করা।
১০. এক হাতে একাধিক ঋণ চলে যাচ্ছে জেনেও ঋণ বিতরণ অব্যাহত রাখা। কর্মীদের উপস্থিতিতে ঋণ বিতরণ না করা।
১১. ভূয়া ঋণ বিতরণ দেখিয়ে বিতরণকৃত ঋণের টাকা আত্মসাৎ করা।
১২. অনিয়মতান্ত্রিক পদ্ধতিতে ঋণ বিতরণ করার ফলে ঋণ বিতরণ জনিত ত্রুটি তৈরী হয় এবং সম্পূর্ণ ঋণ আদায়ে অনিশ্চয়তা দেখা দেয়। ফলে সংস্থার মূলধন হারানোর প্রেক্ষাপট সৃষ্টি হয়।

”ঋণীকে ভালভাবে না জেনে, না বুঝে, মূল্যায়ন না করে, যথাযথ ভাবে অনুমোদন না নিয়ে, এবং সকল ডকুমেন্টস সংরক্ষণ না করে কোন ঋণ বিতরণ করবো না”।

২২.৫। ঋণ আদায় সংক্রান্ত ঝুঁকি:

ব্রাঞ্চ পর্যায়ে ঋণ কার্যক্রমের পরিচালনাগত ঝুঁকির মধ্যে অন্যতম ঝুঁকি হচ্ছে ঋণ আদায় প্রক্রিয়া। ঋণ আদায় প্রক্রিয়া স্বচ্ছ, সঠিক জবাবদিহীতা এবং দায়বদ্ধতা না থাকলে বড় ধরনের ঝুঁকি সৃষ্টি হয় এবং সংস্থার মূলধন তহরূপ এর মতন ঘটনা ঘটে থাকে। ঋণ আদায় সংক্রান্ত যে সমস্ত ঝুঁকি সৃষ্টি হয়;

১. সঠিক সময়ে এবং নিয়ম মাফিক সমিতির মিটিং এর মাধ্যমে ঋণ আদায় নিশ্চিত না করা এবং আদায়কৃত ঋণ সদস্যর পাশ বই এবং সমিতির রেজুলেশন বইতে লিপিবদ্ধ না করা। এর ফলে কালেকশনকৃত অর্থ মিছিং/ছিত্তাই বা তহরূপ হলে প্রকৃত অর্থের পরিমাণ নিশ্চিত হওয়া যায় না এবং আইনি প্রক্রিয়া নেয়ার ক্ষেত্রে অন্তরায় সৃষ্টি হওয়ার ঝুঁকি থাকে।
২. আদায়কৃত ঋণ অফিস তহবিলে কম বা আংশিক জমা করার মাধ্যমে আর্থিক অনিয়ম করা।

৩. কালেকশন শীটের আদায়কৃত ঋণের কিস্তি সঠিক পরিমাণ ডিসিআর এ জমা না করার মাধ্যমে অনিয়ম করা। ডিসিআর এ জমাকৃত টাকা সঠিক ভাবে ভাউচার না করে কম/বেশি পরিমাণ ক্যাশ বইতে লিপিবদ্ধ করে সাধারণ খতিয়ানে পোস্টিং করে ব্যালেন্সিং ঘাটতির মাধ্যমে আর্থিক অনিয়ম করা।
৪. সমিতির মিটিং বর্হিভূত সময়ে কিস্তি আদায় করে সদস্যর পাশ বইতে লিপিবদ্ধ না করা এবং কালেকশন শীটে লিপিবদ্ধ না করে হস্তমজুদ রেখে আর্থিক অনিয়ম করা।
৫. গ্রেস পিরিয়ডে কিস্তি আদায় করে জমা না করা। মধ্যবর্তী সময়ে অগ্রীম আদায় অথবা ঋণের পরিশোধ জনিত সময়ে অগ্রীম কিস্তি আদায় করে অফিস তহবিলে জমা না করা।
৬. রিবেট প্রদান দেখিয়ে আদায়কৃত কিস্তি অফিস তহবিলে জমা না করা।
৭. প্রকৃত আইজিএ বিনষ্ট না হলেও আইজিএ বিনষ্ট দেখিয়ে সদস্য কল্যাণ তহবিল থেকে সমন্বয় করে ঋণ আদায় দেখানো। বকেয়া সদস্যদের কিস্তি আদায় না করে স্থানান্তর বা নিরুদ্দেশ দেখিয়ে সদস্য কল্যাণ তহবিল থেকে সমন্বয় করা, এবং পরবর্তীতে ঋণ আদায় করে অফিসে জমা না দিয়ে আত্মসাৎ করা।
৮. সদস্য কল্যাণ তহবিল থেকে সমন্বয়কৃত এবং অবলোপনকৃত ঋণের টাকা আদায় করে জমা না করে আর্থিক অনিয়ম করা।
৯. আদায়যোগ্য গোপন করে আদায়কৃত ঋণ কম জমা দিয়ে আত্মসাৎ করা এবং বকেয়া কিস্তি আদায় করে আংশিক বা ভাঙ্গা কিস্তি জমা দিয়ে আর্থিক অনিয়ম করা।
১০. শেষ কিস্তি পরিশোধের সময় আংশিক কিস্তি না নিয়ে ৪৬তম সপ্তাহের পূর্ণাঙ্গ কিস্তি নিয়ে আত্মসাৎ করা।
১১. অনগদ আদায় দেখিয়ে, হাতে নগদ নিল করার জন্য ভূয়া ঋণ বিতরণ দেখিয়ে ক্যাশ বই করা এবং পরবর্তীতে ভূয়া বিতরণকে বকেয়া দেখানো এবং অনগদ আদায়কৃত টাকার কিস্তি আদায় করে জমা না করে আত্মসাৎ করা।
১২. আদায়কৃত কিস্তি পাশ বইতে এবং কালেকশন শীটে লিপিবদ্ধ না করে আত্মসাৎ করা।

”ঋণ দিলে ঋণ আদায় করতে বাধ্য, এবং ঋণ নিলে ঋণ পরিশোধ করতে বাধ্য”

২২.৬। বকেয়া ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি:

ঋণ কার্যক্রমের ক্ষেত্রে বকেয়া একটি মারাত্মক ব্যাধি। বকেয়ার ফলে সংস্থার মূলধন ঘাটতি সৃষ্টি হয় এবং পুনঃবিনিয়োগের সুযোগ নষ্ট হয়। বকেয়ার ফলে প্রভিশনাল ব্যয় বৃদ্ধি পায় ফলে কাঙ্ক্ষিত মুনাফা সৃষ্টিতে ব্যাঘাত সৃষ্টি করে। ব্যয় বৃদ্ধির ফলে মুনাফা কম হয় আর মুনাফা কম হলে সংস্থার নিজস্ব তহবিল সৃষ্টি হয় না। যার ফলে বহিঃউৎস থেকে ঋণ প্রবাহ বেশি করতে হয়, ফলে তহবিল ব্যয় বৃদ্ধি পায়। অন্য দিকে কর্মী/কর্মকর্তাদের অতিরিক্ত সময় ব্যয় করতে হয়। যার ফলে স্টাফ প্রডাক্টিভিটি বৃদ্ধিতে সময় বেশি দিতে পারে না এবং অফিস সময়সূচী অনুসরণ করতে না পেরে অধিক রাত্র পর্যন্ত কাজ করতে হয়। বকেয়া জনিত ঋণ অফিস সময়ের পরে আদায় হয় বিধায় নগদ ক্যাশ অফিসে থাকে, যাহা চুরি/তহরূপ হওয়ার ঝুঁকি থেকে যায়। বকেয়া জনিত কারণে অধিক রাত্র পর্যন্ত কাজ করার ক্ষেত্রে স্টাফ অসন্তোষ, স্টাফ ড্রপ আউট বৃদ্ধি পায় এবং স্টাফ ঝুঁকি তৈরী হয়। বকেয়া সঠিক ব্যবস্থাপনা না করার ফলে যে সমস্ত ঝুঁকি সৃষ্টি হয়;

১. সংস্থার তহবিল ঘাটতি হয় এবং অতিরিক্ত সুদে বহিঃউৎস থেকে তহবিল সংগ্রহ করতে হয় বিধায় আর্থিক ব্যয় বৃদ্ধি পায়।
২. বকেয়া ব্যবস্থাপনা সঠিকভাবে না করতে পারলে স্টাফ ড্রপ আউট বৃদ্ধি পায় এবং স্টাফ প্রডাক্টিভিটি হ্রাস পায়।

৩. বকেয়ার ফলে Cashflow Maintain করা সম্ভব হয় না । তারল্য ঘাটতি পড়ে, ফলে চাহিদা মাসিক ঋণ পুনঃ বিনিয়োগ সুযোগ নষ্ট হয় এবং বর্ধিত আয় থেকে সংস্থা বঞ্চিত হয় ।
৪. বকেয়ার ফলে সমিতির কর্ম এলাকায় বিরূপ প্রভাব পড়ে, ভাল গ্রাহক নষ্ট হয়, সংস্থার সুনাম নষ্ট হয় ।
৫. বকেয়া কেইস পেডিং রাখার ফলে সংস্থার ব্যয় বৃদ্ধি পায় এবং সংস্থার মূলধনহ্রাস পায় ।
৬. বকেয়া ব্যবস্থাপনা না করে হরহামেশাই সদস্য বাতিল করা হয় । ফলে সমিতি এলাকায় পোটেনশিয়াল গ্রাহক পাওয়া যায় না । সেক্ষেত্রে সমিতির কর্ম এলাকার বাহির থেকে সদস্য ভর্তি হয় এবং ঋণ নিয়ে পলাতক হওয়ার ঝুঁকি সৃষ্টি হয় ।
৭. বকেয়ার ফলে কর্মীর রিপোর্টিং এ সময়ক্ষেপন হয় এবং নিয়মিত কাজ কর্ম আপ টু ডেট হয় না বিধায় তথ্য বিভ্রান্ত বা মিথ্যা তথ্য পরিবেশন করে ঝুঁকি সৃষ্টি করে ।
৮. বকেয়া আদায়ে অতিরিক্ত সময় ব্যয় হয়, যার কোন নিয়ন্ত্রণ বিএম কর্তৃক করা হয় না । অতিরিক্ত সময় ব্যয়ের ফলে কর্মী নতুন নতুন কর্ম এলাকা, সদস্য ভর্তি, প্রকল্প ফলোআপ, নতুন বিনিয়োগ ক্ষেত্র খোঁজার ক্ষেত্রে সুযোগ পায় না বিধায় তার বাৎসরিক পরিকল্পনা অর্জন ব্যহত হয় । সামগ্রিক ভাবে ব্রাঞ্চার বিজনেস প্ল্যান অনুযায়ী অগ্রগতি অর্জন কম হয় ফলে সংস্থার জাতীয় পরিকল্পনা অনুযায়ী অর্জনে ঘাটতি হয় এবং সংস্থার কাঙ্ক্ষিত মুনাফা অর্জন কম হয় ।

২২.৭। তহবিল ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি:

ব্রাঞ্চ পরিচালনায় তহবিল ব্যবস্থাপনা একটি অতীব গুরুত্বপূর্ণ কাজ । সঠিকভাবে তহবিল ব্যবস্থাপনা না করতে পারলে তহবিল অলস পড়ে থাকে অন্যদিকে তহবিল ঘাটতি হলে পরিকল্পনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন সৃষ্টি হয় । তহবিল ব্যবস্থাপনায় যে সকল ঝুঁকি সৃষ্টি হয়;

১. পরিকল্পিত ভাবে তহবিল ব্যবস্থাপনা না করলে তহবিল অলস পড়ে থাকে । অলস তহবিল একদিকে যেমন ব্যয় বৃদ্ধি করে অন্যদিকে তহবিল তছরূপের সুযোগ তৈরী করে । তহবিল ঘাটতি হলে বিনিয়োগ বাধাগ্রস্ত হয় এবং পরিকল্পিত আয় অর্জনে বাধাপ্রাপ্ত হয় । সুতরাং দক্ষতার সাথে তহবিল ব্যবস্থাপনা না করতে পারলে মারাত্মক ঝুঁকি সৃষ্টি হয় ।
২. ব্রাঞ্চার দৈনিক, সাপ্তাহিক, মাসিক Cashflow নির্ণয় না করে প্রধান কার্যালয় থেকে অতিরিক্ত তহবিল সংগ্রহ করে ঝুঁকিপূর্ণভাবে ব্যাংকে ফেলে রেখে ঝুঁকি সৃষ্টি করা হয়ে থাকে ।
৩. প্রধান কার্যালয়ের পূর্বানুমোদন এবং এ্যাডভাইস না নিয়ে ব্রাঞ্চ টু ব্রাঞ্চ অভ্যন্তরীণ তহবিল স্থানান্তর করে তহবিল তছরূপের সুযোগ সৃষ্টি করা ।
৪. দিন শেষে নগদ ক্যাশ হাতে রেখে তহবিল তছরূপের সুযোগ সৃষ্টি করে ঝুঁকি বৃদ্ধি করা । বিএম প্রতিদিন হিসাব যথাযথ ভাবে check না করে হিসাব close করলে ঝুঁকি সৃষ্টি হয় ।
৫. রেমিটেন্স কার্যক্রমের জন্য ব্রাঞ্চে নগদ অর্থ রাখা, এক ব্রাঞ্চে থেকে আরেক ব্রাঞ্চে নগদ ক্যাশ বহন করে প্রেরণ করার মাধ্যমে ঝুঁকি সৃষ্টি করা ।
৬. এক লক্ষ টাকার উপরে নগদ লেন-দেন করে মানি লন্ডারিং আইনের ঝুঁকি সৃষ্টি করা ।
৭. তহবিল ব্যবস্থাপনার আওতায় ফাঁকা চেকে স্বাক্ষর করে রাখা, বাহক চেকের মাধ্যমে ঋণ বিতরণ করে ঝুঁকি সৃষ্টি করা ।
৮. অগ্রসর(ME) ঋণের কিস্তি চেকের মাধ্যমে আদায় করে, চেক যথাসময়ে ব্যাংকে জমা না করে ঋণ আদায় দেখিয়ে হিসাবভুক্ত করে তহবিল ব্যবস্থাপনার ঝুঁকি সৃষ্টি করা ।
৯. ব্রাঞ্চ অফিসার-হিসাব প্রতিদিনের আদায়কৃত সকল অর্থ সিএম/বিও-লোনদের নিকট থেকে কালেকশন শীট অনুযায়ী বুঝে না নিয়ে আর্থিক অনিয়মের সুযোগ সৃষ্টি করা ।
১০. কর্মী/কর্মকর্তাদের বেতন নগদে প্রদান করা, বেতন থেকে কর্তনকৃত টাকা প্রধান কার্যালয়ে সঠিক নিয়মে সঠিক সময়ে প্রেরণ না করে আর্থিক অনিয়ম করা ।

২২.৮। সম্পদ ও দায় ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি:

সঞ্চয় ও ঋণ কার্যক্রমের ক্ষেত্রে পরিচালনাগত ঝুঁকির মধ্যে অন্যতম ঝুঁকি হচ্ছে সম্পদ ও দায় ব্যবস্থাপনা। ব্রাঞ্চ পর্যায়ে বড় সম্পদ হচ্ছে ঋণ স্থিতি এবং দায়ের মধ্যে রয়েছে সঞ্চয়, তহবিল এবং বকেয়া সৃষ্টির মাধ্যমে দায় সৃষ্টি করা। সুতরাং সম্পদ ও দায় ব্যবস্থাপনা সঠিকভাবে করতে না পারলে সংস্থার জন্য বড় ধরনের ঝুঁকি তৈরী হয় এবং সংস্থার স্থায়ীত্বশীলতা অর্জনে বাধা সৃষ্টি করে। সম্পদ ও দায় ব্যবস্থাপনার ক্ষেত্রে যে সমস্ত ঝুঁকি সৃষ্টি হয়;

১. নিয়মিত ভাবে ঋণের ব্যালেন্সিং না করে কালেকশন শীট, সদস্য পাশ বই এবং সাধারণ খতিয়ানের মধ্যে ঘাটতি তৈরী করে আর্থিক অনিয়মের মাধ্যমে সংস্থার মূলধন নষ্ট করা।
২. কালেকশন শীটের প্রারম্ভিক এবং সমাপনী ব্যালেন্স পরিবর্তন করে ব্যালেন্সিং ঘাটতি করে আর্থিক অনিয়মের মাধ্যমে আত্মসাৎ করা।
৩. অনগদ আদায় দেখিয়ে ঋণ স্থিতি কমায়ে প্রতিবেদন করে সম্পদ বিনষ্ট করার মাধ্যমে ঝুঁকি সৃষ্টি করা।
৪. কিস্তি আদায় করে অফিস তহবিলে জমা না করে নগদ সম্পদ আত্মসাৎ করার মাধ্যমে ঝুঁকি সৃষ্টি করা।
৫. অতিরিক্ত নগদ এবং ব্যাংক ব্যালেন্স রেখে সম্পদের সুষম ব্যবহার না করে ঝুঁকি সৃষ্টি করা। সম্পদ ব্যবহার করে সম্পদ সৃষ্টি না করে অলস ফেলে রেখে সম্পদের অপব্যবহার করার মাধ্যমে ঝুঁকি সৃষ্টি করা।
৬. স্থায়ী সম্পদ যথাযথভাবে ব্যবহার, সংরক্ষণ না করে সম্পদ নষ্টের মাধ্যমে সংস্থার সম্পদ নষ্ট করা।
৭. নগদ এবং ব্যাংক থেকে টাকা আত্মসাৎ করে সংস্থার মূলধন loss করা।
৮. যথাযথ প্রক্রিয়া অবলম্বন না করে ঋণ বিতরণ করে বকেয়া সৃষ্টির মাধ্যমে সংস্থার দায় সৃষ্টি করা।
৯. ভূয়া ঋণ বিতরণ দেখিয়ে আত্মসাৎ করে সংস্থার দায় সৃষ্টি করা।
১০. সঞ্চয় ও ঋণের কিস্তি আদায় করে অফিস তহবিলে জমা না করে আত্মসাৎ করে দায় সৃষ্টি করা।
১১. স্টাফ কর্তৃক ভূয়া ঋণ বিতরণ, বেনামি ঋণ বিতরণ, ঋণের কিস্তি অগ্রীম আদায় করে পলাতক হয়ে সংস্থার দায় সৃষ্টি করা।
১২. বকেয়া কেইস নিয়মিত এবং সময়মত নিষ্পত্তি না করে পেডিং রেখে সংস্থার দায় সৃষ্টির মাধ্যমে মূলধন loss করা।

২২.৯। কর্মী ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি:

ঋণ কার্যক্রমের ক্ষেত্রে দায়িত্ব প্রাপ্ত কর্মী/কর্মকর্তা মুখ্য ভূমিকা পালন করে থাকে। পরিচালনাগত ঝুঁকির মধ্যে কর্মী ব্যবস্থাপনাগত ঝুঁকি সবচেয়ে বেশী থাকে। একদিকে পুরাতন কর্মীর ড্রপ-আউট অন্যদিকে নতুন কর্মীকে যথাযথ প্রশিক্ষণ না দিয়ে দায়িত্ব প্রদান করে ঋণ ব্যবস্থাপনার ঝুঁকি বৃদ্ধি করা হচ্ছে। কর্মী/কর্মকর্তাদের দক্ষতা, জ্ঞান, আচরণ এবং ঋণ কার্যক্রমের ব্যবস্থাপনাগত ত্রুটির জন্য ঋণ বিতরণ এবং আদায় প্রক্রিয়া স্বচ্ছ এবং নিয়মমাফিক না করার ফলে পরিচালনাগত ঝুঁকি উত্তোর উত্তোর বৃদ্ধি পাচ্ছে। কর্মী ব্যবস্থাপনার ক্ষেত্রে যে সমস্ত ঝুঁকি হয়;

১. কর্মীদের ঋণ কার্যক্রম, বাজার ব্যবস্থাপনা, ঝুঁকি ব্যবস্থাপনা এবং সমিতি ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ না দিয়ে সমিতি এবং ঋণ পরিচালনার দায়িত্ব প্রদান করে ঝুঁকি বৃদ্ধি করা।
২. পুরাতন কর্মীদের ড্রপ-আউট এবং তার জায়গায় একদম নতুন কর্মী প্রদান করা, যার ঋণ কার্যক্রম পরিচালনার কোন অভিজ্ঞতা নেই তাকে দায়িত্ব দিয়ে বর্ধিত ঝুঁকি সৃষ্টি করা।
৩. কর্মী/কর্মকর্তাদের নিয়মিত প্রশিক্ষণ না দেয়া, কোচিং, নার্সিং, মোটিভেশন না দেয়া। কর্মীদের মধ্যে সমভাবে সমিতি বন্টন না করে কর্মী অসন্তোষ সৃষ্টি করে ঝুঁকি বৃদ্ধি করা।
৪. ব্রাঞ্চ পর্যায়ে নিয়মিত সাপ্তাহিক মিটিং, মাসিক মিটিং না করা। ব্রাঞ্চ স্টাফ মিটিং কর্মীদের দক্ষতা উন্নয়নের একটি ফোরাম। কিন্তু নিয়মিত মিটিং সমূহে জবাবদিহীতা, দায় বদ্ধতা, করণীয়, বর্জনীয় বিষয় নিয়ে মোটিভেশনাল মিটিং না করে বর্ধিত ঝুঁকি সৃষ্টি করা।

৫. মিটিং সমূহের যথাযথ এজেন্ডা নিয়ে আলোচনা না করা, সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে ব্যক্তিভিত্তিক এবং সময়ভিত্তিক পরিকল্পনা আকারে না লেখা এবং এর পরবর্তী মিটিং এ পর্যালোচনা না করা।
৬. কর্মী/কর্মকর্তাদের মধ্যে নিয়মিত নীতিমালা, সার্কুলার, অফিস আদেশ, তাদের চাকুরীর শর্তাবলী নিয়ে আলোচনা না করা। কর্মী/কর্মকর্তাদের সক্ষমতার ঘাটতি চিহ্নিত না করা এবং ঘাটতি উত্তরণের ব্যবস্থা না নেয়া।
৭. কর্মী/কর্মকর্তাদের কাজের লোড বিশ্লেষণ না করা, বেতন থেকে ঋণের কিস্তি কর্তন করা, আবাসন সুবিধা নিশ্চিত না করা। এ সমস্ত কারণে কর্মী অসন্তোষ বৃদ্ধি পাওয়া এবং ড্রপ-আউট বৃদ্ধি পায়।
৮. কর্মী/কর্মকর্তাদের মধ্যে বাৎসরিক বিজনেস প্ল্যান সঠিকভাবে বন্টন না করা এবং প্ল্যান বাস্তবায়নের কৌশল শিখিয়ে না দেয়া। প্ল্যান অনুযায়ী অর্জন না হলে তার ক্ষতিকর প্রভাব আলোচনা না করা।

২২.১০। স্টাফ প্রডাক্টিভিটি সংক্রান্ত ঝুঁকি:

সংস্থার লাভজনকতা নির্ভর করে কর্মী/কর্মকর্তাদের প্রডাক্টিভিটির উপর। প্রতিনিয়ত কর্মী/কর্মকর্তাদের ব্যয় বৃদ্ধি পাচ্ছে সেই অনুযায়ী প্রডাক্টিভিটি বৃদ্ধি না পেলে সংস্থাকে লোকসান বহন করতে হবে। স্টাফদের মধ্যে ওভার প্রডাক্টিভিটি বা আন্ডার প্রডাক্টিভিটি উভয়ের ক্ষেত্রে ব্রাঞ্চ পর্যায়ে পরিচালনাগত ঝুঁকি সৃষ্টি করে। স্টাফ প্রডাক্টিভিটি সংক্রান্ত ক্ষেত্রে যে সকল ঝুঁকি সৃষ্টি হয়;

১. অতিরিক্ত বা অপ্রয়োজনীয় স্টাফ রেখে দায়িত্ব প্রদান না করে প্রডাক্টিভিটি কমায়ে ফেলার মাধ্যমে ঝুঁকি সৃষ্টি করা।
২. কর্মী/কর্মকর্তাদের প্রডাক্টিভিটির আদর্শমান নির্ধারণ না করা এবং আদর্শমানে প্রডাক্টিভিটি পরিচালনা না করে আয় ব্যয়ের ভারসাম্য বজায় না রাখার ঝুঁকি সৃষ্টি করা।
৩. কর্মী/কর্মকর্তার সক্ষমতার অতিরিক্ত প্রডাক্টিভিটি পরিচালনা করতে দিলে গুণগতমান সম্পন্ন ঋণস্থিতি মেইনটেইন না করা, বকেয়া সৃষ্টি করা, নিয়মিত ব্যালেন্সিং করতে না পারা, সঠিক রিপোর্টিং করতে না পারার মত গুরুত্বপূর্ণ ঝুঁকি সৃষ্টি করে। অন্যদিকে আন্ডার প্রডাক্টিভিটি পরিচালনার দায়িত্ব প্রাপ্ত কর্মী/কর্মকর্তা তার জন্য ব্যয়ের সাথে সামঞ্জস্য রেখে আয় নিশ্চিত করতে পারে না বিধায় সংস্থার কাংখিত মুনাফা অর্জনে ব্যাহত হয়। আন্ডার প্রডাক্টিভিটি স্টাফ বিভিন্ন অনিয়মের সাথে জড়িত হতে পারে এবং সংস্থার আর্থিক লোকসানের ঝুঁকি বৃদ্ধি করতে পারে।
৪. স্টাফ প্রডাক্টিভিটি নিয়মিত পর্যালোচনা না করা, স্টাফদের মধ্যে সমিতি পূনঃবন্টন না করা এবং স্টাফ প্রডাক্টিভিটি আদর্শমানে উন্নীত করার জন্য ব্যক্তি ভিত্তিক, সময় ভিত্তিক পরিকল্পনা না করে দায়িত্ব প্রদান না করার মাধ্যমে ঝুঁকি সৃষ্টি করা।

২২.১১। আয়-ব্যয় এবং লাভজনকতা সংক্রান্ত ঝুঁকি:

মাইক্রোফাইন্যান্স কার্যক্রম পরিচালনায় অন্যতম ঝুঁকিপূর্ণ জায়গা হচ্ছে পরিকল্পনা মাফিক আয়-ব্যয় এবং লাভজনকতা বিশ্লেষণ নিয়মিত না করা। কার্যক্রম লাভজনকভাবে পরিচালনা করতে না পারলে সংস্থার স্থায়ীত্বশীলতা এবং গ্রাহকদের স্থায়ীত্বশীলতা অর্জন ব্যাহত হবে। সংস্থার আয়-ব্যয় এবং লাভজনকতার ক্ষেত্রে যে সমস্ত ঝুঁকি সৃষ্টি হয়;

১. বাৎসরিক বিজনেস প্লান অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্তদের নিকট সুনির্দিষ্ট করে বন্টন না করা। পরিকল্পনা বাস্তবায়ন করার জন্য অনুমোদিত কৌশলসমূহ নিয়ে বছরের শুরুতে ওয়ার্কশপ করে বিজনেস প্লান বিষয়ে সমক্ষ ধারণা না দেয়া। এর ফলে নির্দিষ্ট সময়ে বিজনেস প্লান অনুযায়ী অর্জন না হওয়ার ঝুঁকি সৃষ্টি হয়।
২. পরিকল্পিত বিজনেস প্লান অনুযায়ী বিনিয়োগ, আয় নিশ্চিত করার ক্ষেত্রে সুপারভাইজার কর্তৃক যথাযথ মনিটরিং এবং জবাবদিহীতা নিশ্চিত না করা। যথাযথ মনিটরিং এবং জবাবদিহীতা নিশ্চিত না করার ফলে তহবিল তহরুপের ঝুঁকি তৈরী হয়।
৩. প্ল্যানস এন্ড বাজেট অনুযায়ী খরচের লাইন আইটেম অনুযায়ী খরচ সমূহ নিয়ন্ত্রণ না করা এবং পরিকল্পনা অনুযায়ী আয় নিশ্চিত না করে ব্যয় সংগঠিত করা পরিকল্পনা বছরের শুরুতে। এর ফলে বাজেট ভেরিয়েন্স হওয়ার ঝুঁকি সৃষ্টি হয়।

৪. নিয়মিত ভাবে সকল স্তরে আয়-ব্যয়, বিনিয়োগ, ঋণ আদায় পর্যালোচনা না করা এবং পরিকল্পনা অনুযায়ী অর্জন না হলে কারণ চিহ্নিত করা এবং জবাবদিহীতা নিশ্চিত না করা। এর ফলে বিজনেস প্লান অনুযায়ী কাঙ্ক্ষিত মুনাফা অর্জন না হওয়ার ঝুঁকি সৃষ্টি হয়।
৫. ব্যয়ের ক্ষেত্রে প্রভিশনাল খরচ একটি বড় ঝুঁকিপূর্ণ খাত। সঠিক নিয়মে এবং সঠিক পরিমাণ প্রভিশনাল ব্যয় নির্ধারণ করে হিসাবভুক্ত না করলে প্রকৃত মুনাফা পরিবর্তে অসত্য গ্রস মুনাফা প্রদর্শিত হবে, যার ফলে cashflow ম্যানেজ করা জটিল হবে এবং তহবিলের ঘাটতি দেখা দিবে। কার্যক্রম পরিচালনায় ত্রুটির জন্য প্রভিশনাল ব্যয় বৃদ্ধি না পায় তার জন্য নিয়মিত কার্যক্রম সুপারভিশন এবং মনিটরিং করা প্রয়োজন। নিয়মিত কার্যক্রম সুপারভিশন এবং মনিটরিং না করে ঝুঁকি সৃষ্টি করা।
৬. স্টাফ প্রডাক্টিভিটি নিশ্চিত না করে অতিরিক্ত বা অপ্রয়োজনীয় স্টাফ রাখা। ঝুঁকিপূর্ণ বিনিয়োগ বৃদ্ধি করে অনাদায়ী ঋণ বৃদ্ধি করার মাধ্যমে আয় কমানো এবং প্রভিশনাল ব্যয় বৃদ্ধি করে ঝুঁকি সৃষ্টি করা।

২২.১২। MIS/রিপোর্টিং সংক্রান্ত ঝুঁকি সমূহ:

ঋণ কার্যক্রমের পরিচালনাগত ঝুঁকির মধ্যে রিপোর্টিং গত ঝুঁকি গুরুত্বপূর্ণ। সংস্থার রিপোর্টিং ব্যবস্থা শক্তিশালী না হলে সঠিক ভাবে মনিটরিং এবং ঝুঁকি বিশ্লেষণ করা যায় না। এমআইএস এবং এফআইএস রিপোর্টিং নিয়মিত পর্যালোচনা করে কার্যক্রমের গুণগতমান, বিদ্যমান ঝুঁকি এবং ঝুঁকির সম্ভাব্য ফলাফল সম্পর্কে টপ ম্যানেজমেন্টকে সিদ্ধান্ত গ্রহণ করতে সহায়ক ভূমিকা পালন করে। সঠিক এবং তথ্য সমৃদ্ধ রিপোর্ট সংস্থার আর্থিক সাউন্ডনেস বা আর্থিক সক্ষমতার প্রতিফলন দেখা যায়। স্বচ্ছ এবং পদ্ধতিগত ভাবে সঠিক রিপোর্টিং ব্যবস্থার মাধ্যমে কার্যক্রমের দুর্বল এবং সবল দিক চিহ্নিত হয়, কার্যক্রম লাভজনকভাবে পরিচালিত হচ্ছে কি না, অনুমোদিত বিজনেস প্লান অনুযায়ী অর্জন নিশ্চিত হচ্ছে কি না, এবং কাঙ্ক্ষিত মুনাফা অর্জন হচ্ছে কি না তার বাস্তব প্রতিফলন দেখা যায়। পরিচালনাগত ঝুঁকির ক্ষেত্রে রিপোর্টিং সংক্রান্ত যে সকল ঝুঁকি সৃষ্টি হয় ;

১. স্বচ্ছ এবং পদ্ধতিগত সঠিক ভাবে রিপোর্টিং না হলে সংস্থার আয়-ব্যয়, সম্পদ ও দায়ের সঠিক চিত্র উপস্থাপিত হয় না। সঠিক রিপোর্ট না হলে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সঠিক সিদ্ধান্ত নিতে পারে না। সঠিক সিদ্ধান্ত গ্রহণ না হলে সংস্থার বড় ধরনের ঝুঁকি সৃষ্টি হয়।
২. এমআইএস রিপোর্ট সঠিক না হলে, ঋণ কার্যক্রমের গুণগত মান, আদায়যোগ্য ও আদায়, বকেয়া এবং কুঋণের চিত্র সঠিক প্রতিফলিত হয় না। সঠিক এবং স্বচ্ছ এমআইএস রিপোর্ট না হলে কু-ঋণের মাধ্যমে সৃষ্ট দায় এর হ্রাস/বৃদ্ধির সঠিক হিসাব পাওয়া যায় না। এর ফলে ঋণ অনাদায়ী হওয়ার ঝুঁকি সৃষ্টি হয়।
৩. এমআইএস এবং এফআইএস রিপোর্ট সঠিক ভাবে প্রস্তুত এবং উপস্থাপন না হলে সংস্থার প্রকৃত আর্থিক চিত্র, সম্পদ ও দায়, কার্যক্রমের গুণগত মান, স্টাফ প্রোডাক্টিভিটি, ব্যবস্থাপনার দুর্বলতা, কার্যক্রমের সৃষ্ট ঝুঁকি নিরূপন করা যায় না ফলে সংস্থার মূলধন loss হওয়ার আশংকা সৃষ্টি হয়।
৪. সঠিক ভাবে রিপোর্টিং না হলে কার্যক্রম পরিচালনাগত ঝুঁকি মনিটরিং করা যায় না। কার্যক্রমের কোথায় কি পরিমাণ ঝুঁকি আছে, ঝুঁকির কারণ সমূহ কি এবং ঝুঁকি হ্রাসে করণীয় নির্ধারণ করা জটিল হয়।
৫. রিপোর্টিং এর মাধ্যমে তথ্য গোপন, অসত্য বকেয়া প্রদর্শন, সঞ্চয় এবং ঋণের ব্যালেন্স সমূহ অসত্য দেখানোর মত ঝুঁকি সৃষ্টি হয় ম্যানুয়েল পদ্ধতির রিপোর্টিং এর ক্ষেত্রে। অটোমেটেড রিপোর্টিং পদ্ধতি না থাকলে অসত্য তথ্য পরিবেশনের মাধ্যমে আর্থিক ঝুঁকি বৃদ্ধি পায়।
৬. রিপোর্টিং গড়মিল এর মাধ্যমে ভূয়া ঋণ বিতরণ, আদায়, সার্ভিস চার্জ আদায়, অনগদ আদায় দেখানোর প্রবণতা সৃষ্টি হয়। এক্ষেত্রে সংস্থার বড় ধরনের আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হয়।
৭. এমআইএস এবং এফআইএস রিপোর্ট ক্রস চেক না করে ব্যালেন্স সমূহ গড়মিল এর মাধ্যমে আর্থিক অনিয়ম করে ঝুঁকি সৃষ্টি করা।
৮. সঠিক রিপোর্টিং না করে আদায়যোগ্য এবং নিয়মিত আদায় এর মধ্যে অসত্য তথ্য দেখিয়ে বকেয়া গোপন করে বকেয়াজনিত দায় সৃষ্টি করে ঝুঁকি বৃদ্ধি করা।

৯. সঠিক রিপোর্টিং না হলে পরিকল্পনা অনুযায়ী অর্জন চিত্র এর ঘাটতি পাওয়া যাবে না এবং সঠিক সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে জটিলতা দেখা দেবে।
১০. স্বচ্ছ এবং সঠিক তথ্য সমৃদ্ধ রিপোর্ট না হলে সংস্থার প্রকৃত ঋণ আদায়ের হার, বকেয়া, আয়-ব্যয় এবং মুনাফা, সম্পদ, দায় এবং মূলধন এর প্রকৃত চিত্র পাওয়া যাবে না এবং মূলধন ঘাটতির ঝুঁকি সৃষ্টি হবে।
১১. সঠিক রিপোর্টিং না হলে নগদ প্রবাহ, ব্যাংক ব্যালেন্স, তহবিলের ব্যবহার, অলস তহবিলের কারণে loss, সকল প্রকার প্রভিশনাল ব্যয় এর সত্যতা নিরূপন করা সম্ভব হয় না।
১২. কার্যক্রমের ইতিবাচক অথবা নেতিবাচক পরিবর্তন এবং খাত ভিত্তিক ঝুঁকি বিশ্লেষণ করা এবং ব্যবস্থাপনাগত সিদ্ধান্ত গ্রহণের জন্য স্বচ্ছ এবং সঠিক পদ্ধতিতে রিপোর্টিং করা প্রয়োজন।
১৩. সংস্থার সম্পদ, দায়, মানব সম্পদ ও আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতার জন্য এবং বাৎসরিক নিরীক্ষা কার্যক্রমের জন্য নির্ভুল রিপোর্টিং পদ্ধতিতে রিপোর্ট করার ব্যবস্থা থাকতে হবে নতুবা রিপোর্টিং জটিলতার কারণে রেগুলেটরী ঝুঁকি এবং আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হবে।
১৪. প্রয়োজনের অতিরিক্ত রিপোর্টিং করার ক্ষেত্রে স্টাফদের কাজের লোড বৃদ্ধি পায় যার ফলে বকেয়া আদায়, নতুন সদস্য ভর্তি এবং ঋণ বিতরণের নতুন নতুন ক্ষেত্র খুঁজে বের করতে সময় কম পায়। অন্যদিকে বকেয়া আদায় না হলে স্টাফদের বেতন থেকে বকেয়া কিস্তির টাকা কর্তন করা হয়, ফলে স্টাফদের মাঝে অসন্তোষ তৈরী হয় এবং স্টাফ ড্রপ আউট বৃদ্ধি পায়। স্টাফ ড্রপ আউটের ফলে প্রোডাক্টিভিটি মেইনটেইন এবং ম্যানেজ করার ক্ষেত্রে ঝুঁকি সৃষ্টি হয়। সুতরাং ম্যানুয়েল পদ্ধতিতে রিপোর্টিং করার ক্ষেত্রে অতি প্রয়োজনীয় রিপোর্টিং সমূহ রেখে বর্ধিত রিপোর্টিং বন্ধ করা আবশ্যিক হবে। এতে করে স্টাফ ডেস্ক ওয়ার্কে কম এবং ফিল্ডে ঋণ কার্যক্রমে সময় বেশি দিতে পারবে, এবং ঋণের ঝুঁকি হ্রাস পাবে।

২২.১৩। মনিটরিং ও সুপারভিশন সংক্রান্ত ঝুঁকি:

মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের আওতায় মনিটরিং এবং সুপারভিশন একটি গুরুত্বপূর্ণ কাজ। কার্যক্রমের আদর্শ মানের সাথে প্রকৃত মানের বিচ্যুতি নির্ণয় করা, কি কারণে বিচ্যুতি ঘটেছে তা নির্ধারণ করা মনিটরিং এর কাজ। কার্যক্রমের গুণগত মান এর ক্ষেত্রে প্রসেস এবং প্রক্রেস মনিটরিং অত্যন্ত গুরুত্বপূর্ণ। মনিটরিং এর মাধ্যমে কার্যক্রমের গুণগতমান, প্রক্রিয়াগত ঝুঁকি, ফলাফলজনিত ঝুঁকি চিহ্নিত করে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন উপস্থাপন করা প্রধান কাজ। সুপারভিশনের মাধ্যমে কার্যক্রমের দায়িত্ব প্রাপ্ত কর্মী/কর্মকর্তাদের দায়বদ্ধতা, জবাবদিহিতা, স্বচ্ছতা এবং তাদের দক্ষতা বৃদ্ধির কাজ করা হয়। সুপারভিশনের মাধ্যমে কর্মী/কর্মকর্তাদের দুর্বলতা চিহ্নিত করা হয় এবং ব্যক্তি ভিত্তিক এবং সময় ভিত্তিক পরিকল্পনা করে, কার্যক্রমের গুণগতমান বজায় রেখে সংখ্যাগত মান অর্জন করা হয়। মনিটরিং এর মাধ্যমে কার্যক্রমের বিচ্যুতি, প্রক্রিয়াজনিত ত্রুটি এবং এর কারণ নির্ণয় করা হয় এবং সুপারভিশনের মাধ্যমে কার্যক্রমের ত্রুটি বিচ্যুতি সমাধান করা হয় এবং জবাবদিহিতা ও দায়বদ্ধতা নির্ধারণ করে ব্যবস্থা নেয়া হয়। মনিটরিং এবং সুপারভিশনজনিত যে সমস্ত ঝুঁকি হয়;

১. নিয়মিত মনিটরিং ব্যবস্থা না থাকলে কার্যক্রমের গুণগত মান বজায় থাকে না এবং কার্যক্রমের প্রক্রিয়াগত ত্রুটি বিচ্যুতি এবং আদর্শ মানের সাথে প্রকৃত ফলাফলের বিচ্যুতি চিহ্নিত করা যায় না। কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন হচ্ছে কি না তা জানার জন্য মনিটরিং ব্যবস্থা থাকা আবশ্যিক। কার্যক্রমের প্রক্রিয়াগত ত্রুটির কারণে বড় ধরনের আর্থিক ক্ষতির ঝুঁকি সৃষ্টি হয়।
২. মনিটরিং এর মাধ্যমে কার্যক্রমের লক্ষ্যমাত্রা বা আদর্শ মানের সঙ্গে প্রকৃত মানের তুলনামূলক বিশ্লেষণ ধর্মী প্রতিবেদন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মনিটরিং প্রতিবেদনের অসংগতির আলোকে পরবর্তী সিদ্ধান্ত নিয়ে থাকেন। মনিটরিং ব্যবস্থা না থাকলে ব্যবস্থাপনাগত সিদ্ধান্তের ঝুঁকি সৃষ্টি হয় যাতে সংস্থা ক্ষতির সম্মুখীন হয়ে থাকে।

৩. মনিটরিং এর মাধ্যমে কার্যক্রমের ঝুঁকি চিহ্নিতকরণ, ঝুঁকির কারণ নির্ণয় এবং ঝুঁকি প্রতিকারের জন্য সুপারিশ প্রদান করে থাকেন। সুতরাং সঠিক প্রক্রিয়ায় মনিটরিং না হলে কার্যক্রমের ঝুঁকি সৃষ্টি হয় এবং সংস্থা আর্থিক ক্ষতির সম্মুখীন হয়।
৪. মনিটরিং ব্যবস্থা সঠিক না হলে, সংস্থা তার উদ্দেশ্যের আলোকে কার্যক্রম বাস্তবায়ন করছে কি না এবং কার্যক্রমের ফলাফলের উপর কি প্রভাব পড়ছে তা জানা যায় না এবং কার্যক্রমের ডাইমেনশন পরিবর্তন করার ক্ষেত্রে জটিলতা তৈরী হয়।
৫. সুপারভিশন যদি সঠিক এবং নিয়মতান্ত্রিক ভাবে না হয় তবে কার্যক্রমের দায়িত্ব প্রাপ্ত কর্মী/কর্মকর্তাগণ অনিয়মের সাথে জড়িত হয় এবং সংস্থার আর্থিক ক্ষতির ঝুঁকি সৃষ্টি হয়।
৬. সুপারভিশন ত্রুটির কারণে কর্মী/কর্মকর্তাদের জবাবদিহিতা এবং দায়বদ্ধতা প্রতিষ্ঠিত হয় না। কর্মী/কর্মকর্তাদের জবাব দিহিতা এবং দায়বদ্ধতার ত্রুটির কারণে ঋণের ঝুঁকি সৃষ্টি হয় এবং ঋণ অনাদায়ীর হার বৃদ্ধি পায়, ফলে সংস্থার বিজনেস প্লান অনুযায়ী মুনাফা অর্জন ব্যহত হয়।
৭. সুপারভিশনের ত্রুটির কারণে স্টাফ ব্যবহার এবং তাদের প্রোডাক্টিভিটির আদর্শমান নিশ্চিত করা যায় না। স্টাফ প্রোডাক্টিভিটি অপটিমাম পর্যায়ে না থাকলে সংস্থা লোকসান বহন করতে হয়ে।
৮. সুপারভিশন এর ত্রুটির কারণে স্টাফদের দুর্বলতা দূর করা যায় না। তাদের দক্ষতার ঘাটতি চিহ্নিত হয় না। স্টাফ কর্তৃক আর্থিক অনিয়ম হলে তা চিহ্নিত করা যায় না এবং সমাধান করার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয়।
৯. মনিটরিং এবং সুপারভিশন ত্রুটিজনিত কারণে কর্মী/কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন, আর্থিক অনিয়ম হ্রাসকরণ, কার্যক্রমের আদর্শ মান এর সাথে প্রকৃত মানের ব্যবধান কমানো, সংস্থার বাৎসরিক বিজনেস প্লান অর্জন করার ক্ষেত্রে ঝুঁকি সৃষ্টি হয়। কোন কোন ক্ষেত্রে ঝুঁকির ব্যাপকতা এত বেশি হয় যে সংস্থা মূলধন হারাতে হয় এবং বড় ধরনের loss বহন করতে হয়।
১০. মনিটরিং এবং সুপারভিশন দুর্বলতার কারণে সংস্থার সম্পদ এবং দায় ব্যবস্থাপনা সঠিক ভাবে করা যায় না। সুপারভিশন দুর্বলতার ফলে বকেয়া ঋণের ব্যবস্থাপনা পেন্ডিং থাকে এবং সংস্থার দায় বৃদ্ধি পায়।

২২.১৪। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি:

সংস্থার যে কোন কার্যক্রম তথা সংস্থা পরিচালনার ক্ষেত্রে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রধান শর্ত হচ্ছে দায়িত্ব পৃথকীকরণ এবং কে কার কাছে রিপোর্টেবল তা সুনির্দিষ্ট করা। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালী না হলে ব্যবস্থাপনার প্রতিটি স্তরে ঝুঁকি সৃষ্টি হয়। যার ফলে কার্যক্রম ব্যবস্থাপনার ক্ষেত্রে বড় ধরনের ঝুঁকি সৃষ্টি হয় এবং সংস্থার দায় বৃদ্ধি পাওয়ার ঝুঁকি তৈরী করে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার ক্ষেত্রে যে সমস্ত ঝুঁকি সৃষ্টি হয় ;

১. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালী না হলে ব্যবস্থাপনার চেইন অব কমান্ড ভেঙ্গে পড়ে। কর্মী/কর্মকর্তাদের জবাবদিহিতা, দায়বদ্ধতা এবং স্বচ্ছতার ঘাটতি দেখা দেয়, যার ফলে কার্যক্রম এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন বিচ্যুতি ঘটে এবং কার্যক্রমের গুণগত মান নিম্নগামী হয়। ঋণ কার্যক্রমের অনাদায়ীর পরিমাণ বেড়ে যায় এবং সংস্থার আর্থিক দায় সৃষ্টি হয়।
২. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা দুর্বল হলে কর্মী/কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে সিনিয়রদের দায়িত্বহীনতা দেখা দেয়। কর্মী/কর্মকর্তাদের প্রোডাক্টিভিটি কাংখিত মাত্রায় থাকে না। কর্মী/কর্মকর্তাগণ অনিয়ম এর সাথে জড়িত হয় এবং তহবিল তছরূপের ঝুঁকি বৃদ্ধি পায়।
৩. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতার কারণে মানব সম্পদ ও প্রশাসন ব্যবস্থাপনার গুণগত মান হ্রাস পায়। কর্মী/কর্মকর্তা নিয়োগ, বদলী, পদোন্নতি, পদায়ন, বরখাস্ত, অব্যাহতি এ সকল ক্ষেত্রে অনিয়ম এবং পক্ষপাত দুই হওয়ার ঝুঁকি সৃষ্টি হয়।
৪. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতার কারণে যথাযথ নিয়মে স্টাফ ওরিয়েন্টেশন, প্রশিক্ষণ, স্টাফ সুপারভিশনে ঘাটতি সৃষ্টি হয়। কর্মীদের সমহারে দায়িত্ব বন্টন প্রক্রিয়ায় পছন্দ অপছন্দ প্রাধান্য পায়। এতে করে কর্মী/কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি পায় না, প্রোডাক্টিভিটি বৃদ্ধি পায় না, মান সম্পন্ন কর্মী/কর্মকর্তা তৈরী হয় না বিধায়

ব্যবস্থাপনার দায়িত্ব পালন করার মতো যথেষ্ট দক্ষতা সম্পন্ন স্টাফ পাওয়া যায় না। ব্যবস্থাপনায় নিয়োজিত (স্তর ভেদে) স্টাফদের ব্যবস্থাকীয় দুর্বলতার কারণে কার্যক্রমের গুণগত মান হ্রাস পায়, অনিয়ম বৃদ্ধি পায় এবং আর্থিক অনিয়ম এর কারণে সংস্থার তহবিল loss এর ঝুঁকি সৃষ্টি হয়।

৫. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতার কারণে সংস্থার বাৎসরিক বিজনেস প্লান অর্জন ব্যহত হয় এবং সংস্থা পরিকল্পিত মুনাফা অর্জনে অসামর্থ্য হয়, ফলে সংস্থার নিজস্ব তহবিল সৃষ্টিতে বিঘ্নতা ঘটে। নিজস্ব তহবিল সৃষ্টি হয় না বিধায় সংস্থার উদ্দেশ্যের আলোকে সামাজিক কার্যক্রম বাস্তবায়নে বাধা এবং কমিউনিটিতে সংস্থার সুনাম নষ্টসহ গ্রহণযোগ্যতা হ্রাস পায়। যার ফলাফল হিসাবে ঋণ কার্যক্রমের অনাদায়ী ঋণের পরিমাণ বৃদ্ধি পাওয়ার ঝুঁকি সৃষ্টি হয়।
৬. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতার কারণে সংস্থার সম্পদ ও দায় ব্যবস্থাপনার ক্ষেত্রে ঝুঁকি সৃষ্টি হয়। দায়ী ব্যক্তি চিহ্নিত এবং দায় নির্ধারণ করার ক্ষেত্রে জটিলতা দেখা দেয়।
৭. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার দুর্বলতার কারণে রিপোর্টিং এর ক্ষেত্রে স্বচ্ছতা, তথ্য সন্নিবেশ, এবং তথ্য সংরক্ষণ এ জটিলতা সৃষ্টি হয়। অধিকাংশ ক্ষেত্রে ত্রুটিপূর্ণ বা ভুল রিপোর্ট পরিবেশন করে থাকে যার ফলে কার্যক্রমের প্রকৃত অবস্থা নিরূপন করা যায় না এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া জটিল হয়।
৮. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতার কারণে সকল প্রকার কমপ্লাইয়েন্স ইস্যু প্রতিপালন না করে নন-কমপ্লাইয়েন্স ইস্যু বৃদ্ধি করা। নন-কমপ্লাইয়েন্স ইস্যু বৃদ্ধি ফলে কার্যক্রমের গুণগতমান হ্রাস পায়, জবাবদিহীতা, দায়বদ্ধতা হ্রাস পায় ফলে অনিয়মের মাধ্যমে আত্মসাৎ এর ঘটনা ঘটায় ঝুঁকি বৃদ্ধি পায়।
৯. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতার কারণে প্লানস্ এন্ড বাজেট বাস্তবায়ন জটিল হয়। বাজেটের নিয়ন্ত্রণ হ্রাস পায়, বাজেট ভেরিয়েন্স বৃদ্ধিসহ বাজেট বহির্ভূত খরচের পরিমাণ বৃদ্ধি পায়। বাজেটের নিয়ন্ত্রণ দুর্বলতার কারণে সংস্থার কাঙ্ক্ষিত মুনাফা অর্জিত না হওয়ার ঝুঁকি বৃদ্ধি পায়।
১০. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতার কারণে সমিতি গঠন, সদস্য ভর্তি, ঋণী যাচাই বাছাই, ঋণ বিতরণ, ঋণ আদায় প্রক্রিয়ার দুর্বলতাসহ সকল ক্ষেত্রে অনিয়ম সৃষ্টি হয়। ভূয়া সদস্য ভর্তি, ভূয়া ঋণ বিতরণ, প্রকৃত ঘটনা আড়াল করে সদস্য কল্যাণ তহবিল থেকে সমন্বয় করা, বকেয়া গোপন করা, বকেয়ার কেইস নির্দিষ্ট সময়ে সমাধান না করে পেডিং রাখা, সদস্য পলাতক না হলেও পলাতক দেখিয়ে বকেয়া সৃষ্টি করা, অগ্রিম সঞ্চয় ও ঋণ আদায় করে জমা না করে আর্থিক অনিয়ম করা। ঋণ কার্যক্রমের ক্ষেত্রে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা দুর্বল হলে সামগ্রিক ঋণ কার্যক্রমের বড় ধরনের ঝুঁকি সৃষ্টি হয় এবং সংস্থার বিনিয়োগযোগ্য তহবিল বা মূলধন হ্রাস পাওয়ার ঝুঁকি সৃষ্টি হয়।

২২.১৫। মানব সম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি :

সংস্থার পরিচালনাগত ঝুঁকির মধ্যে মানব সম্পদ ব্যবস্থাপনাগত ঝুঁকি সব থেকে প্রকট। কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে দক্ষ এবং সৎ স্টাফ অতীব প্রয়োজন। স্টাফ নিয়োগ, বদলী, পদোন্নতি, পদায়ন, অব্যাহতি, বরখাস্ত, শাস্তির ব্যবস্থা মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে করা হয় বিধায় সবচেয়ে বড় ঝুঁকি এই ব্যবস্থাপনার মাধ্যমে সৃষ্টি হয়। মানব সম্পদ ব্যবস্থাপনার ক্ষেত্রে যে সকল ঝুঁকি সৃষ্টি হয়;

১. নিয়োগ, বদলী, পদোন্নতির ক্ষেত্রে আদর্শ মানদণ্ড ব্যবহার না করে কার্যক্রম সম্পাদন করা। কর্মী/কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে যথেষ্ট দায়িত্ব সহকারে নিয়মতান্ত্রিক ভাবে নিয়োগ কার্য সম্পাদনের ক্ষেত্রে ত্রুটি করা। অধিকতর যোগ্যতা সম্পন্নদের অগ্রাধিকার না দিয়ে সুপারিশকৃতদের নিয়োগ দিয়ে দক্ষ মানব সম্পদ সৃষ্টির অন্তরায় করার মাধ্যমে ঝুঁকি সৃষ্টি করা।
২. কর্মী/কর্মকর্তাদের নিয়োগ পরবর্তী ওরিয়েন্টেশন, প্রশিক্ষণ, পোস্টিং প্রদানের ক্ষেত্রে আঞ্চলিকতা পরিহার না করা এবং সুপারিশ অনুসারে পোস্টিং প্রদান করে ব্রাঞ্চ ব্যবস্থাপনাকে ঝুঁকির মধ্যে ফেলে কর্মী ব্যবস্থাপনার ঝুঁকি তৈরী করা।
৩. পদোন্নতির ক্ষেত্রে আদর্শমান দণ্ড পরিহার করে পদোন্নতির কার্যক্রম সম্পন্ন করা। অধিকতর যোগ্যতা/দক্ষতা সম্পন্নদের পদোন্নতি না দিয়ে ব্যবস্থাপনার সুপারিশকৃতদের পদোন্নতি দেয়ার ক্ষেত্রে অতি আগ্রহী হয়ে পদোন্নতি

দেয়া। এর ফলে উর্ধ্ব স্তরে দায়িত্ব প্রদান বা পদোন্নতি দেয়ার সময় যথাযথ দক্ষতা থাকে না বিধায় ব্যবস্থাপনা স্তরে দক্ষতা সম্পন্ন জনবল পাওয়া যায় না। এর ফলে স্তর ব্যবস্থাপনায় অদক্ষ জনবলের আধিক্যতা বৃদ্ধি পায় এবং ব্যবস্থাপকীয় দুর্বলতার কারণে কার্যক্রমের গুণগতমান নষ্ট এবং আর্থিক অনিয়ম সৃষ্টির মাধ্যমে সংস্থার মূলধন loss এর ঝুঁকি বৃদ্ধি পায়।

৪. কর্মী/কর্মকর্তাদের বদলী, পদায়ন, পোস্টিং এর সময়ে নিরপেক্ষ দৃষ্টি ভঙ্গি ব্যবহার না করে পছন্দ অপছন্দকে প্রাধান্য দেয়ার ফলে বদলী এবং পোস্টিং জনিত ঝুঁকি সৃষ্টি করা।
৫. দায় ব্যবস্থাপনার ক্ষেত্রে নিরপেক্ষ বা আদর্শমান ব্যবহার না করে ব্যক্তিকেন্দ্রিক দায় ব্যবস্থাপনা করার মাধ্যমে ঝুঁকি সৃষ্টি করা।
৬. ব্যবস্থাপনা কাঠামো বিন্যাস, সংস্থার মানব সম্পদ পলিসি অনুসরণ না করা। পদবী অনুযায়ী এনটাইটেলমেন্ট নির্ধারণ না করা। অনিয়ম ব্যবস্থাপনার ক্ষেত্রে সামগ্রিক দৃষ্টি ভঙ্গির পরিবর্তে ব্যক্তি কেন্দ্রিক ব্যবস্থাপনা করা। এর ফলে স্টাফ অসন্তোষ বৃদ্ধি পায় এবং স্টাফ ড্রপ-আউট এর ঝুঁকি বৃদ্ধি পায়। স্টাফ ঝুঁকি বৃদ্ধির ফলে কার্যক্রমের ঝুঁকি বৃদ্ধি পায়।
৭. স্টাফদের ফাইনাল সেটেলমেন্ট এর ক্ষেত্রে সবার জন্য সমান নীতি অনুসরণ না করে পছন্দ অপছন্দ দৃষ্টি ভঙ্গির ব্যবহার এবং দায় নির্ধারণ প্রক্রিয়ায় স্বচ্ছতা বিধান না করে দায় নির্ধারণ করা এবং ফাইনাল সেটেলমেন্ট করা। এতে করে যারা সংস্থা থেকে চলে গেছে তারা জব মার্কেটে সংস্থার বদনাম করে, ফলে জনবল নিয়োগের সময় যথেষ্ট দক্ষ জনবলের আবেদন পাওয়া যায় না। এ ধরনের ব্যবস্থাপনার জন্য জব মার্কেটে ঝুঁকি সৃষ্টি হয়।
৮. মানব সম্পদ ব্যবস্থাপনার আওতায় দক্ষ জনবল সৃষ্টির জন্য নিয়মিত বিরতিতে ফিডব্যাক সংগ্রহ, প্রশিক্ষণ চাহিদা নিরূপণ করা, প্রশিক্ষণ মডিউল আধুনিকীকরণ করা। গুণগত মান সম্পন্ন প্রশিক্ষণ প্রদান করা, জব রোটেশন চালু করা, জব ডেসক্রিপশন সুনির্দিষ্ট করা এবং দায়িত্ব প্রদান ও ফলোআপ নিশ্চিত করার মত কার্যক্রম সম্পাদন না করে শুধুমাত্র ট্রানজেকশনাল ওয়ার্ক করা। এর ফলে দক্ষ জনশক্তি তৈরী হচ্ছে না এবং স্টাফ ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে।

২২.১৬। আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকিঃ

মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের ক্ষেত্রে আর্থিক ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র। স্বচ্ছ এবং সঠিকভাবে আর্থিক ব্যবস্থাপনা না করতে পারলে তহবিল এর অপব্যবহার, অলস তহবিল জনিত ব্যয় এবং তহবিল তছরূপের মতন দুর্ঘটনার শিকার হতে হয়। অন্যদিকে তহবিল ব্যবস্থাপনার দুর্বলতার কারণে ঋণ কার্যক্রমে ক্যাশফ্লো ম্যানেজমেন্ট সঠিক ভাবে করা যায় না। পরিকল্পিত ভাবে তহবিল মাঠ পর্যায়ের প্রেরণ এবং মাঠ পর্যায় থেকে তহবিল উত্তোলন না করার ফলে বাৎসরিক বিজনেস প্ল্যান অনুযায়ী ঋণ বিনিয়োগ কার্যক্রম ব্যাহত হয়। সঠিক সময় এবং চাহিদা মাফিক ঋণ বিতরণ না করতে পারার কারণে ঋণস্থিতি বৃদ্ধি হয় না অন্যদিকে গ্রাহক ড্রপ-আউট হয় ফলে ঋণের মার্কেটে বিপরীত প্রতিক্রিয়া দেখা দেয়। ঋণস্থিতি বৃদ্ধি না পেলে পোটেনশিয়াল আয় থেকে সংস্থা বঞ্চিত হয় এবং স্টাফ প্রডাকটিভিটি কমে যায় বিধায় স্টাফ প্রতি ব্যয়ের তুলনায় স্টাফ প্রতি আয় হ্রাস পায়। আর্থিক ব্যবস্থাপনাগত ত্রুটির জন্য যে সকল পরিচালনাগত ঝুঁকি সৃষ্টি হয়;

১. দুর্বল আর্থিক ব্যবস্থাপনার জন্য নিয়মিত ক্যাশফ্লো মেইনটেইন করা যায় না। তহবিল ব্যবহারের ক্ষেত্রে অলস তহবিল থেকে যাওয়া, তহবিল পরিকল্পনা মাফিক সরবরাহ না করার ফলে বিনিয়োগ হ্রাস পায়, অন্যদিকে অপরিকল্পিত ভাবে ফান্ডিং এজেন্সি থেকে ঋণ নিয়ে চাহিদার অতিরিক্ত তহবিল ব্রাঞ্চে প্রেরণ করার মাধ্যমে তহবিল তছরূপের সুযোগ সৃষ্টি করার মত ঝুঁকি সৃষ্টি করা।
২. ব্রাঞ্চার চাহিদা মাফিক তহবিল সরবরাহ করতে না পারা এবং ব্রাঞ্চে থেকে অপরিকল্পিতভাবে তহবিল উত্তোলন করে ঋণ কার্যক্রমের বিনিয়োগ ঝুঁকি সৃষ্টি করা।

৩. সঠিক তহবিল ব্যবস্থাপনা না করার ফলে ব্রাঞ্চের নগদ ক্যাশ এবং ব্যাংক ব্যালেন্স অতিরিক্ত পড়ে থাকে। একদিকে অলস তহবিল জনিত ব্যয় বৃদ্ধি পায় অন্যদিকে তহবিল তছরূপের ঝুঁকি সৃষ্টি হয়।
৪. তহবিল অব্যবস্থাপনার ফলে বাৎসরিক বিজনেস প্ল্যান বাস্তবায়নে বিঘ্ন সৃষ্টি হয়। সংস্থার মূলধন ও দায় ব্যবস্থাপনার ক্ষেত্রে ঝুঁকি সৃষ্টি হয়। তহবিল অপটিমাম ব্যবহার না করার ফলে তহবিল ব্যয় বেশি বৃদ্ধি পায়, যার ফলে সংস্থার সমন্বিত মুনাফা অর্জনে বাধা প্রাপ্ত হয়।
৫. তহবিল ব্যবস্থাপনার ক্ষেত্রে ফিন্যান্সসিয়াল মার্কেট পর্যালোচনা না করে বিনিয়োগ করে সংস্থার মূলধন loss এর ঝুঁকি বৃদ্ধি করা।
৬. তহবিল ব্যবস্থাপনার দুর্বলতার কারণে ব্যাংক এবং ফান্ডিং এজেন্সির কিস্তি সময়মত পরিশোধ করতে না পারার ফলে সিআইবি তে খেলাপি তালিকাভুক্ত হওয়া এবং লেট পেমেন্ট এর কারণে অতিরিক্ত সুদ প্রদান করতে হয় যাতে করে তহবিল ব্যয় বৃদ্ধি পায়। অন্যদিকে ব্যাংক থেকে তহবিল সংগ্রহের ঝুঁকি বৃদ্ধি পায়।
৭. তহবিল ব্যবস্থাপনা সঠিকভাবে না করতে পারলে সংস্থার বিনিয়োগ ঝুঁকি বাড়ে, বাজেটভুক্ত আয়-ব্যয় নিয়ন্ত্রণ করা যায় না এবং বাজেট ভেরিয়েন্স ব্যাপক আকার ধারণ করে। তহবিল অব্যবস্থাপনার জন্য বাজেট নিয়ন্ত্রণ জনিত ঝুঁকি বৃদ্ধি পায়।
৮. ব্রাঞ্চ পর্যায়ে নিয়ম বর্হিভূত ভাবে এক ব্রাঞ্চ থেকে অন্য ব্রাঞ্চের নগদ তহবিল প্রদান, এ্যাডভাইস বিহীন আন্তঃজোন তহবিল স্থানান্তর করা, নগদ তহবিল রেমিটেন্স কার্যক্রমের জন্য এক ব্রাঞ্চ থেকে অন্য ব্রাঞ্চের বাহক মারফত প্রেরণ করে মানি লভারিং আইনের আওতায় ঝুঁকি সৃষ্টি করা।
৯. তহবিল ব্যবস্থাপনার দুর্বলতার কারণে সংস্থা রেগুলেটরী নন-কমপ্লাইয়েন্স ইস্যুর সম্মুখীন হচ্ছে এবং দায় ব্যবস্থাপনার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে।
১০. তহবিল অব্যবস্থাপনার কারণে বাৎসরিক বিজনেস প্ল্যান অনুযায়ী বিনিয়োগ, আয়-ব্যয় এবং মুনাফা অর্জনে ব্যহত হয়।
১১. IAS/BAS অনুযায়ী হিসাব সংরক্ষণ এবং ব্যবস্থাপনা না করার ফলে সংস্থার আর্থিক চিত্র সঠিকভাবে প্রতিফলিত হয় না এবং সংস্থার সম্পদ ও দায় ব্যবস্থাপনার ক্ষেত্রে জটিলতা দেখা দেয়। সঠিক, স্বচ্ছ আর্থিক রিপোর্টিং ব্যবস্থার দুর্বলতার কারণে ব্যবস্থাপনা সঠিক সিদ্ধান্ত নিতে পারে না। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সঠিক সিদ্ধান্ত নিতে না পারার কারণে সংস্থার ঝুঁকি বৃদ্ধি পায়।

২২.১৭। নিরীক্ষা কার্যক্রম সংক্রান্ত ঝুঁকিঃ

মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের ক্ষেত্রে নিয়মিত নিরীক্ষা কার্যক্রম একটি অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা হিসাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। নিয়মিত নিরীক্ষা কার্যক্রম হিসাবে সংস্থার এবং ব্রাঞ্চের পর্যায়ের আর্থিক কার্যক্রম এবং ব্যবস্থাপকীয় কার্যক্রম নিরীক্ষা করা হয়। নিরীক্ষা কার্যক্রমের ক্ষেত্রে যে সমস্ত ঝুঁকি হয়;

১. যথাযথ প্রমাণ এবং প্রক্রিয়া অবলম্বন না করে আর্থিক ব্যবস্থাপনার উপর মতামত দিলে নিরীক্ষা অভিযোগের আলোকে ব্যবস্থা নেয়া কঠিন হয় এবং সমাধান/সংশোধন করার ক্ষেত্রে ঝুঁকি সৃষ্টি হয়।
২. নিরীক্ষক যখন অপরিপূর্ণ তথ্যের উপর ভিত্তি করে আর্থিক প্রতিবেদন ম্যাটেরিয়াল মিসস্টেটেড হয়েছে মর্মে মতামত দেন তখন সংস্থার জন্য ঝুঁকি তৈরী হয়।
৩. অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের আওতায় সঠিকভাবে ব্যালেন্সিং কার্যক্রম না করে, সকল পাশ বই না দেখে ব্যালেন্সিং ঘাটতি উপস্থাপন করলে, দায়ী ব্যক্তি এবং দায় চিহ্নিত করার ক্ষেত্রে ঝুঁকি সৃষ্টি হয়।
৪. নিরীক্ষায় প্রাপ্ত অসংগতির উপর যথাযথ ব্যবস্থা না নেয়া এবং একই পর্যবেক্ষণ বার বার প্রাপ্ত হলে নিরীক্ষার গুরুত্ব নষ্ট হয় এবং নিরীক্ষা কার্যক্রমের ব্যয় এর যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তৈরী হয়। অন্যদিকে দায়িত্বপ্রাপ্ত কর্মী/কর্মকর্তাদের জবাবদিহিতা ও দায়বদ্ধতা হালকা হয়ে যায়।
৫. নিরীক্ষা কার্যক্রমের প্রাপ্ত অসংগতির আলোকে ব্যবস্থাপনা কর্তৃক সমাধানের উদ্যোগ না নেয়া এবং প্রাপ্ত অসংগতির আলোকে দায় এবং দায়ী ব্যক্তি চিহ্নিত করে উপযুক্ত ব্যবস্থা না নিলে সংস্থা বড় ধরনের ঝুঁকির মধ্যে পড়ে।

২২.১৮। অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত ঝুঁকি :

মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের পরিচালনাগত ঝুঁকির মধ্যে অফিস ব্যবস্থাপনাগত ঝুঁকি অন্যতম। সঠিকভাবে অফিস পরিচালনা এবং সকল কার্যক্রমের অফিস ডকুমেন্টস সমূহ নিশ্চিত না করা এবং সকল কমপ্লাইয়েন্স ইস্যু সমূহ প্রতিপালন না করে পরিচালনাগত ঝুঁকি সৃষ্টি করে থাকে। অফিস ব্যবস্থাপনাগত যে সকল ঝুঁকি সৃষ্টি হয়;

১. ব্রাঞ্চার কর্ম এলাকা নির্ধারণ না করে সমিতি গঠন করা, সমিতির ক্লাস্টার গঠন না করা, ব্রাঞ্চ থেকে অধিক দূরবর্তী স্থানে সমিতি করা, কর্ম এলাকার প্রয়োজনীয় তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও তার ব্যবহার না করা। এর ফলে ঝুঁকিপূর্ণ সমিতি গঠনের মাধ্যমে সদস্য ভর্তি হয়ে ঋণ গ্রহণ করে এবং ঋণ অনাদায়ের ঝুঁকি সৃষ্টি হয়।
২. অফিস সময়সূচী অনুসরণ ও প্রতিপালন না করা। বকেয়া আদায়ের জন্য অপরিবর্তিতভাবে সাক্ষ্যকালিন ফিল্ড এবং অধিক রাত্র পর্যন্ত কাজ করা। এর ফলে কর্মীদের মধ্যে অসন্তোষ বৃদ্ধি পায় এবং কর্মী ড্রপ-আউট বেশী হয়। ফলে স্টাফ ঝুঁকি বৃদ্ধি পায়।
৩. ব্রাঞ্চ ম্যানেজার/এরিয়া ম্যানেজার/জোনাল ম্যানেজার কর্তৃক ব্রাঞ্চ ব্যবস্থাপনায় কর্মী/কর্মকর্তাদের স্বচ্ছতা, দায়বদ্ধতা, জবাবদিহীতা নিশ্চিত না করার ফলে স্টাফগণ অনিয়ম করার সুযোগ পায় এবং দায় সৃষ্টি করার মাধ্যমে ঝুঁকি তৈরী করে।
৪. ব্রাঞ্চার বাৎসরিক বিজনেস প্ল্যান সকল কর্মীদের মধ্যে বন্টন নিশ্চিত না করা, প্ল্যান বাস্তবায়ন কৌশল নিয়ে মিটিং, ওয়ার্কশপ না করা এবং প্ল্যান অনুযায়ী বাস্তবায়ন হচ্ছে কি না তা পর্যালোচনা না করে বিজনেস প্ল্যান অর্জনের ক্ষেত্রে ঝুঁকি সৃষ্টি করে।
৫. ব্রাঞ্চার সকল কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ, ওরিয়েন্টেশন প্রদান না করে সমিতি পরিচালনার দায়িত্ব প্রদান করে ঋণ কার্যক্রমের ঝুঁকি সৃষ্টি করে।
৬. সকল স্টাফদের মধ্যে দক্ষতা এবং সক্ষমতা অনুযায়ী দায়িত্ব প্রদান করে না বিধায় কেউ ওভার প্রডাকটিভিটি এবং কেউ আন্ডার প্রডাকটিভিটিতে কাজ করে। ফলে একদিকে স্টাফ ঝুঁকি সৃষ্টি হয়, অন্যদিকে পোর্টফোলিও ব্যবস্থাপনা ঝুঁকির মধ্যে পড়ে।
৭. ব্রাঞ্চ এর আওতায় নিরীক্ষা কার্যক্রমের পর্যবেক্ষণ সমূহের আলোকে চিহ্নিত সমস্যা, ব্যালেন্সিং ঘাটতি, প্রক্রিয়াগত ত্রুটির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় করা, বকেয়া ব্যবস্থাপনার ক্ষেত্রে দুর্বলতা সমূহ দ্রুত সমাধান না করা এবং সমস্যা সমূহ পেন্ডিং রেখে ঝুঁকি সৃষ্টি করে।
৮. ব্রাঞ্চ ব্যবস্থাপনায় সকল প্রকার গাইড লাইন, নীতিমালা, ম্যানুয়েল অনুসরণ না করে নন- কমপ্লাইয়েন্স ইস্যু সৃষ্টির মাধ্যমে দায় সৃষ্টি করা।
৯. ব্রাঞ্চার সময় ব্যবস্থাপনা, নিয়মিত সাপ্তাহিক এবং মাসিক মিটিং না করা, কর্মী/কর্মকর্তাদের দায়- বদ্ধতা এবং জবাবদিহীতা নিশ্চিত না করে কার্যক্রম পরিচালনা করে ঝুঁকি বৃদ্ধি করা।
১০. ব্রাঞ্চ সঠিকভাবে এমআইএস এবং এফআইএস প্রতিবেদন প্রস্তুত না করা, যথা নিয়মে সংরক্ষণ না করা, সকল ডকুমেন্টস যথাযথ ভাবে এবং যথা নিয়মে সংরক্ষণ না করে তথ্য প্রবাহের ঝুঁকি সৃষ্টি করে।
১১. সমিতি ব্যবস্থাপনার ক্ষেত্রে সমিতির কর্ম এলাকা নির্ধারণ না করা, কর্ম এলাকার জরিপ না করা, কর্ম এলাকার বাহির থেকে সদস্য ভর্তি করা, সমিতির সাপ্তাহিক মিটিং নিয়মিত না করা, মিটিং এর বিষয় এবং আদায়কৃত অর্থ রেজুলেশন বুকে না লেখা, সমিতির মিটিং স্থানে বসে কিস্তি আদায় না করে সদস্যর বাড়ী বাড়ী গিয়ে কিস্তি আদায় করে একদিকে আর্থিক ঝুঁকি অন্যদিকে সামাজিক ঝুঁকি সৃষ্টি করে।
১২. সমিতি ভিত্তিক বকেয়া ব্যবস্থাপনা নিশ্চিত না করে, সদস্যর বাড়ী বাড়ী গিয়ে বকেয়া আদায়ের জন্য সময় ক্ষেপন করা, এক্ষেত্রে ব্রাঞ্চ ব্যবস্থাপনার থেকে সুনির্দিষ্ট মনিটরিং ও জবাবদিহীতা সৃষ্টি না করা। ফলে বকেয়া ব্যবস্থাপনার ক্ষেত্রে দায়বদ্ধতা সৃষ্টি না করে বকেয়া কেইস পেন্ডিং রেখে সংস্থার দায় সৃষ্টি করা।
১৩. ব্রাঞ্চ ব্যবস্থাপনায় সকল কর্মী/কর্মকর্তাদের আবাসন সুবিধা, অফিস সিটিং, ম্যাচ ব্যবস্থাপনা নিশ্চিত না করে কর্মী/কর্মকর্তাদের মধ্যে অসন্তোষ সৃষ্টি করা এবং ব্রাঞ্চার কর্মমুখী পরিবেশ সৃষ্টি না করে ঝুঁকিপূর্ণ পরিবেশ সৃষ্টি করে ঝুঁকি সৃষ্টি করা।

২২.১৯। পরিচালনাগত ঝুঁকি হ্রাস করার ক্ষেত্রে করণীয় সমূহঃ

মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের আওতায় ব্রাঞ্চ পর্যায়ে পরিচালনাগত ঝুঁকি হ্রাস করার জন্য নিম্নে বর্ণিত কার্যক্রম সমূহ জোরালোভাবে সম্পাদন করা আবশ্যিক হবে;

১. ব্রাঞ্চার কর্ম এলাকা নির্দিষ্ট করে উক্ত কর্ম এলাকার জরিপ কার্য সম্পাদন করা। এলাকার জনগণ, জীবন-জীবিকার মান, প্রধান প্রধান আয়ের উৎস, অর্থনৈতিক অবস্থা, বাজার ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা, সম্পদের অভিজ্ঞতা, ধনী-দরিদ্র বৈষম্য, সামাজিক সম্প্রীতি, কৃষ্টি-কালচার, দৈনিক আয় প্রবাহ, কি কি ধরণের প্রতিষ্ঠান কি কি কার্যক্রম পরিচালনা করছে তার উপর সমক্ষ ধারণা নিতে হবে এবং প্রাপ্ত তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা করে কার্যক্রমের সাথে সমন্বয় সাধন করে কার্যক্রম পরিচালনার দীর্ঘমেয়াদী পরিকল্পনা করতে হবে।
২. কর্ম এলাকার উপর জরিপকৃত তথ্যের আলোকে কতগুলো সমিতি করা যাবে তার সুনির্দিষ্ট ডিমার্কেশন করতে হবে। ব্রাঞ্চার কেন্দ্রবিন্দু থেকে প্রথমে ১কি:মি, ২কি:মি: এভাবে পর্যায়ক্রমে কর্ম এলাকা সম্প্রসারণ করতে হবে, তবে ব্রাঞ্চার কর্ম এলাকার পরিধী চতুর্দিকে ১০কি:মি: এর বেশি হবে না। প্রতিটি ব্রাঞ্চার কর্ম এলাকা প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের সমন্বয়ে সম্ভবত্ব এবং সুযোগ সম্পর্কিত একটি ডাটা ভিত্তিক প্রতিবেদন তৈরী করবে। যাহা প্রধান কার্যালয়ে ব্রাঞ্চ ভিত্তিক ডাটা বেইজ করে সংরক্ষণ করতে হবে এবং নিয়মিত পর্যালোচনা করে কর্ম এলাকা সম্পর্কিত সিদ্ধান্ত নিতে হবে।
৩. ব্রাঞ্চ পর্যায়ে ঋণ কার্যক্রমের পরিচালনাগত ঝুঁকির মধ্যে প্রধান ঝুঁকি হচ্ছে সমিতি ব্যবস্থাপনা। সমিতি ব্যবস্থাপনাগত ঝুঁকি হ্রাস করার ক্ষেত্রে প্রতিটি সমিতির কর্ম এলাকার চৌহদ্দী নির্দিষ্ট করতে হবে। সমিতির কেন্দ্র বা সভার স্থানের চারদিকের সীমানা নির্ধারণ করে ডিমার্কেশন করতে হবে। সমিতির নির্দিষ্ট কর্ম এলাকার সকল খানার জরিপ কার্য সম্পাদন করে তালিকা তৈরী করতে হবে।
৪. সমিতির কর্ম এলাকার জরিপকৃত সদস্যদের ঋণ কার্যক্রম ও অন্যান্য সামাজিক কার্যক্রমের চাহিদা নিরূপন করে ঋণ প্রডাক্ট নির্ধারণ করতে হবে। সমিতির কর্ম এলাকার জরিপকৃত সদস্যদের মধ্য থেকে সমিতিতে ভর্তিযোগ্য সদস্যর তালিকা চূড়ান্ত করে ব্রাঞ্চার সাপ্তাহিক মিটিং এর মাধ্যমে অনুমোদন করে রাখবে। উক্ত তালিকা থেকে সদস্য ভর্তি নিশ্চিত করতে হবে। কোন অবস্থায় উক্ত তালিকার বাহির থেকে কোন সদস্য ভর্তি করা যাবে না।
৫. সমিতির সাপ্তাহিক সভার মাধ্যমে সঞ্চয় ও ঋণের কিস্তি আদায় নিশ্চিত করতে হবে। সমিতির সভা কার্যকর করা এবং সমিতির কার্যক্রম পরিচালনার জন্য কার্যকরী কমিটি সক্রিয় করতে হবে। সভায় সদস্যদের বসার জন্য চট/পাটি অথবা ব্রেঞ্চ থাকবে এবং সভার স্থান সনাক্তকরণ সাইনবোর্ড থাকতে হবে। সকল কার্যক্রম সমিতির সভায় আলোচনা ও সিদ্ধান্ত নিয়ে সভার রেজুলেশন বইতে লিপিবদ্ধ করে উপস্থিত সকল সদস্যর স্বাক্ষর নিতে হবে।
৬. সঞ্চয় ও ঋণ কার্যক্রমের ঝুঁকি হ্রাস করার জন্য সংস্থার নীতিমালা যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করতে হবে। নিয়মিত সঞ্চয় (সাপ্তাহিক ভিত্তিতে আদায়) সাপ্তাহিক এর ক্ষেত্রে সকল সদস্যর জন্য একটি অভিন্ন হার নির্ধারণ করে দিতে হবে। নিয়মিত সঞ্চয় সাপ্তাহিক, স্বেচ্ছা সঞ্চয় এবং নিয়মিত সঞ্চয় মাসিক ভিত্তিতে জমার ক্ষেত্রে সমিতির সভার মাধ্যমে আদায় করা এবং কালেকশন শীট ও সদস্যর পাশ বইতে সাথে সাথে লিপিবদ্ধ করে দায়িত্বপ্রাপ্ত সিএম/বিও-লোন স্বাক্ষর করতে হবে।
৭. ঋণ কার্যক্রমের ক্ষেত্রে সমিতির ২/৩ অংশ সদস্যর উপস্থিতিতে ঋণ প্রস্তাব করা, ঋণের সিলিং বা পরিমাণ নির্ধারণ করা, ঋণের প্রকল্প নিশ্চিত করা এবং সকল সদস্যর সম্মতি নেয়া। প্রস্তাবিত ঋণ সমিতির রেজুলেশন বইতে লিপিবদ্ধ করে উপস্থিত সকল সদস্যর স্বাক্ষর নিশ্চিত করতে হবে।
৮. ঋণের কিস্তি সমিতির সভার মাধ্যমে সভার স্থানে বসে আদায় নিশ্চিত করতে হবে। কোন সদস্যর বাড়িতে গিয়ে কিস্তি আদায় করা পরিহার করতে হবে। সমিতি থেকে আদায়কৃত সকল অর্থ সদস্য ভিত্তিক কালেকশন শীট এবং

পাশ বইতে লিপিবদ্ধ করে দায়িত্বপ্রাপ্ত কর্মী স্বাক্ষর করবেন এবং মোট আদায়কৃত অর্থ খাত ভিত্তিক সমিতির রেজুলেশন বইতে টাকার পরিমাণ অংক এবং কথায় লিখে স্বাক্ষর করবেন।

৯. সঞ্চয় ও ঋণের ঝুঁকি হ্রাস করার জন্য নিয়মিতভাবে সমিতির সদস্য ভিত্তিক কালেকশন শীট ও পাশবই এর মধ্যে ব্যালেন্সিং নিশ্চিত করতে হবে। যেহেতু সমিতি ভিত্তিক ঋণ কার্যক্রম, সেহেতু ঋণ আদায় নিশ্চিত করার জন্য সমিতির কার্যকরী কমিটিকে দায়বদ্ধ করতে হবে। সমিটিকে সচল রাখার জন্য সমিতির কার্যকরী কমিটির সদস্যদেরকে নিয়ে নিয়মিত বিরতীতে ওয়ার্কশপ করতে হবে।
১০. ঋণ বিতরণ জনিত ঝুঁকি হ্রাস করার জন্য সমিতির মাধ্যমে ঋণ প্রস্তাব, জামিনদার নির্বাচন এবং সমিতির সকল সদস্যর সম্মতি নিয়ে ঋণ প্রস্তাব অনুমোদন করা। ঋণ আবেদনকারী সদস্যর গৃহিত প্রকল্প, তার আয়-ব্যয়ের উৎস এবং সামাজিক অবস্থান নিশ্চিত করে ঋণের পরিমাণ নির্ধারণ করা। ঋণীর জামিনদারের সাথে সরাসরি কথা বলে ঋণ ফেরতের নিশ্চয়তা বা প্রত্যয়ন নেয়া। প্রকল্প ভিত্তিক গৃহিত ঋণ উক্ত প্রকল্পে বিনিয়োগ নিশ্চিত করানো এবং নিয়মিত বিরতীতে প্রকল্প পরিদর্শন করা।
১১. ব্রাঞ্চ ম্যানেজার কর্তৃক প্রতিদিন ২টি করে সমিতি মনিটরিং/inspection করবেন। বিশেষ করে সদস্য ভর্তি, ঋণ প্রস্তাব, ঋণ বিতরণ পরবর্তী ফলোআপ, সঞ্চয় আদায়, সঞ্চয় ফেরত বা উত্তোলন, ঋণ আদায়, অগ্রীম আদায়, রিবেট প্রদান এবং সঞ্চয় ও ঋণের ক্ষেত্রে কালেকশন সীট ও সদস্য পাশ বই এর ব্যালেন্সিং নিশ্চিত করে সদস্য পাশ বইতে স্বাক্ষর করবেন।
১২. প্রতিদিনের সমিতি ভিত্তিক সঞ্চয় ও ঋণের আদায়যোগ্য ও কালেকশন সীট অনুযায়ী আদায় সমিতি ভিত্তিক ডিসিআর এ পোস্টিং নিশ্চিত হয়েছে কি না এবং সেই অনুযায়ী ভাউচার করে ক্যাশ বুক তৈরী করা হয়েছে কি না তা যাচাই করে কালেকশন সীট, ডিসিআর এবং ক্যাশ বুক ব্রাঞ্চ ম্যানেজার কর্তৃক স্বাক্ষর ও অনুমোদন করা।
১৩. বকেয়া ব্যবস্থাপনার ক্ষেত্রে ঝুঁকি হ্রাস করার জন্য সুনির্দিষ্ট ভাবে বকেয়া পড়ার কারণ চিহ্নিত এবং দায়ী ব্যক্তি ও দায় নির্ধারণ করতে হবে। প্রতিদিন সৃষ্ট বকেয়া প্রতিদিন আদায় নিশ্চিত করার জন্য ব্রাঞ্চ ম্যানেজার কর্তৃক সদস্য ভিত্তিক মনিটরিং করে নিশ্চিত হতে হবে ব্যক্তিগত পর্যায়ে অথবা প্রযোজ্য ক্ষেত্রে টেলিফোনের মাধ্যমে।
১৪. বকেয়ার তালিকা তৈরী করা এবং বকেয়ার বয়স অনুসারে শ্রেণীকরণ করা এবং বকেয়া আদায়ের জন্য দিন ভিত্তিক, সমিতি ভিত্তিক পরিকল্পনা করে দায়িত্ব প্রদান ও দৈনিক ভিত্তিতে জবাবদিহীতা নিশ্চিত করা।
১৫. কোন চলতি বকেয়া যাতে কু-ঋণ না হয় তার জন্য নির্দিষ্ট ব্যক্তি ভিত্তিক এবং সময় ভিত্তিক পরিকল্পনা করে আদায় নিশ্চিত করা। কর্মীগণ বকেয়া আদায়ের জন্য বিকাল বা সন্ধ্যাকালীন ফিল্ডে যাচ্ছে, আদৌ বকেয়া সদস্যর কাছে যাচ্ছে কি না, বিএম কর্তৃক যথাযথ প্রক্রিয়ায় মনিটরিং ও ফলোআপ নিশ্চিত করতে হবে।
১৬. তহবিল ব্যবস্থাপনা ঝুঁকি হ্রাস করার জন্য দৈনিক ভিত্তিক ক্যাশফ্লো নির্ণয় করতে হবে। প্রতিদিনের কালেকশন ব্যাংকিং সময়ের মধ্যে অফিস তহবিলে জমা করা এবং প্রয়োজনে উদ্বৃত্ত অর্থ ব্যাংকে জমা নিশ্চিত করা। দিন শেষে ঝুঁকিপূর্ণ হাতে নগদ না রাখা। অদ্য দিনের হাতে নগদ পরবর্তী দিন প্রথমার্ধে ব্যাংকে জমা নিশ্চিত করা। কোন অবস্থায় অতিরিক্ত ব্যাংক ব্যালেন্স রাখা যাবে না।
১৭. সাপ্তাহিক ভিত্তিতে ক্যাশফ্লো করে চাহিদার অতিরিক্ত অর্থ প্রধান কার্যালয়ে ফেরত নিশ্চিত করতে হবে। কোনভাবেই তহবিল ঝুঁকিপূর্ণ ভাবে ব্যাংকে ফেলে রাখা যাবে না। তহবিল তহরুপের ঝুঁকি কমানোর জন্য কোন ফাঁকা চেকে স্বাক্ষর করা বা রাখা যাবে না। দৈনিক ব্যাংক রিকুইজেশন এর মাধ্যমে নেটিং পদ্ধতি অনুসরণ করে ব্যাংক থেকে টাকা উত্তোলন করতে হবে। বাহক চেক বা নগদ চেকের মাধ্যমে ঋণ বিতরণ বা বিল প্রদান করা যাবে না।
১৮. সম্পদ ও দায় ব্যবস্থাপনার ক্ষেত্রে ঝুঁকি কমানোর জন্য সকল প্রকার স্থায়ী সম্পদ লোকেশনসহ স্থায়ী সম্পদ রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। ব্রাঞ্চের সম্পদের মধ্যে সবচেয়ে বড় আয়বর্ধক সম্পদ হচ্ছে ঋণস্বত্তি। সুতরাং

ঋণস্থিতির নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রতিনিয়ত এবং নির্দিষ্ট বিরতিতে ব্যালেন্সিং করা এবং সাধারণ খতিয়ানের সাথে মিল করা। কোন অবস্থায় ব্যালেন্সিং ঘাটতি যাতে তৈরী না হয় তার জন্য নিয়মিত মনিটরিং ও সুপারভিশন করতে হবে।

১৯. দায় ব্যবস্থাপনার ক্ষেত্রে সঞ্চয় আদায়, ফেরত এবং ব্যালেন্স নিশ্চিত করতে হবে। প্রধান কার্যালয়ের তহবিল কোন ভাবে অলস ফেলে রেখে ঝুঁকি সৃষ্টি পরিহার করতে হবে। অলস তহবিল ব্যয় বৃদ্ধি করে এবং আর্থিক ঝুঁকি সৃষ্টি করে, এবং তহবিল তছরূপের মত ঘটনা বৃদ্ধি করে। বকেয়া সঠিক ব্যবস্থাপনা না করে পেন্ডিং রেখে কৃ-ঋণে পরিণত করে দায় সৃষ্টি করা এবং দায় নির্ধারণ না করে সংস্থার মূলধন loss করা যাবে না।
২০. কর্মী ব্যবস্থাপনার ক্ষেত্রে ঝুঁকি হ্রাস করার জন্য ব্রাঞ্চে কর্মরত সকল কর্মী/কর্মকর্তাদের ওরিয়েন্টেশন, প্রশিক্ষণ, সুনির্দিষ্ট করে দায়িত্ব বন্টন করতে হবে। স্টাফদের কাজের জন্য উপযুক্ত পরিবেশ নিশ্চিত করতে হবে। অফিস সময়সূচী নির্ধারণ করতে হবে। অতিরিক্ত অপ্রয়োজনীয় কাজ পরিহার করে অধিক রাত পর্যন্ত কাজ বন্ধ করতে হবে। নিয়মিত স্টাফ মিটিং করতে হবে এবং তাদের সুবিধা-অসুবিধার কথা শুনতে হবে। সমস্যা চিহ্নিত করে সমাধান করতে হবে। স্টাফদের দায়বদ্ধতা ও জবাবদিহীতা নিশ্চিত করতে হবে।
২১. স্টাফ প্রডাকটিভিটি সংক্রান্ত ঝুঁকি হ্রাস করার ক্ষেত্রে স্টাফদের মধ্যে সমহারে সক্ষমতা অনুযায়ী সমিতি এবং ঋণ পোর্টফোলিও বন্টন করতে হবে। কাউকে ওভার প্রডাকটিভিটি এবং কাউকে আন্ডার প্রডাকটিভিটি অবস্থায় রাখা যাবে না। প্রয়োজনের অতিরিক্ত স্টাফ রাখা যাবে না। স্টাফদের পোর্টফোলিও নিয়মিত পর্যালোচনা এবং হ্রাস বৃদ্ধি নিয়ে মিটিং করতে হবে। সব সময়ে নিয়ন্ত্রণযোগ্য আদর্শমান অনুযায়ী স্টাফ প্রডাকটিভিটি পরিচালনার দায়িত্ব দিতে হবে। সমিতির ক্লাস্টার পরিবর্তনের ক্ষেত্রে প্রডাকটিভিটি বন্টন প্রক্রিয়া অনুসরণ করে সমিতি বন্টন করতে হবে।
২২. আয়-ব্যয় ও লাভজনকতা সংক্রান্ত ঝুঁকি হ্রাস করার জন্য বাৎসরিক বিজনেস প্ল্যান অনুযায়ী দায়িত্ব বন্টন এবং প্ল্যান অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করণের জন্য নিয়মিত মনিটরিং এবং সুপারভিশন নিশ্চিত করতে হবে। সমিতি ভিত্তিক পরিকল্পনা অনুযায়ী সময়মত প্রতিটি সমিতির প্ল্যান বাস্তবায়ন করতে হবে। বাৎসরিক পরিকল্পনা অনুযায়ী ঋণ বিনিয়োগ এবং আদায় না হলে কাঙ্ক্ষিত আয় হবে না।
২৩. বাজেটে অনুমোদিত লাইন আইটেম অনুযায়ী ব্যয় করা। কোন অবস্থায় অতিরিক্ত ব্যয় করা যাবে না। প্রভিশনাল ব্যয় নিয়ন্ত্রণ করার জন্য ঋণ নতুন করে বকেয়া সৃষ্টি না করা এবং ইতোমধ্যে সৃষ্ট বকেয়া পরিকল্পনানুযায়ী আদায় নিশ্চিত করা।
২৪. নিয়মিতভাবে সাপ্তাহিক মিটিং এ বাজেট এবং প্ল্যান পর্যালোচনা করা এবং ঘাটতি নির্ণয় করা। ঘাটতির কারণ বের করা এবং ব্যক্তিভিত্তিক ও সময়ভিত্তিক পরিকল্পনা করে বাস্তবায়ন নিশ্চিত করা। প্রতিটি ব্রাঞ্চে লাভজনকভাবে পরিচালিত হচ্ছে কি না, প্রতিটি স্টাফ প্রডাকটিভি কি না, পোর্টফোলিও গ্রোথ স্বাভাবিক নিয়মে হচ্ছে কি না তা পর্যালোচনা করা এবং ব্রাঞ্চের লাভজনকতা বিশ্লেষণ করে কার্যক্রমের প্রডাক্ট সন্নিবেশ করা।
২৫. রিপোর্টিংগত ঝুঁকি হ্রাস করার জন্য যথা সম্ভব দ্রুত অটোমেটেড রিপোর্টিং ব্যবস্থা চালু করা। ম্যানুয়েল রিপোর্টিং পদ্ধতির ক্ষেত্রে প্রয়োজনের অতিরিক্ত রিপোর্টিং না রাখা। রিপোর্টিং গ্যাপ বা অসত্য রিপোর্ট যাতে না হয় তার জন্য কালেকশন শীট বেইজ এমআইএস এবং সাধারণ খতিয়ান বেইজ এফআইএস রিপোর্টিং করা এবং এমআইএস এবং এফআইএস রিপোর্ট ক্রস চেক করে স্বাক্ষর নিশ্চিত করে রিপোর্টিং কার্য সম্পাদন করা।
২৬. আর্থিক প্রতিবেদন সমূহ IAS/BAS অনুসরণ করা এবং নিয়মিত বিরতিতে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ থেকে নিরীক্ষা কার্য পরিচালনা করা।

২৭. মনিটরিং এবং সুপারভিশন সংক্রান্ত ঝুঁকি হ্রাস করার ক্ষেত্রে দায়িত্ব পৃথকীকরণ করা আবশ্যিক। মনিটরিং বিভাগের মাধ্যমে নিয়মিত মনিটরিং করা এবং অপারেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিত সুপারভিশন করা।
২৮. মনিটরিং এর ক্ষেত্রে ইনপুট লেভেল, প্রসেস লেভেল এবং রেজাল্ট বেইজ মনিটরিং করা। প্রতিটি ক্ষেত্রের মনিটরিং ফাইন্ডিংস এর সাথে আদর্শমানের ব্যবধান, তার কারণ, ব্যবধানের কারণের সাথে কে কে জড়িত এবং কার দায় কতটুকু তা প্রতিকারের সুপারিশ সহকারে প্রতিবেদন করে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা।
২৯. সুপারভিশনের মাধ্যমে চিহ্নিত সমস্যার সমাধান করা, দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া এবং প্রক্রিয়াগত ত্রুটি দূর করার জন্য ব্যক্তিভিত্তিক এবং সময়ভিত্তিক পরিকল্পনা করে বাস্তবায়ন নিশ্চিত করা। ব্যক্তি কর্তৃক সৃষ্ট দায় নির্ধারণ করে তা সমাধান করার ক্ষেত্রে ইফেকটিভ সুপারভিশনসহ নির্দিষ্ট ইনডেক্স এর উপর ভিত্তি করে সুপারভিশন নিশ্চিত করা।
৩০. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার ক্ষেত্রে সৃষ্ট ঝুঁকি হ্রাস করার ক্ষেত্রে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালী করা আবশ্যিক। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় প্রত্যেক স্তরের ব্যবস্থাপনা, সকল কার্যক্রমের পলিসি/নীতিমালা, নির্দেশিকা সুনির্দিষ্ট করে অনুমোদিত আকারে সংকলন করে সকল স্তরের কর্মী/কর্মকর্তাদের প্রদান করা এবং তা অনুসরণ ও প্রতিপালন নিশ্চিত করা।
৩১. প্রত্যেকটি স্তর ব্যবস্থাপনায় দায়িত্ব, কর্তব্য ও অর্পিত ক্ষমতা সুনির্দিষ্ট করে পৃথকীকরণ করা। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার আওতায় প্রত্যেকটি স্তরের দায়-দায়িত্ব নির্ধারণ করা এবং কে কার কাছে রিপোর্টেবল তা সুনির্দিষ্ট করা। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় নিয়মিত স্টাফ মিটিং, সমন্বয় মিটিং, পারফরমেন্স মিটিং এর মাধ্যমে দায়বদ্ধতা এবং জবাবদিহীতা নিশ্চিত করে ঝুঁকি হ্রাস করার ব্যবস্থা নেয়া।
৩২. সকল ক্ষেত্রে কমপ্লাইয়েন্স লিস্ট করা এবং তা সকল স্তরের কর্মী/কর্মকর্তাদের অফিস স্মারক এর মাধ্যমে প্রেরণ করা। কোন নন-কমপ্লাইয়েন্স ইস্যু তৈরী করলে তার দায় দায়িত্ব নির্ধারণ ও শাস্তির আওতায় আনার বিধান চালু করা এবং তার বাস্তবায়ন নিশ্চিত করে ঝুঁকি হ্রাস করার ব্যবস্থা নেয়া।
৩৩. মানব সম্পদ ব্যবস্থাপনার ক্ষেত্রে ঝুঁকি হ্রাস করার জন্য মানব সম্পদ ব্যবস্থাপনা পলিসি হালনাগাদ করা আবশ্যিক। মানব সম্পদ ব্যবস্থাপনা পলিসির আওতায় চাকুরী বিধিমালা পৃথকীকরণসহ নিয়োগ, পদোন্নতি, পোস্টিং, বদলী, বরখাস্ত, রিডানডেন্ট বিধিমালা অনুমোদিত থাকা।
৩৪. মানব সম্পদ ব্যবস্থাপনার আওতায় অপারেশনের চাহিদা মোতাবেক কর্মী/কর্মকর্তা নিয়োগ ও পোস্টিং দেয়া। কর্মী/কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য নিয়মিতভাবে ওরিয়েন্টেশন ও প্রশিক্ষণ প্রদান করা।
৩৫. ফিল্ড পর্যায়ে স্টাফদের ক্ষেত্রে কি কি ঝুঁকি আছে, তাদের জব লোড বিশ্লেষণ করা, কাজের ক্ষেত্রে অনুকূল পরিবেশ সৃষ্টি করা। কর্মী/কর্মকর্তাদের বাৎসরিক কর্ম মূল্যায়ন করা এবং ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করা। সকল কর্মী/কর্মকর্তার ব্যক্তিগত ডাটা বেইজ তৈরী করা।
৩৬. কোন অবস্থায় ব্রাঞ্চ পর্যায়ে কর্মী/কর্মকর্তা ঘাটতি না রাখা। কর্মী/কর্মকর্তাদের শৃঙ্খলা ভঙ্গের বিরুদ্ধে যথাযথ শাস্তির ব্যবস্থা এবং সফল পারফরমারদের জন্য পুরস্কার প্রদান চালু করা। চাকুরী শেষে ফাইনাল পেমেন্ট এর ক্ষেত্রে জটিলতা দূর করা।
৩৭. আর্থিক ব্যবস্থাপনার ক্ষেত্রে ঝুঁকি হ্রাস করার জন্য অটোমেটেড এফআইএস ব্যবস্থা চালু করা। IAS/BAS এর আলোকে আর্থিক নীতিমালা তৈরী করে অনুমোদন নেয়া। আর্থিক নীতিমালার আলোকে কমপ্লাইয়েন্স লিস্ট তৈরী করে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে অফিস স্মারক প্রেরণ করা। নন-কমপ্লাইয়েন্স ইস্যু তৈরীর ক্ষেত্রে শাস্তির বিধান চালু করা।

৩৮. নিয়মিত ক্যাশফ্লো ম্যানেজমেন্ট করা। চাহিদা মাফিক ফিল্ডে তহবিল সরবরাহ নিশ্চিত করা। অপরিবর্তিত ভাবে ফিল্ড থেকে তহবিল উত্তোলন না করা। নিয়মিতভাবে হিসাব প্রস্তুত ও সংরক্ষণ করা। প্রস্তুতকৃত আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করা এবং ফিল্ডে ফিডব্যাক প্রদান করা।
৩৯. আর্থিক প্রতিবেদন অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক নিরীক্ষা করানো এবং প্রতি আর্থিক বছর শেষে বহিঃ নিরীক্ষক ফার্ম দ্বারা নিরীক্ষা কার্য সম্পাদন করানো এবং প্রতিবেদন সমূহ বিধিবদ্ধ সংস্থা সমূহে প্রেরণ নিশ্চিত করা।
৪০. আর্থিক শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য ক্যাশ এবং ব্যাংক ব্যবস্থাপনার উপর পরিপত্র জারি করা। আর্থিক বছর শেষে হিসাব কার্য সম্পাদন করার জন্য জুন ক্লোজিং নির্দেশিকা প্রস্তুত ও অনুমোদন নিয়ে ফিল্ডে প্রেরণ নিশ্চিত করা।
৪১. নিরীক্ষা কার্যক্রমের ক্ষেত্রে ঝুঁকি হ্রাস করণে অনুমোদিত অভ্যন্তরীণ নিরীক্ষা নীতিমালা থাকা আবশ্যিক। ব্রাঞ্চেঞ্জ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে নিয়মিত বিরতীতে নিরীক্ষা কার্য সম্পাদন করা। কার্যক্রমের নন-কমপ্লাইয়েন্স ইস্যু চিহ্নিত করা। নন-কমপ্লাইয়েন্স ইস্যুর জন্য দায়ী ব্যক্তি চিহ্নিত করা ও তার দায় নির্ধারণ করে ব্যবস্থা নেয়া।
৪২. আর্থিক ব্যবস্থাপনার আওতায় সম্পদ ও দায় ব্যবস্থাপনার ক্ষেত্রে ঘাটতি বা অনিয়ম চিহ্নিত করা। ব্রাঞ্চেঞ্জ সমিতিভিত্তিক সদস্য অনুযায়ী সঞ্চয় ও ঋণের ব্যালেন্সিং নিশ্চিত করা।
৪৩. অভ্যন্তরীণ নিরীক্ষার আওতায় কার্যক্রম সংক্রান্ত অসংগতি এবং ব্যবস্থাপকীয় অসংগতি উল্লেখপূর্বক প্রতিবেদন ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট দাখিল করা। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করে অনিয়মের ধরণ ভেদে শুনানিসহ শাস্তির ব্যবস্থা অথবা অসংগতি রেকটিফাই করার জন্য নির্দেশনা প্রদান করে অফিস আদেশ দেয়া।
৪৪. বহিঃনিরীক্ষক ফার্ম দ্বারা অর্থ বছর শেষে নিরীক্ষা কার্য সম্পাদন করে ম্যানেজমেন্ট রিপোর্টসহ মতামত নেয়া এবং হিসাব ব্যবস্থাপনার সংশোধন বা রিকটিফিকেশন আনয়ন করা। বহিঃনিরীক্ষার মাধ্যমে রেগুলেটরী ঝুঁকি হ্রাস করা।
৪৫. অফিস ব্যবস্থাপনাগত ঝুঁকি হ্রাস করার জন্য করণীয় হিসাবে যে সকল কার্য সম্পাদন করা প্রয়োজন হবে;
১. ব্রাঞ্চেঞ্জ কর্ম এলাকা নির্ধারণ এবং প্রয়োজনীয় তথ্যাবলী সংগ্রহ, সংরক্ষণ ও তার ব্যবহার করা।
 ২. অফিস ব্যবস্থাপনার সময়সূচী নির্ধারণ করা ও বাস্তবায়ন নিশ্চিত করা। কর্মী/কর্মকর্তাদের স্বচ্ছতা, দায়বদ্ধতা, জবাবদিহীতা নিশ্চিত করার জন্য নিয়মিত, সাপ্তাহিক এবং মাসিক মিটিং করা।
 ৩. বাৎসরিক বিজনেস প্ল্যান ও বাজেট অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বিজনেস প্ল্যানের কৌশল বিষয়ে সকলকে ওরিয়েন্টেশন প্রদান এবং নিয়মিত অগ্রগতি পর্যালোচনা করা।
 ৪. সকল কর্মকর্তা ও কর্মীদের পারফরমেন্স, প্রডাকটিভিটি নিয়মিত পর্যালোচনা করা এবং আদর্শমানের প্রডাকটিভিটি নিশ্চিত করা। এক্ষেত্রে ওভার স্টাফিং এবং আন্ডার স্টাফিং পরিহার করা। সকল স্টাফদের প্রশিক্ষণ, ওরিয়েন্টেশন প্রদান করাসহ সুষম ভাবে দায়িত্ব বন্টন করা।
 ৫. ব্রাঞ্চেঞ্জ কার্যক্রম সুপারভিশন, মনিটরিং এবং নিরীক্ষায় প্রাপ্ত পর্যবেক্ষণ সমূহের আলোকে চিহ্নিত সমস্যা, দুর্বলতা ও ঝুঁকির দ্রুত সমাধান করা।
 ৬. সকল পর্যায়ে পলিসী, নীতিমালা, গাইডলাইন, নির্দেশিকা অনুসরণ ও প্রতিপালন নিশ্চিত করা। সকল নীতিমালার আলোকে কমপ্লাইয়েন্স লিস্ট করা এবং নন-কমপ্লাইয়েন্স ইস্যু পরিহার করা।
 ৭. সমিতি ব্যবস্থাপনার আওতায় সমিতির কর্ম এলাকা নির্ধারণ করা এবং জরিপ কার্য সম্পাদন করে ভর্তিযোগ্য সদস্যর তালিকা তৈরী করা এবং উক্ত তালিকার বাহির থেকে সদস্য ভর্তি না করা।

৮. কালেকশন শীট, সদস্য পাশ বই নিয়মিত ব্যালেন্সিং করা এবং ঘাটতি থাকলে দায় নির্ধারণ করে দ্রুত নিষ্পত্তি করা।
৯. কালেকশন শীট নিয়মিত চেক করা এবং ডিসিআর এ আদায়কৃত টাকা জমা নিশ্চিত করা। কালেকশন শীটে সিএম/বিও-লোন, বিও-হিসাব, এবং বিএম প্রতিদিন শেষে স্বাক্ষর করা বাধ্যতামূলক।
১০. ব্রাঞ্চ পর্যায়ে সকল নথিপত্র আপ টু ডেট রাখা। এমআইএস এবং এফআইএস প্রতিবেদন যথাযথভাবে প্রস্তুত ও সংরক্ষণ করা।
১১. ব্রাঞ্চের সম্পদ ও দায় ব্যবস্থাপনা নিশ্চিত করা। কোন বকেয়াকে কু-ঋণে পরিণত না করা। বকেয়ার কোন কেইস পেন্ডিং না রাখা। ব্রাঞ্চের আয়-ব্যয় পর্যালোচনা করা এবং লাভজনকভাবে ব্রাঞ্চ পরিচালনা করা।
১২. ব্রাঞ্চ কাজের অনুকূল পরিবেশ সৃষ্টি করা। সকল কর্মীদের আবাসন, ডাইনিং, অফিসে বসার স্থান থাকা এবং অধিক রাত্র পর্যন্ত কাজ করা পরিহার করা।

২৩। ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় প্রধান প্রধান মনিটরিং ইস্যু সমূহঃ

মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের ক্ষেত্রে পরিচালনাগত ঝুঁকি হ্রাস করার ক্ষেত্রে মনিটরিং একটি গুরুত্বপূর্ণ বিষয়। যথাযথ প্রক্রিয়ায় মনিটরিং সম্পাদন করলে কার্যক্রমের ঝুঁকি সমূহ চিহ্নিত করা যায়, কার কারণে ঝুঁকি সৃষ্টি হয়েছে, ঝুঁকির ফলাফল এর ভয়াবহতা নিরূপন করা যায়, এবং সম্ভাব্য ঝুঁকির চিত্র পাওয়া যায়। মনিটরিং রিপোর্টের মাধ্যমে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংগঠিত ঝুঁকিসমূহ এবং সম্ভাব্য ঝুঁকি ও তার কারণ জানতে পারে এবং সঠিক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে ঝুঁকি হ্রাস করার ব্যবস্থা নিতে পারে। ঋণ কার্যক্রমের আওতায় প্রধান প্রধান মনিটরিং ক্ষেত্র সমূহ;

১. সমিতি ব্যবস্থাপনার ক্ষেত্রে কালেকশন শীট বেইজ মনিটরিং করা।
২. সঞ্চয় ও ঋণ ব্যবস্থাপনার ক্ষেত্রে সঞ্চয় আদায়, ফেরত, উত্তোলন, ঋণ প্রস্তাবনা অনুমোদন, বিতরণ, আদায় ও আদায়যোগ্য এর উপর মনিটরিং করা।
৩. বকেয়া ব্যবস্থাপনার উপর willing to pay or unwilling to pay উপর ভিত্তি করে মনিটরিং করা।
৪. সম্পদ ও দায় ব্যবস্থাপনার আলোকে ব্যালেন্সিং, রিপোর্টিং এবং নথিপত্র সংরক্ষণের উপর মনিটরিং করা।
৫. বিজনেস প্ল্যান এর আলোকে লক্ষ্যমাত্রা ও অর্জন, আয়-ব্যয়, লাভ-লোকসান এবং বাজেটের কন্ট্রোল এর উপর মনিটরিং করা।
৬. কর্মী ব্যবস্থাপনার আলোকে কর্মীদের পারফরমেন্স, প্রডাক্টিভিটি, দায়িত্ব বন্টন, দায়বদ্ধতা ও জবাবদিহীতার উপর মনিটরিং করা।
৭. পোর্টফলিও ব্যবস্থাপনার উপর OTR, YRR, PAR, APO এবং প্রডাক্টিভিটি সূচকের আলোকে পোর্টফলিওর গুণগত মানের উপর ভিত্তি করে মনিটরিং করা।
৮. কার্যক্রমের ক্ষেত্রে লগ ফ্রেম এর আওতায় ইনপুট লেভেল, প্রসেস লেভেল, আউটপুট লেভেল এর উপর ভিত্তি করে রেজাল্ট বেইজ মনিটরিং করা।
৯. ব্যবস্থাপনা কাঠামোর আলোকে সুপারভিশন লেভেলে মনিটরিং করা।
১০. তহবিল ব্যবস্থাপনার আলোকে তহবিলের চাহিদা, ব্যবহার, অলস তহবিল পড়ে থাকা, নগদ তহবিল এবং ব্যাংক স্থিতির উপর মনিটরিং করা।
১১. এমআইএস এবং এফআইএস এর উপর ভিত্তি করে সম্পদ ও দায় ব্যবস্থাপনার উপর মনিটরিং করা।
১২. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার উপর ভিত্তি করে স্তর ব্যবস্থাপনার দায়িত্ব, দায় বদ্ধতা, জবাবদিহীতার উপর মনিটরিং করা।
১৩. মানব সম্পদ ব্যবস্থাপনার উপর মনিটরিং করা।
১৪. আর্থিক ব্যবস্থাপনার উপর মনিটরিং করা।
১৫. নিরীক্ষা কার্যক্রমের পর্যবেক্ষণসমূহের আলোকে মনিটরিং করা।
১৬. অফিস ব্যবস্থাপনার উপর ভিত্তি করে মনিটরিং করা।
১৭. ব্যালেন্সিং প্রতিবেদনের আলোকে মনিটরিং করা।

১৮. Compliance issue এৰ আলোকে Non compliance issue বেইজ মনিটরিং করা।

১৯. Field Inspection report, AM/ZM/DM দেৰ মাসিক প্রতিবেদন, মিটিং মাইনুটস্ এৰ আলোকে মনিটরিং করা।

২০. Record keeping, documentation, preservation and filling base monitoring করা।

২৪। উপসংহার:

Compliance & Risk Management বাস্তব ভিত্তিক অভিজ্ঞতার আলোকে প্রণয়ন করা হয়েছে। মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠান প্রতিনিয়ত বিভিন্ন ধরনের ঝুঁকি মোকাবেলা করছে যাহা প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদী স্থায়ীত্বশীলতার জন্য হুমকি হিসাবে দেখা দিচ্ছে। ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষেত্রে সঠিক সিদ্ধান্ত গ্রহণ, কি পরিমাণ ঝুঁকি টলারেট করা যাবে, উদ্বুদ্ধ ঝুঁকি কিভাবে মিটিংগেট এবং Manage করা যাবে সেটা একটা বড় challenge হিসাবে দেখা দেয়। সুষ্ঠু ব্যবস্থাপনা অনেকাংশে ঝুঁকি হ্রাস করতে মুখ্য ভূমিকা পালন করে থাকে। সুষ্ঠু ঝুঁকি ব্যবস্থাপনা মার্কেটে গ্রহণযোগ্যতা বৃদ্ধিসহ নতুন নতুন বিনিয়োগের ক্ষেত্রে সুযোগ সৃষ্টি করে যাহা সংস্থার প্রবৃদ্ধি অর্জনে সহায়ক ভূমিকা পালন করে। দুর্বল ঝুঁকি ব্যবস্থাপনা বিনিয়োগকারী, দাতা সংস্থা, ঋণ গ্রহীতা এবং সঞ্চয়কারীদের কনফিডেন্স নষ্ট করে দিতে পারে যার ফলে সংস্থার আর্থিক প্রবাহে বিঘ্নতা সৃষ্টি হতে পারে। মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের আওতায় সঞ্চয় ও ঋণ কার্যক্রমের ক্ষেত্রে উপরোক্ত Compliance & risk management ছাড়াও আরও অনেক ইস্যু রয়েছে। যে সকল ইস্যু সমূহ এখানে বর্ণিত হয়নি, সেক্ষেত্রে সংস্থার অনুমোদিত নীতিমালা, নির্দেশিকা, অফিস স্মারক এর মাধ্যমে প্রদত্ত সিদ্ধান্তের ক্ষেত্রে প্রতিপালনীয় এবং অনুসরণযোগ্য হবে। অন্যদিকে Funding agency এর শর্ত সমূহ অনুসরণ ও প্রতিপালনীয় ইস্যু হিসাবে বিবিচিত হবে। সঞ্চয় ও ঋণ কার্যক্রমের ক্ষেত্রে Compliance & Risk management সমূহ সকল স্তরে অনুসরণ ও প্রতিপালন করা একান্ত আবশ্যিক হবে। কোন স্তর থেকে Non-Compliance issue সৃষ্টি করা কাম্য নয়। সংস্থার আর্থিক ক্ষতির কারণ হয় এমন কোন ইস্যু কোন স্তর থেকে সৃষ্টি করা হলে তার দায়-দায়িত্ব নির্ধারণ করে সমাধান করার আবশ্যিকতা রয়েছে।

মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠান অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার মাধ্যমে ঋণ এবং তারল্য ঝুঁকি, বাজার এবং মূল্য জনিত ঝুঁকি, পরিচালনাগত ঝুঁকি, কমপ্লাইয়েন্স ইস্যুসহ আইনগত ঝুঁকি সমূহ যথাযথ মনিটরিং, সুপারভিশন, মূল্যায়ন, সঠিক রিপোর্টিং এবং শক্তিশালী ঋণ কালচার প্রতিষ্ঠার মাধ্যমে ঝুঁকি হ্রাস করতে পারে। ঝুঁকি বিশ্লেষণ এর পরিমাপ করার মাধ্যমে প্রতিষ্ঠানের জন্য বাজারে প্রবেশাধিকার সুযোগ, চলমান অপারেশনকে শক্তিশালী করা এবং প্রতিযোগিতামূলক বাজারে গ্রহণযোগ্য প্রডাক্ট এবং সার্ভিসেস ভোক্তাকে সরবরাহ নিশ্চিত করতে সক্ষম হবে। Compliance & risk management প্রাথমিক ধারণা হিসাবে সঞ্চয় ও ঋণ কার্যক্রমে কোন কোন ক্ষেত্রে কি ভাবে ঝুঁকি সৃষ্টি করছে এবং সৃষ্ট ঝুঁকির ফলে কি ধরনের প্রভাব বা সম্ভাব্য ঝুঁকির ফলাফল কি হতে পারে তার উপর অধিক গুরুত্ব আরোপ করা হয়েছে। Compliance & risk management প্রতিনিয়ত update করে সমৃদ্ধ করা হবে। Compliance & risk management এর আলোকে সকল স্তরের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ থেকে মনিটরিং এবং সুপারভিশন করলে মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের গুণগতমান উন্নয়ন সহ ঝুঁকি হ্রাস পাবে এবং সকল স্তরের দায়-বদ্ধতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সহজ হবে।

-----সমাপ্ত-----